The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 904 | 09 January 2026 | শুক্রবার ২৫ পৌষ অগ্রহায়ণ ১৪৩২


Queens Dems nominate DSA-backed Diana Moreno to succeed Mamdani
→ Page 19

ICC told Bangladesh to play in India or risk forfeiting points
→ Page 18


Pakistan confirms talks with Bangladesh on potential defence pact, JF-17 jet sale
→ Page 19


Niger, Burkina Faso and Mali call to cancel all visas for Americans
→ Page 18

# মার্কিন দূরবীনে সংসদ নির্বাচন

## টার্গেট কিলিং আইনশৃঙ্খলার জন্য বড় চ্যালেঞ্জ

মাসুদ করিম, *ঢাকা থেকে*



বাংলাদেশের আগামী নির্বাচন মার্কিন যুক্তরাষ্ট্রের দূরবীনের সামনেই থাকছে। সিনেটের অনুমোদনের পর নতুন রাষ্ট্রদূত ব্রেন ক্রিস্টেনসেন আগামী ১১ জানুয়ারি, রোববার ঢাকায় পৌঁছুবেন। এর আগেই ওয়াশিংটনে বাংলাদেশের অন্তর্বর্তীকালিন সরকারের প্রভাবশালী নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন-এর সঙ্গে একান্তে সাক্ষাৎ করেন। সূত্র জানিয়েছে, এই সাক্ষাৎ পর্বটি ছিল বেশ কয়েকদিনের প্রস্তুতির ফল। তাঁরা নিজেদের মধ্যে বাংলাদেশের আগামী নির্বাচন নিয়ে আলোচনা করেন। কে এই ব্রেন ক্রিস্টেনটেন? যিনি বাংলাদেশের বহুল আলোচিত নির্বাচনের আগে দায়িত্ব নিচ্ছেন। ২০১৯ থেকে ২০২১ সাল পর্যন্ত ঢাকায় মার্কিন দূতাবাসে রাজনৈতিক ও অর্থনৈতিক বিষয়ক কাউন্সিলর হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনকারী ব্রেন ক্রিস্টেনসেনকে এবার যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে ঢাকায় পাঠানো হচ্ছে। পেশাদার কূটনীতিক হিসেবে তাঁর খ্যাতি রয়েছে। তিনি ঢাকায় পৌঁছেই বাংলাদেশের প্রধান রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করবেন বলে জানা যায়। তবে নির্বাচনের আগে ঢাকাসহ বিভিন্ন জেলায় রাজনৈতিক সহিংসতা ও টার্গেট কিলিং আইনশৃঙ্খলার জন্য খুব বড় চ্যালেঞ্জ বলে ধারণা করা এরপর ১৪ পৃষ্ঠায়


**মোহাম্মদ উল্লাহ**
বাস্তবতা অনুধাবন করবেন


**ড. সিদ্দিকুর রহমান**
ওরা তো রাজাকারের বাচ্চা


**আনোয়ার হোসেন মঞ্জু**
চাঁদাবাজি বন্ধে জিরো টলারেন্স


**হাসান ফেরদৌস**
তারেকের প্রত্যাবর্তন আশার জন্ম দিয়েছে


**জিল্লুর রহমান জিল্লু**
তারেক রহমান আলোকিত বাংলাদেশ গড়বেন

# তারেককে নিয়ে প্রবাসীরা কি ভাবছেন

আজকাল রিপোর্ট

১৭টি বছরের নির্বাসিত জীবনের অবসান ঘটিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরলেন। হাজার হাজার নিরাপত্তা বাহিনীর নজরদারিতে এই রাজকীয় প্রত্যাবর্তন দেখার জন্য অর্ধকোটি মানুষ ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করেছে। দেখতে চেয়েছে একনজর। বীর মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান ও আপোষহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রক্ত তার দেহে প্রবাহিত। অবর্ণনীয় নির্যাতন ও মৃত্যুর দরজা থেকে ফিরে এসেছিলেন ২০০৮ সালে। চিকিৎসার জন্য লন্ডনে গেলেও তার ফিরে আসার পথ করা হয়েছিল রুদ্ধ। রাজনৈতিক নির্বাসনে কাটাতে হয়েছে ১৭টি বছর। এরমধ্যে হারিয়েছেন একমাত্র ছোট ভাই কোকোকে। তার লাশটিও দেখতে আসতে পারেন নি। দেশে ফেরার এক সপ্তাহের মাথায় মা খালেদা জিয়াকে হারিয়েছেন। নির্বাচনকে কেন্দ্র করে নিজ দলের এরপর ১৪ পৃষ্ঠায়

## সরকারি সহায়তা নেয় অর্ধেকের বেশি বাংলাদেশিরা: ট্রাম্প

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশি অভিবাসী পরিবারগুলোর প্রায় ৫৪ শতাংশই বিভিন্ন ধরনের সরকারি সহায়তা গ্রহণ করে। এরমধ্যে হেলথ ইনস্যুরেন্স,হাউজিং, ফুড স্ট্যাম্প ও স্ন্যাপ অন্যতম। এমন তথ্য প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রোববার ৪ জানুয়ারি নিজের সামাজিক যোগাযোগমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ এক পোস্টে ট্রাম্প যুক্তরাষ্ট্রে বসবাসরত বিদেশে জন্ম নেওয়া অভিবাসী পরিবারগুলোর মধ্যে কত শতাংশ পরিবার সরকারি সহায়তা পায়, তার একটি পরিসংখ্যান তুলে ধরেন। তবে রহস্যজনক কারনে ভারত ও ইজরাঈলের তথ্য তুলে ধরেননি। দায়িত্বশীল সুত্রে জানা গেছে, বেনিফিট গ্রহনের ক্ষেত্রে ইজরাঈলের অধিবাসীরা সবচেয়ে বেশি আমেরিকান বেনিফিট গ্রহন করছেন। এরপর ১৪ পৃষ্ঠায়

এসেমব্লি ডিস্ট্রিক্ট-৩৬ এর বিশেষ নির্বাচন ৩ ফেব্রুয়ারি

## বাংলাদেশি প্রতিনিধি সময়ের দাবি : মেরি আমিই পার্টির মনোনয়ন পেয়েছি: ডিয়ানা

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক এসেমব্লি ডিস্ট্রিক্ট-৩৬ এর বিশেষ নির্বাচন আগামী ৩ ফেব্রুয়ারি। জোহরান মামদানি নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হওয়ায় এ আসনটি শূন্য হয়েছে। এস্টোরিয়া ও লং আইল্যান্ড সিটির বড় একটি অংশ নিয়ে এ নির্বাচনী এলাকা। এ শুন্য আসনে নির্বাচন করছেন ৪ জন প্রার্থী। ডেমোক্র্যাটিক পার্টি মনোনয়ন দিয়েছে ইকুয়েডেরিয়ান আমেরিকান ডিয়ানা মরনোকে। অন্য ২জন প্রার্থী ডেমোক্র্যাট হলেও দলীয় মনোনয়ন পাননি। তারা লড়ছেন স্বতন্ত্র হিসেবে। তারা হলেন এরপর ৩৪ পৃষ্ঠায়


### মেরি জোবায়দা

**আজকাল : আপনার ক্যাম্পেইন কেমন চলছে?**

**মেরি :** আমরা আশাবাদী। ভেরি পজিটিভ। আমাদের স্ট্রং গ্রাউন্ড রয়েছে। নেবর টু নেবর আমাদের কাজ চলছে। প্রতিদিন ১০টি টিম আমার জন্য বিভিন্ন এলাকায় কাজ করছেন। গ্রেট টিম। প্রচুর পরিশ্রম। ডোর টু ডোর ক্যাম্পেইন। ভোটারদের সাথে আমার রয়েছে সরাসরি যোগাযোগ। ৩ যুগেরও বেশি সময় ধরে এই এলাকার মানুষের সাথে রয়েছি। এবার প্রতিদান পাব ইনশাল্লাহ। আর আমার প্রধান প্রতিদ্বন্দ্বিতো এরপর ৩৪ পৃষ্ঠায়


### ডিয়ানা মরনো

**আজকাল : আপনার ক্যাম্পেইন কেমন চলছে?**

**ডিয়ানা :** গ্রেট। খুব ভাল। ব্যাপক সাড়া পাচ্ছি। কালো ,সাদা ও ব্রাউন সকল মহলে আমার সর্মথন রয়েছে। সবচেয়ে খুশির খবর হচ্ছে গত সোমবার ৫ জানুয়ারি কুইন্স ডেমোক্র্যাটিক পার্টি আনুষ্ঠানিকভাবে নিউইয়র্ক স্টেট এসেমব্লি ডিস্ট্রিক্ট ৩৬ এ প্রার্থী হিসেবে আমাকে মনোনয়ন দিয়েছে। ব্যালটে আমার নামই শুধু ডেমোক্র্যাটিক লাইনে থ াকবে। এই মনোনয়ন প্রদানে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন কুইন্স এরপর ৩৪ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
Contact Us
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416




# এনওয়াই সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাবের অভিষেক শনিবার

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বর্ণাঢ্য আয়োজনে যাত্রা শুরু করতে যাচ্ছে প্রথম আন্তর্জাতিক বিজনেস ও ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাব 'এনওয়াই সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাব'। নবগঠিত এ সংগঠনে 'গ্রান্ড অভিষেক সেরেমনি' অনুষ্ঠান আগামী ১০ জানুয়ারি, শনিবার সন্ধ্যা ৬ টায় নিউইয়র্ক লাগোর্ডিয়া এয়ারপোর্ট ম্যারিয়টে অনুষ্ঠিত হবে। লায়ন্স ডিস্ট্রিক্ট-২০ আর-২ এর অধীন নতুন এ লায়ন্স ক্লাবের অভিষেক অনুষ্ঠানের আহ্বায়ক হিসেবে রয়েছেন লায়ন আহসান হাবীব, সদস্য সচিব লায়ন অনিক রাজ। তারুণ্য নির্ভর 'এনওয়াই সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাব'-এর প্রেসিডেন্ট হিসেবে থাকছেন লায়ন সাদমান এরপর ৩৪ পৃষ্ঠায়

# মুক্তধারার বইমেলা আগামী ২২-২৫ মে

আজকাল রিপোর্ট

মুক্তধারা ফাউন্ডেশনের আয়োজনে নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলার পঁয়ত্রিশতম আসর (২০২৬) আগামী ২২ থেকে ২৫ মে পর্যন্ত নিউইয়র্কের জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে অনুষ্ঠিত হবে। মেলার আহ্বায়ক নির্বাচিত হয়েছেন বিশিষ্ট অর্থনীতিবিদ ড. নজরুল ইসলাম।

গত ৩ জানুয়ারি মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. জিয়াউদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির ভার্চুয়াল সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ড. নজরুল ইসলাম ২০১৯ সালেও তিনি সাফল্যের সঙ্গে নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলার আহ্বায়কের দায়িত্ব পালন করেছিলেন।

আহ্বায়ক হিসেবে মনোনীত হওয়ার পর এক বার্তায় ড. নজরুল ইসলাম ২০২৬ সালের পঁয়ত্রিশতম নিউইয়র্ক আন্তর্জাতিক এরপর ১৪ পৃষ্ঠায়

# বাংলাদেশিদের রেমিট্যান্সের ওপর ট্যাক্স আরোপ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে বসবাসরত অন্যান্য দেশের অভিবাসীদের মতো বাংলাদেশি অভিবাসিদের ওপর রেমিট্যান্স ট্যাক্স আরোপ করা হয়েছে। দেশে কোন রেমিট্যান্স পাঠালে শতকরা ১ শতাংশ হারে ট্যাক্স দেওয়া এখন বাধ্যতামূলক। তবে নিজের নামের চেক দিয়ে পাঠালে ছাড় পাওয়ার বিধান রাখা হয়েছে। ডেবিট কার্ড থেকে পাঠালে ০.৮৫ শতাংশ ট্যাক্স কাটার বিধান রাখা হয়েছে। যুক্তরাষ্ট্র সরকারের এই সিদ্ধান্ত ইতোমধ্যে



কার্যকর হয়েছে। গত ১ জানুয়ারি ২০২৬ থেকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের স্বাক্ষরিত ওয়ান বিগ বিউটিফুল বিল-এর আওতায় এই ট্যাক্স কার্যকর হয়েছে। নতুন কর ব্যবস্থার ফলে যুক্তরাষ্ট্র থেকে বিদেশে অর্থ পাঠানোর সময় নির্দিষ্ট কিছু লেনদেনে ১ শতাংশ অতিরিক্ত কর দিতে হচ্ছে এবং আদায়কৃত কর সরাসরি যুক্তরাষ্ট্রের ট্রেজারিতে জমা হবে। এই করের আনুষ্ঠানিক নাম এক্সসাইজ ট্যাক্স অন রেমিট্যান্স ট্রান্সফারস। এটি মূলত মার্কিন নাগরিক, গ্রিনকার্ডধারী, বিদেশি শিক্ষার্থী এবং অন্যান্য অভিবাসীদের আন্তর্জাতিক অর্থ প্রেরণের ওপর প্রযোজ্য হবে। প্রাথমিকভাবে এই ট্যাক্সের হার ৫ শতাংশ প্রস্তাব করা হলেও বিভিন্ন ধাপে তা কমিয়ে ১ শতাংশে নির্ধারণ করা হয়েছে।

নতুন রেমিট্যান্স ট্যাক্স ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ দিক হলো, সব ধরনের রেমিট্যান্স এই ট্যাক্সের আওতায় পড়বে না। ব্যাংক অ্যাকাউন্ট, আর্থিক প্রতিষ্ঠান, ডেবিট কার্ড ব্যবহার করে পাঠানো অর্থ করমুক্ত থাকবে। অন্যদিকে নগদ অর্থ, মানি অর্ডার, ক্যাশিয়ার্স চেক বা অনুরূপ কাগজভিত্তিক পেমেন্টের মাধ্যমে পাঠানো অর্থের ওপর ১ শতাংশ কর ধার্য হবে। ১ জানুয়ারি থেকে রেমিট্যান্স এরপর ৪৭ পৃষ্ঠায়

# জেএমসির নতুন কমিটির পরিচিতি

আজকাল রিপোর্ট

দায়িত্বভার গ্রহণের পর জ্যামাইকা মুসলিম সেন্টারের নতুন কমিটির (২০২৬-২০২৭) আল-মামুর মসজিদে মুসল্লিদের সঙ্গে পরিচিত হয়েছেন গত ২ জানুয়ারি শুক্রবার জুমার নামাজের সময়। তারা জেএমসি পরিচালনায় মুসল্লিদের সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান। নতুন সাধারণ সম্পাদক মো. ফখরুল ইসলাম দেলোয়ারের সঞ্চালনায় বিদায়ী সভাপতি ডা. মোহাম্মদ মাহমুদুর রহমান নতুন কর্মকর্তাদের পরিচয় করিয়ে দেন। শুভেচ্ছা বক্তব্য দেন নতুন সভাপতি ডা. নাজমুল এইচ. খান। এসময় অন্যান্য কর্মকর্তাদের অনেকেই উপস্থিত ছিলেন।

নতুন কমিটি: সভাপতি ডা. নাজমুল এইচ. খান, সহ-সভাপতি আফতাব উদ্দীন মান্নান, এরপর ৩৬ পৃষ্ঠায়



# জানুয়ারিকে 'মুসলিম আমেরিকান হেরিটেজ মাস' ঘোষণা

আজকাল রিপোর্ট

ইতিহাসে প্রথমবারের মতো জানুয়ারি মাসকে 'মুসলিম আমেরিকান হেরিটেজ মাস' হিসেবে ঘোষণা করা হয়েছে। এর মাধ্যমে শিল্প, বিজ্ঞান, প্রযুক্তি, চিকিৎসা ও সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে মুসলিম আমেরিকানদের অবদানকে স্বীকৃতি দেওয়া হলো। যুক্তরাষ্ট্রে মুসলিম জনগোষ্ঠীর সর্বোচ্চ বসবাস যেখানে রয়েছে, সেই এলাকায় এ ঘোষণা তাদের অর্থনৈতিক, সাংস্কৃতিক ও নাগরিক জীবনে কেন্দ্রীয় ভূমিকার প্রতীক হিসেবে বিবেচিত হচ্ছে। যদিও গভর্নর ক্যাথি হোকুলের ২০২৬ সালের এই ঘোষণাটি নিউইয়র্ক সিটির প্রথম মুসলিম মেয়র এরপর ৩৫ পৃষ্ঠায়

# বাকা'র সভাপতি ও সম্পাদক পুনর্নির্বাচিত

আজকাল রিপোর্ট

'বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন ইনক' (বাকা)-এর বার্ষিক সাধারণ সভা। (২০২৬-২৮) মেয়াদের কমিটি গঠন করা হয়েছে। এতে সংগঠনের বর্তমান সভাপতি সারওয়ার, সাধারণ সম্পাদক রুহেল ও কোষাধ্যক্ষ রনি আগামী মেয়াদের জন্য পুনর্নির্বাচিত হয়েছেন।

গত ৬ই জানুয়ারি (মঙ্গলবার) ব্রঙ্কসের স্টারলিং বাংলাবাজার এন্টিনিউটিছ নিরব রেস্টুরেন্টে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সারওয়ার চৌধুরী। সাধারণ সম্পাদক শাহ্ বদরুজ্জামান রুহেলের সঞ্চালনায় সভার প্রথম পর্বে বার্ষিক রিপোর্ট ও ২০২৫ সালের আয়-ব্যয়ের হিসাব বিবরণী পেশ করেন যথাক্রমে সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ মোহাম্মদ রনি। এরপর ৩৬ পৃষ্ঠায়




# মিশিগানে খালেদা জিয়ার নামে সড়কের নামকরণ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে বাংলাদেশের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন সদ্য প্রয়াত বেগম খালেদা জিয়ার নামে একটি সড়কের নামকরণ করা হয়েছে। হ্যামট্রামিক শহরের গুরুত্বপূর্ণ 'কারপেন্টার স্ট্রিট' এখন থেকে বেগম খালেদা জিয়ার নামে পরিচিত হবে। স্থানীয় সিটি কাউন্সিল সম্প্রতি জোসেফ ক্যাম্পাও ও কোনান্ট স্ট্রিটের মধ্যবর্তী অংশটি এই নামে নামকরণের প্রস্তাব অনুমোদন করেছে। স্থানীয় ও প্রবাসী বাংলাদেশিরা এই উদ্যোগকে দেশের ইতিহাস ও দেশনেত্রীর অবদানের প্রতি নতুন প্রজন্মের এরপর ৩৬ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

● Do you want apply for a green card? ● Are you being deported? ● Are you having credit card problems?
● Are you unable to pay your debts? ● Has your bank account been sealed?
● Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

● তুলনামূলকভাবে কম ফি ● সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE** দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**



**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

## সম্পাদকীয়

# সবই জামায়াতের কৌশল

চব্বিশের গণঅভ্যুত্থানের পর পরিবর্তিত ও রূপান্তরিত রাজনৈতিক প্রেক্ষাপটে অস্থিরতা ও সুযোগ সন্ধান ক্রমান্বয়ে বেড়েছে। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মধ্য দিয়ে গণতন্ত্র ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় জনসাধারণের আকাঙ্ক্ষা দুর্বার হলেও নির্বাচন ও পরবর্তী পরিস্থিতি নিয়ে শঙ্কা ও অনিশ্চয়তা কাটছে না। বর্তমান বাস্তবতায় বিএনপি নিশ্চিতভাবেই সবচেয়ে বড় রাজনৈতিক দল। অন্তত ১২টি দলকে জোটে শামিল করে জামায়াতে ইসলামীও ত্রয়োদশ সংসদ নির্বাচনে জোরালো প্রতিদ্বন্দ্বী হিসেবে হাজির হতে চাইছে। দল দুটির নেতৃবৃন্দ প্রকাশ্যেই পরস্পরের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ উপস্থাপন করছেন। ২৫ বছরের সখ্য ও নৈকট্য ছেড়ে বিএনপি ও জামায়াত বিপরীত মেরুতে গিয়ে নির্বাচনে পরস্পরকে মোকাবিলার প্রস্তুতি নিচ্ছে।

সখ্য যে আওয়ামী লীগের সঙ্গেও জামায়াতের ছিল না, এমন নয়। জেনারেল এরশাদের অধীনে ১৯৮৬ সালের নির্বাচনে অংশগ্রহণ এবং ১৯৯৩-৯৬ সালে তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে আন্দোলনে দল দুটিকে অভিন্ন পথে দেখা গেছে। যদিও বিএনপির সঙ্গে জামায়াতের সম্পর্ক বরাবরই তুলনামূলক ঘনিষ্ঠ। বাম বা মধ্য-বামপন্থিরা যেমন আওয়ামী লীগ বলয়ে স্বচ্ছন্দ; ডানপন্থিরা বিএনপির সঙ্গে জোটবদ্ধ হতেই বেশি পছন্দ করেছে। আসন্ন নির্বাচনে আওয়ামী লীগের অনুপস্থিতি পরিচিতি ও পুরোনো সমীকরণ পাল্টে দিয়েছে। বিএনপি ও জামায়াত এখন পরস্পরের প্রতিদ্বন্দ্বী হয়ে নির্বাচনের মাঠে সক্রিয়। অঙ্কটি অবশ্য এত সরল নয়; রাজনীতির মাঠের আপাত বিরোধ একসময় বিস্ময়কর সমঝোতার পরিস্থিতি তৈরি করে। ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের আওয়ামী লীগ আমলের একতরফা ও ছলেবলের নির্বাচনে 'পুতুল' বিরোধী দল জাতীয় পার্টিকে আমরা দেখেছি; বিরোধী দলে থেকেও সরকারের অংশ হয়ে বসেছিল। আসন্ন নির্বাচনে বিএনপি ও জামায়াতের আপাত তীব্র বিরোধিতার পরও এই উদাহরণ হাজির করা কেন?

> তাই বিএনপিকে নির্বাচনের পর সরকার গঠনের আগে সমঝোতার প্রস্তাব দিয়ে রাখছে? অবশ্য নিজেদের গোছানোর সর্বোচ্চ চেষ্টাই করছে জামায়াত। ডানপন্থি সকলের ভোট এক বাক্সে নিয়ে আসতে বৃহত্তর জোট গঠন করেছে তারা। গণঅভ্যুত্থানে নেতৃত্ব দানকারী ছাত্রদের রাজনৈতিক দল এনসিপিও সেই জোটে যোগ দিয়েছে। এতে এনসিপির রাজনৈতিক ভবিষ্যৎ অন্ধকারাচ্ছন্ন হলেও গণঅভ্যুত্থানের শক্তিকে সঙ্গে রেখে তারুণ্যের সমর্থন পেতে চাইছে জামায়াত

খালেদা জিয়ার মৃত্যুতে তারেক রহমানসহ শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা জানাতে বিএনপি কার্যালয়ে যান জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। সেখান থেকে বেরিয়ে তিনি সাংবাদিকদের বলেন, 'আমরা বলেছি, দেশের স্বার্থে অতীতে একসঙ্গে কাজ করেছি, আগামীতেও ইনশাল্লাহ একসঙ্গে কাজ করব। আমরা এটাও বলেছি, আগামী পাঁচ বছর সুন্দর পরিবেশের জন্য সবাই মিলে ভালো কিছু চিন্তা করতে পারি কিনা। নির্বাচনের পর সরকার গঠনের আগে আমরা আবার বসব। খোলা মনে চিন্তা করে জাতির জন্য সিদ্ধান্ত নেব'।

এর মানে কী? সংসদ আবারও হতে যাচ্ছে বিরোধী দলশূন্য? এবং রাজনৈতিক দলগুলো নিজেদের মধ্যে আলোচনা ও সমঝোতা করে জাতির জন্য কোনটা ভালো হবে বলে ঠিক করে নেবে? নির্বাচনের আগে এ ব্যাপারে সুস্পষ্ট কোনো ঘোষণা থাকবে না? রাজনীতিতে বিভিন্ন দলের একসঙ্গে কাজ করবার ঘোষণা অবশ্য সৌজন্য ও প্রীতিমূলক প্রস্তাব। তবে আসন্ন নির্বাচনে অংশগ্রহণকারী প্রধান দুই দলই যদি পরস্পর একসঙ্গে কাজ করবার ঘোষণা দিয়ে বসে, তবে আর বিজয়ী বা সরকারি দলকে জবাবদিহিতার কাঠামোর মধ্যে নিয়ে আসবার উপায় থাকে না। বিগত তিন সংসদে এই অভিজ্ঞতার কারণেই সিঁদুরে মেঘ দেখে আমরা ভয় পাই। উপরন্তু বিএনপি ও জামায়াতের ঐতিহাসিক নৈকট্যের কথাও মনে রাখতে হচ্ছে। ২০০১ সালে এই দুই দল একত্রে সরকার গঠন করে; গুরুত্বপূর্ণ দুই মন্ত্রণালয় যায় জামায়াতের হাতে। আওয়ামী লীগের অনুপস্থিতির কারণে রাজনীতিতে বিশাল শূন্যতা থেকেই বিএনপির বিরোধী হিসেবে জামায়াতের 'আপাত' উত্থান। রাজনীতিতে বর্তমানে নিষ্ক্রিয় থাকলেও আওয়ামী লীগের বিপুলসংখ্যক কর্মী-সমর্থক ঠিকই ক্রিয়াশীল থাকবে। দলটিকে ছাড়া নির্বাচন সম্ভব হলেও অদূর ভবিষ্যতে কতদিন তাদের সমর্থকদের প্রভাব রাজনীতির বাইরে রাখা যাবে, তা নিয়ে অনেকের মতো জামায়াত নেতাদেরও সম্ভবত সন্দেহ ও শঙ্কা রয়ে গেছে। তাই বিএনপিকে নির্বাচনের পর সরকার গঠনের আগে সমঝোতার প্রস্তাব দিয়ে রাখছে? অবশ্য নিজেদের গোছানোর সর্বোচ্চ চেষ্টাই করছে জামায়াত। ডানপন্থি সকলের জোট এক বাক্সে নিয়ে আসতে বৃহত্তর জোট গঠন করেছে তারা। গণঅভ্যুত্থানে নেতৃত্ব দানকারী ছাত্রদের রাজনৈতিক দল এনসিপিও সেই জোটে যোগ দিয়েছে। এতে এনসিপির রাজনৈতিক ভবিষ্যৎ অন্ধকারাচ্ছন্ন হলেও গণঅভ্যুত্থানের শক্তিকে সঙ্গে রেখে তারুণ্যের সমর্থন পেতে চাইছে জামায়াত।

# আগামী দিনের প্রত্যাশা

এবিএম সালেহ উদ্দীন



সারাদিন রোদ। ঝলমল আলোয় পূর্ণ সবুজ- শ্যামল মাঠ-ঘাট। অপরূপ শোভায় ছড়ানো সবুজে আকীর্ণ বন-বনানী। নিটোল, নির্মেঘ আর নির্মল আকাশের নীচে সহজ সরল প্রাণবন্ত জনপদ। সুপ্তালোকের কিরণাভায় পূর্ণ কোলাহলময়। সূর্যের আভা ছড়ানো ঝলমল দিবাশেষে নির্মল বাতায়নের শান্ত-সন্ধ্যা। জ্যোৎস্না মাখা চাঁদের আলোয় মেতে থাকতো সবাই। প্রশান্ত হয়ে উঠতো সবার মন। মুক্ত বাতায়নে বেজে উঠতো জীবনের গান। স্বাধীনতা ও মুক্তির গান। দীর্ঘপথ শেষে কখনও বৃক্ষের ছায়ায় খুলে যেতো স্বস্তি ও শান্তির দুয়ার। ক্লান্ত পথিক ওইসব দুয়ারে খুঁজে পেতো প্রেম-নিসৃত ভালোবাসা। স্বপ্নের বিপুল সম্ভারে অবুঝ বালকের চোখেও ভাসতো সম্ভাবনার নতুন সূর্য। শরতের শান্ত বিকাল কিংবা হেমন্তের পরশ সন্ধ্যায় সকল অবসাদ কেটে গিয়ে সবার মাঝে নেমে আসত স্বস্তি ও সুখময়তার শান্তিধারা।

কিন্তু আজ?

পৃথিবী আছে। প্রকৃতির আলো-আঁধারির খেলা ও বর্ণময় চাকচিক্য আছে। কিন্তু আলো নেই। মানুষ আছে কিন্তু হৃদয় নেই। স্বস্তি,শান্তি ও প্রেম-ভালোবাসা উঠে গেছে মানুষের ভেতর থেকে। দীপ্তালোকের আলো ঝলমলে পৃথিবীটা কেন যেন ক্রমাগত অন্ধকারের দিকেই ধাবমান! গণমানুষের সুখ-শান্তি ও স্বাধীনতার আস্বাদের স্বপ্ন এখনও অধরা। শুধু জানি, শান্তি আসবে কিন্তু কীভাবে কখন?, -তা জানিনা।

রবীন্দ্রনাথের ভাষায়-

"আমি দেখি নাই তার মুখ,আমি শুনি নাই তার বাণী/ কেবল শুনি ক্ষণে ক্ষণে তাহার পায়ের ধ্বনিখানি-/...আছি পাবার আশা নিয়ে,
তারে হয়নি আমার পাওয়া।"

মানুষের ভেতরকার প্রেম ও ভালোবাসায় মরিচিকা পড়ে গেছে। অস্বস্তি, অবিশ্বস্ত হৃদয়হীন হয়ে যাচ্ছে মানুষের জীবন। শান্তির পরিবর্তে নেমে এসেছে চরম অশান্তি। জনজীবনের সর্বত্র ভীষণ অস্বস্তি। কোমল মায়ার পরিবর্তে নিষ্ঠুরতা সর্বত্র ছেয়ে গেছে। পৃথিবী ও প্রকৃতিকে কলুষিত করবার জন্য যুদ্ধবাজ দুষ্টচক্র এখন সবচেয়ে শক্তিশালী। আলোর বদলে ঘন আঁধারের কুন্ড-কুয়ায় নিপতিত শান্তিকামী মানুষ। নিষ্ঠুরতা, পাশবিকতা ও নৃশংসতায় পৃথিবী ছেয়ে গেছে কালোধোঁয়ায়। মানুষের প্রতি অমানবিক নির্দয় আচরণ রাষ্ট্রপুঞ্জ থেকে শুরু করে সমাজের সর্বত্রই বিদ্যমান! একদিকে অবক্ষয়ী সমাজ অন্যদিকে পৃথিবীর ক্ষমতাধর লোভী দুষ্ট শাসকের স্বৈরাচারি ব্যবস্থাই যেন ইদানীংকালের রাষ্ট্রপুঞ্জের মূলনীতি!

যার ফলে-সর্বত্র সাধারণ মানুষের জীবন বিপন্ন হয়। মানুষ নির্মম, নৃশংসভাবে হত্যাযজ্ঞের শিকার হয়। সর্বত্র নিরাপত্তাহীনতায় সাধারণ মানুষ ধুকে ধুকে মরে। প্রতিবছর কোন না কোন দেশে মানব বিধ্বংসী যুদ্ধের ভয়াবহতায় পৃথিবীতে অসংখ্য মানুষ প্রাণ হারায়। যার ফলে অবুঝ পৃথিবীতে ছেয়ে গেছে ভয়, শঙ্কা এবং আতঙ্কজনক ঘোর অমানিশা! আসলে, এই অমানিশা প্রকৃতির নিকট থেকে নয় (!), -মানুষেরই সৃষ্টি, মানুষেরই কর্মের ফসল।

প্রথম বিশ্বযুদ্ধ ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের কলংকিত ইতিহাসের কথা সবার জানা। প্রথম বিশ্বযুদ্ধ যেদিন শুরু হয় সেদিনের সন্ধ্যায় নিজ দপ্তরের জানালার কাছে দাঁড়িয়ে ইংল্যান্ডের প্রধানমন্ত্রী লর্ড গ্রে বলেছিলেন- 'ইউরোপের সর্বত্র আলো নিভে যাচ্ছে। আমাদের জীবনে আর সেই আলো জ্বলবে না'। কী ভয়ংকর বীভৎস ছিল মানব বিধ্বংসী সেই যুদ্ধ।

> পৃথিবীর সন্ত্রাসের হোতা এবং স্বৈরাচারী শাসকদের হৃদয়ে মানুষকে ভালোবাসার উপলব্ধি আসুক। মানবপ্রেম ও ভালোবাসার ছোঁয়ায় সভ্যতার বর্ণচ্ছটায় প্রকৃতি ও মানবভূবন আবার দ্যুতিময় ও ধন্য হয়ে উঠুক। পৃথিবীর বিভিন্ন দেশের অন্যায়,অনাচার নির্দয়, নিষ্ঠুর ও অমানবিক আগ্রাসনমূলক যুদ্ধ বন্ধ হোক। বিশ্বব্যাপী গড়ে উঠুক বৈষম্যহীন মানবিক সমাজ। মানুষ আবারও তাঁর আত্মশক্তিতে জেগে উঠুক

সাধারণ সৈনিক থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের মানুষের মৃত্যু যন্ত্রণা যে কতটা বীভৎস রূপ ধারণ করতে পারে (!) সেইসব মৃত্যু আর ধ্বংসযজ্ঞের কথা কষ্মিনকালেও ভুলে যাওয়ার নয়।

প্রথম বিশ্বযুদ্ধের পর মাত্র বিশ বছরের মাথায় পৃথিবীতে বিশ্ব মোড়লিপনার দৌড়াত্বে আবারও সমগ্রবিশ্বে যুদ্ধের দাবানল জ্বলে উঠল। দ্বিতীয় বিশ্বযুদ্ধটি ছিল আরও ভয়ংকর, বীভৎস আরও বিভীষিকাময়। তারকাযুদ্ধের মরণখেলা আর হত্যাযজ্ঞের উন্মাদনায় পৃথিবীর দুষ্ট ও দুরাচার রাষ্ট্র নায়কদের প্রতিহিংসাপরায়ণ শক্তির মহড়া তখন ঘৃণিতভাবে প্রদর্শিত হয়েছিল।

শুধু কি তাই? -প্রতিবছর মানব বিধ্বংসী যুদ্ধ ও রাষ্ট্রীয় সন্ত্রাসে বিশ্বের প্রায় প্রতিটি দেশেই মানুষের অকাল মৃত্যু হয়। যেদিকে তাকাই সবদিকেই মানবতার বিপর্যয়! প্রতিহিংসা ও পাশবিকতার চরম বিপর্যয়ে একে অপরকে অবৈধ মারণাস্ত্র ব্যবহারের মাধ্যমে প্রতিহত করার উন্মাদনায় কত নিরীহ মানুষের প্রাণ কেড়ে নেওয়া হয়েছে- তার কোন সঠিক পরিসংখ্যান নেই।

তবে এতটুকু বলা যায় যে-শুধুমাত্র হিটলারের মাধ্যমেই ষাট লাখ নিরীহ ইহুদি (ইহুদিদের হিসাব মতে) করুণভাবে মারা গিয়েছিল। আর দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষপ্রান্তে দাঁড়িয়ে যুদ্ধংদেহী জাপানী সৈন্যদের হুবক দেয়ার জন্য-১৯৪৫ সালের ৬ আগস্ট আমেরিকা কর্তৃক নিক্ষিপ্ত মানব বিধ্বংসী এরপর ৩৮ পৃষ্ঠায়

# হাদি হত্যা: গোলকধাঁধায় বন্দি ন্যায়বিচার?

মীর আব্দুল আলীম

হাদি হত্যাকাণ্ড কেবল একজন সাহসী তরুণের জীবনহানির ঘটনা নয়; এটি রাষ্ট্রের বিচারব্যবস্থা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং রাজনৈতিক সদিচ্ছার একটি বড় পরীক্ষা। এই হত্যাকাণ্ডের পর জনমনে যে প্রশ্নটি সবচেয়ে প্রবলভাবে ঘুরপাক খাচ্ছে, তা হলো প্রকৃত খুনিরা কি সত্যিই চিহ্নিত হচ্ছে, নাকি আমরা আবারও "আংশিক বিচার" নামক পরিচিত বৃত্তেই ঘুরছি? বাংলাদেশের ইতিহাসে এমন বহু হত্যাকাণ্ড রয়েছে, যেখানে কিছু আসামি গ্রেপ্তার হয়েছে, মামলা হয়েছে, কিন্তু মূল পরিকল্পনাকারী বা নির্দেশদাতারা রয়ে গেছে ধরাছোঁয়ার বাইরে। হাদির হত্যার ক্ষেত্রেও সেই শঙ্কা কি ক্রমশ ঘনীভূত হচ্ছে? আংশিক বিচার মানেই সম্পূর্ণ ব্যর্থতা যদি কিছু লোক শাস্তি পায়, আর মূল হোতারা থেকে যায় ধরাছোঁয়ার বাইরে তাহলে সেটি বিচার নয়, বরং বিচারব্যবস্থার ব্যর্থতা। ইতিহাস এমন বিচারকে ক্ষমা করে না। তদন্তের অগ্রগতি দৃশ্যমান, কিন্তু অসম্পূর্ণ মনে হচ্ছে।

সরকার ও পুলিশ প্রশাসনের বক্তব্য অনুযায়ী, হাদি হত্যা মামলার তদন্ত শেষ পর্যায়ে। চার্জশিট দাখিলের প্রস্তুতি চলছে, কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে, জবানবন্দি নেওয়া হয়েছে, সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করা হয়েছে। কাগজে-কলমে এসব অগ্রগতি অবশ্যই গুরুত্বপূর্ণ। কিন্তু প্রশ্ন হলো গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা কি মূল খুনি, না কি কেবল 'ফ্রন্টলাইন এক্সিকিউটর'? বাংলাদেশের বাস্তবতায় হত্যাকাণ্ড প্রায়ই বহুস্তরবিশিষ্ট হয়; কারা পরিকল্পনা করেছে, কারা অর্থ জুগিয়েছে, কারা নির্দেশ দিয়েছে, আর কারা সরাসরি অস্ত্র ধরেছে এই চার স্তরের বিচার একসঙ্গে না হলে ন্যায়বিচার অসম্পূর্ণই থেকে যায়। মূল সন্দেহভাজনরা যদি বাইরে থাকলে বিচার কতটা বিশ্বাসযোগ্য? হাদি হত্যার ক্ষেত্রে সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো, যাদেরকে তদন্তে "মূল সন্দেহভাজন" হিসেবে চিহ্নিত করা হচ্ছে, তাদের কয়েকজন এখনো গ্রেপ্তার হয়নি। কেউ আত্মগোপনে, কেউ দেশের বাইরে এমন তথ্যও সামনে এসেছে। এতে স্বাভাবিকভাবেই জনমনে প্রশ্ন উঠছে, যদি মূল অভিযুক্তরা ধরা না পড়ে, তাহলে চার্জশিট কাদের বিরুদ্ধে? ইতিহাস সাক্ষ্য দেয়, পলাতক প্রধান আসামিকে বাদ দিয়ে বিচার শুরু হলে সেই বিচার শেষ পর্যন্ত দুর্বল হয়ে পড়ে। সাক্ষ্য, প্রমাণ ও দায়ভার সবই প্রশ্নবিদ্ধ হয়। ফলে ভবিষ্যতে উচ্চ আদালতে সেই রায় টেকার সম্ভাবনাও কমে যায়। স্পিডি ট্রায়াল: কি সময়ক্ষেপণের নতুন কৌশল? দ্রুততা না দায় এড়ানোর রাস্তা? সরকার বলছে স্পিডি ট্রায়াল হবে। কিন্তু অতীত অভিজ্ঞতা বলছে, স্পিডি ট্রায়াল অনেক সময় দ্রুত ফাইল বন্ধ করার কৌশল হয়ে দাঁড়ায়। বিচার দ্রুত হতে পারে, কিন্তু সত্য কি দ্রুত বের হয়? গভীর তদন্ত ছাড়া দ্রুত বিচার মানেই অগভীর ন্যায়বিচার। সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, হাদি হত্যা মামলা স্পিডি ট্রায়াল ট্রাইব্যুনালে নেওয়া হবে। দ্রুত বিচার অবশ্যই একটি ইতিবাচক উদ্যোগ। কিন্তু আমাদের অভিজ্ঞতা বলে, দ্রুত বিচার আর ন্যায্য বিচার এক জিনিস নয়, যদি তদন্ত অসম্পূর্ণ থাকে। স্পিডি ট্রায়ালের নামে যদি তদন্তের ফাঁকফোকর ঢেকে রাখা হয়, যদি রাজনৈতিক বা প্রভাবশালী মহলকে রক্ষা করা হয়, তাহলে সেই বিচার জনগণের আস্থা ফেরাতে পারবে না বরং অবিশ্বাস আরও গভীর করবে। সবচেয়ে বড় প্রশ্ন হাদি হত্যার পর থেকেই রাজনীতি ঘুরে ফিরে এসেছে আলোচনায়। কে লাভবান হলো, কে ক্ষতিগ্রস্ত হলো, কার স্বার্থে নীরবতা এই প্রশ্নগুলো এড়ানো যাচ্ছে না। বিচার যদি রাজনৈতিক প্রভাবমুক্ত না হয়, তাহলে তা ইতিহাসে আরেকটি "নির্বাচিত বিচার" হিসেবে চিহ্নিত হবে। রাষ্ট্র যদি সত্যিই প্রমাণ করতে চায় যে এই হত্যাকাণ্ডে



কেউ আইনের ঊর্ধ্বে নয়, তাহলে রাজনৈতিক পরিচয়, দলীয় ছত্রছায়া বা অতীত অবদান কোনো কিছুই বিবেচনায় আনা যাবে না। এমনটা হচ্ছে নাতো? জনআন্দোলন আর নাগরিক চাপই কি শেষ ভরসা? ইতিহাস বলে, বাংলাদেশে বড় হত্যাকাণ্ডের প্রকৃত বিচার এসেছে তখনই, যখন নাগরিক সমাজ চাপ ধরে রেখেছে। হাদি হত্যার ক্ষেত্রেও বিভিন্ন সংগঠন, শিক্ষার্থী, নাগরিক প্ল্যাটফর্মের আন্দোলন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই চাপ না থাকলে তদন্ত অনেক আগেই শ্লথ হয়ে পড়তে পারত। তাই আন্দোলনকে "অস্বস্তিকর" নয়, বরং গণতান্ত্রিক নজরদারি হিসেবে দেখা উচিত। হাদি হত্যাকাণ্ডের বিচার না হলে কী বার্তা যাবে? যদি হাদি হত্যার প্রকৃত খুনিরা শনাক্ত ও শাস্তি না পায়, তাহলে বার্তাটি হবে ভয়াবহ। শক্তি থাকলে হত্যা করেও পার পাওয়া যায় দুর্বল হলে ন্যায়বিচার কেবল স্লোগান রাষ্ট্রের প্রতিশ্রুতি কাগজে সুন্দর, বাস্তবে ভঙ্গুর এমন বার্তা একটি সমাজকে আরও সহিংস, আরও অনিশ্চিত করে তোলে। এ অবস্থায় আইনশৃঙ্খলা বাহিনীর নিরপেক্ষতা প্রশ্নের মুখে পরে। পুলিশ ও তদন্ত সংস্থার ওপর মানুষের আস্থা দিন দিন কমছে। কারণ, বড় মামলায় তারা প্রায়ই 'নিরাপদ সীমার' ভেতরে তদন্ত শেষ করে। হাদির মামলায় যদি সেই পুরোনো ছকই অনুসরণ করা হয়, তবে জনগণের অনাস্থা আরও গভীর হবে। হাদির পরিবার আজ শুধু সন্তানহারা নয়, তারা বিচারহীনতার আতঙ্কেও ভুগছে। বাংলাদেশে সবচেয়ে বড় ট্র্যাজেডি হলো খুনের পর পরিবারগুলোকে বছরের পর বছর এরপর ২৪ পৃষ্ঠায়

> রাষ্ট্র ভুলে যেতে চাইলে, ক্ষমতা ধামাচাপা দিতে চাইলে, সময়ের ধুলোয় সত্য ঢেকে গেলে গণমাধ্যমই সেই জায়গা, যেখানে প্রশ্নটি বারবার ফিরে আসবে: হাদি কে হত্যা করেছিল, এবং সেই হত্যার ন্যায়বিচার কবে হবে? শেষ কথা হলো রাষ্ট্র কোন পথে হাঁটবে? আজ রাষ্ট্রের সামনে দুটি পথ একটি হলো সাহসী, পূর্ণাঙ্গ বিচার; অন্যটি হলো পরিচিত সময়ক্ষেপণ ও দায় এড়ানোর পথ। হাদি হত্যার বিচার কোন পথে যাবে, সেটিই বলে দেবে রাষ্ট্র কি সত্যের পক্ষে, নাকি ক্ষমতার পক্ষে?

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# একটা মাস বদলে দিয়েছে ভবিষ্যতের অনেক সমীকরণ

মোসলেহউদ্দিন আহমেদ

২০২৫ সালের ডিসেম্বর মাসটি দেশের রাজনৈতিক ইতিহাসে নানা কারণেই স্মরণীয় হয়ে থাকবে। বছরের শেষ এই মাসটি যেন নতুন বছরে রাজনীতির মোড় ঘুরিয়ে দেওয়ার সূচনাবিন্দু হয়ে উঠেছে। মাত্র একটি মাসের মধ্যেই দেশের মানুষ একদিকে ওসমান হাদি হত্যাকাণ্ডের পর গভীর শঙ্কার মুখোমুখি হয়েছে, অন্যদিকে আবার গণতন্ত্রের প্রশ্নে নিজেদের প্রত্যাশা ও রাজনৈতিক রুচির স্পষ্ট বহিঃপ্রকাশ ঘটিয়েছে।

ওসমান হাদির জানাজায় মানুষের উপস্থিতি ছিল সেই আস্থা ও ভালোবাসারই প্রতিফলন। দেশের মানুষ যেন নীরবে জানিয়ে দিয়েছে, তারা কেমন ধরনের প্রতিনিধি চায় এবং কোন রাজনীতি তারা গ্রহণ করতে প্রস্তুত।

এই আবহের মধ্যেই দেশে ফিরলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। খালেদা জিয়ার মৃত্যুর পর নিয়ম অনুযায়ী তিনিই দলের চেয়ারম্যান। তারেক রহমানের এই স্বদেশ প্রত্যাবর্তনের তাৎপর্য নিছক একটি রাজনৈতিক ঘটনা নয়।

দীর্ঘদিনের রাজনৈতিক হতাশা, অনিশ্চয়তা ও নিরাপত্তাহীনতার ভেতর থেকে মানুষ আবার রাজনীতির প্রতি আগ্রহ ও প্রত্যাশা ফিরে পাওয়ার সাহস খুঁজে পেয়েছে। তারেক রহমানের দেশে ফেরার পর তিন দিনের জনসংযোগ কর্মসূচিকে ঘিরে সচেতন মহলে নানা প্রশ্ন ছিল। তাঁর সামনে যে চ্যালেঞ্জগুলো দাঁড়িয়ে ছিল, সেগুলো তিনি ধৈর্য ও সংযমের সঙ্গে সামাল দিয়েছেন। এই সময়েই দেশের ইতিহাসের প্রথম নারী প্রধানমন্ত্রী খালেদা জিয়ার প্রয়াণ রাজনীতিতে একদিকে প্রবল আবেগ তৈরি করেছে, অন্যদিকে বিএনপির রাজনীতিতে একটি স্পষ্ট টার্নিং পয়েন্ট হিসেবে আবির্ভূত হয়েছে।

দেশের রাজনীতিতে বহুবার দেখা গেছে, যখন কোনো রাজনীতিবিদ জনগণের আবেগকে সঠিকভাবে ধারণ করে রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করেন, তখন সেটি জনমনে ইতিবাচক প্রভাব ফেলে। এই মুহূর্তে দেশের মানুষ আবার রাজনীতির দিকে আশা নিয়ে তাকাচ্ছে। তবে এই আশা কেবল জনপ্রতিনিধি পরিবর্তনের নয়। এই আশা মূলত প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক কাঠামো সংস্কারের। মানুষ এখন বুঝতে শুরু করেছে, কাঠামোগত সংস্কার ছাড়া পুরোনো অস্বস্তি ও অনিশ্চয়তা দূর করা সম্ভব নয়।

এই সংকট সাম্প্রতিক ঘটনাগুলোর মধ্যেই স্পষ্ট। গত বছর ১২ ডিসেম্বর রাজধানীর বিজয়নগরে সন্ত্রাসীর গুলিতে গুরুতর আহত হন ঢাকা-৮ আসনে স্বতন্ত্র নির্বাচন করতে চাওয়া ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদি। তাঁর মৃত্যুর পর রাজনীতিবিদদের পাশাপাশি সাধারণ মানুষের মধ্যেও নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ তৈরি হয়।

এমন একটি অস্থির সময়ে বিএনপির রাজনীতি নিয়ে মানুষ যখন কিছুটা হতাশ ছিল, ঠিক তখনই দেশে ফিরলেন তারেক রহমান। দেশে ফিরে তিনি তিন দিনব্যাপী জনসংযোগ করেন। তাঁর চারপাশে নেওয়া নিরাপত্তাব্যবস্থা ছিল স্বাভাবিক এবং প্রয়োজনীয়। রাজনৈতিক অবস্থান ও সাম্প্রতিক সহিংসতার প্রেক্ষাপটে এমন নিরাপত্তা তাঁর প্রাপ্যও ছিল।



তারেক রহমানের সামনে বড় প্রশ্ন ছিল, এই নিরাপত্তাবেষ্টনীর ভেতর থেকেও তিনি জনমত গঠন করতে পারবেন কি না। শেষ পর্যন্ত তিনি সেটি পেরেছেন। ধৈর্য ও সংযমের সঙ্গে কর্মসূচি পালন করে তিনি বিএনপির রাজনীতিতেও একটি পরিবর্তনের সূচনা করেছেন। দলটি এখন সাংগঠনিকভাবে পরিকল্পনার দিকে এগোতে শুরু করেছে। অতীতে মনে হতো, দলটি সংগঠিত হলেও কার্যকর পরিকল্পনা বাস্তবায়নে স্থবির ছিল। মাঠপর্যায়ের রাজনীতিতে যেন তারা অপেক্ষার মধ্যে ছিল। তারেক রহমানের দেশে ফেরার মধ্য দিয়ে সেই অপেক্ষার অবসান ঘটেছে। রাজনীতি বিশ্লেষকদের চোখে এই পরিবর্তন অনেকটাই রূপকথার মতো মনে হতে পারে।

এই মুহূর্তে দেশের রাজনীতিতে বিএনপি একটি শক্ত অবস্থানে রয়েছে। তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তনের পর বহু সমীকরণ বদলে গেছে। খালেদা জিয়া জীবদ্দশায় দলটিকে ঐক্যবদ্ধ রাখার প্রতীক ছিলেন। মৃত্যুর পরও সেই আবেগ তিনি রেখে গেছেন। এই আবেগ বিএনপির জন্য বড় সহায়ক শক্তি হয়ে উঠেছে। তারেক রহমান সেটিকে সাংগঠনিক দক্ষতায় জনমত গঠনের দিকে কাজে লাগাচ্ছেন। ফলে নির্বাচনে ভূমিধস বিজয়ের প্রত্যাশা তৈরি হয়েছে দলের ভেতরে।

ডিসেম্বর মাসেই আমরা দেখেছি, চব্বিশের অভ্যুত্থানের পর গঠিত তরুণদের রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টির সঙ্গে জামায়াতে ইসলামীর জোট গঠন। সংস্কারের প্রশ্নে এনসিপি জামায়াতকেই ঘনিষ্ঠ সহযোগী হিসেবে বেছে নিয়েছে। একদিকে বিএনপি, অন্যদিকে জামায়াত নেতৃত্বাধীন বহুদলীয় জোট। এই বাস্তবতায় স্পষ্ট যে দেশে নির্বাচনী রাজনীতির হাওয়া বইতে শুরু করেছে। এই দুটি জোটের রাজনৈতিক কার্যক্রমই ভবিষ্যৎ সংসদীয় কাঠামো নির্ধারণে বড় ভূমিকা রাখবে।

এই প্রেক্ষাপটে রাজনৈতিক দলগুলোকে প্রাতিষ্ঠানিক সংস্কার ও গণতান্ত্রিক আবেগ দুই ক্ষেত্রেই সমান গুরুত্ব দিতে হবে। এই হিসেবে বিএনপি আপাতত এগিয়ে আছে। অনেকের ধারণা, ভোটাররা কেবল ব্যালটের প্রতীক দেখেই ভোট দেন। কিন্তু রাজনীতি মূলত একটি মনস্তাত্ত্বিক প্রক্রিয়াও বটে। রাজধানী ও বড় শহরের এরপর ২৪ পৃষ্ঠায়



> তারেক রহমান সেটিকে সাংগঠনিক দক্ষতায় জনমত গঠনের দিকে কাজে লাগাচ্ছেন। ফলে নির্বাচনে ভূমিধস বিজয়ের প্রত্যাশা তৈরি হয়েছে দলের ভেতরে। তবে আত্মবিশ্বাস যেন জনভোগান্তি বা উদ্বেগের কারণ না হয়, সে বিষয়ে সতর্ক থাকা জরুরি। তারেক রহমানের সামনে এখন বড় চ্যালেঞ্জ রয়েছে। একদিকে খালেদা জিয়ার শূন্যতায় নিজেকে নতুন রাজনৈতিক প্রতীক হিসেবে প্রতিষ্ঠা করা, অন্যদিকে জিয়াউর রহমানের মতো বহুদলীয় গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক কাঠামোকে নতুন বাস্তবতায় পুনর্গঠন করা। রাজনৈতিক আবেগ ও কাঠামোগত সংস্কারের এই সমন্বয়ই পারে দেশকে আরও পরিশীলিত গণতান্ত্রিক চর্চার দিকে এগিয়ে নিতে। এই কাজে নির্বাচন কমিশন ও প্রশাসনের ইতিবাচক ভূমিকা অপরিহার্য। সব পক্ষের সমন্বিত উদ্যোগই হতে পারে বাংলাদেশের গণতন্ত্রের জন্য সবচেয়ে ইতিবাচক দিক

# ছাব্বিশ হোক গণতন্ত্র প্রতিষ্ঠার বছর

মেজর (অব.) ড. নাসির উদ্দিন আহাম্মেদ

> বছর শেষে এসব আয়োজনে এবছর ভাটা পড়েছিল। কারণ যাই হোক, মানুষ একসাথে হয়ে কোন কিছু উপভোগ করার আগ্রহ যেন হারিয়ে ফেলেছে। তার বিপরীতে লক্ষ মানুষের সমাবেশ ঘটেছিল ১৭ বছর পর তারেক জিয়ার স্বদেশ প্রত্যাবর্তনকে কেন্দ্র করে। অথচ বেগম খালেদা জিয়া যখন দুটি বালু ট্রাক এর কারণে ঘর থেকে বের হতে পারছিলেন না, তখন তা সরাতে কোন মানুষ খুঁজে পাওয়া যায়নি। রাজনীতির এই বাস্তবতাকে মাথায় রেখেই তারেক জিয়া দেশ ও জনগণের জন্য তার পরিকল্পনা সাজিয়েছেন এমনটাই প্রত্যাশা করছি। আরো প্রত্যাশা করছি সততা ও দেশপ্রেমের যে মশাল বেগম খালেদা জিয়া জ্বালিয়ে গেছেন, তা অনির্বাণ শিখা হয়ে প্রজ্জ্বলিত থাকুক সেই মশাল। ২০২৬ হোক বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে সফল একটি বছর এবং বিশ্বের দরবারে এবং গণতন্ত্রের ইতিহাসে বাংলাদেশের নাম স্বর্ণাক্ষরে লেখারমতো একটি উপলক্ষ



দেখতে দেখতে শেষ হয়ে গেল একবিংশ শতাব্দীর চতুর্থাংশ বা কোয়ার্টার সেঞ্চুরি। এই অংশের শেষ মাস ডিসেম্বর শেষ হয়েছে হয়েছে কান্না ভেজা ঘটনাবলির মধ্য দিয়ে। এর আগে শেষ হয়েছে ভুলতে না পারা নভেম্বর। ছোটবেলা থেকে অনবরত ইতিহাস পড়েছি। বিশ্ববিদ্যালয় পর্যায়ে সর্বোচ্চ সনদ লাভের জন্য রাজনীতি বিজ্ঞান নিয়ে পড়তে গিয়েও রাজনৈতিক ইতিহাস পড়তে হয়েছে। তাই কোন কিছু নিয়ে লিখতে গেলেই অতীতের অনেক ঘটনা প্রবাহ মনে ভর করে। বিশেষ করে নভেম্বর ও ডিসেম্বরের ঘটনা তুলনার মত নয়।

এ বছর নভেম্বর মাস শুরু হয়েছিল ব্যতিক্রমী ঝড়-বৃষ্টি মাথায় নিয়ে। ১৯৭০ সালের ১২ নভেম্বর তৎকালীন পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশ) দক্ষিণাঞ্চলে এই উপমহাদেশের ইতিহাসে ভয়াবহতম ঘূর্ণিঝড় আঘাত হানে। এতে ৫০ থেকে ৭৫ হাজার মানুষ এবং কয়েক লক্ষ গবাদীতে পশুর মৃত্যুর ঘটে। শুধুমাত্র ভোলার তজুমদ্দিন উপজেলায় তৎকালীন ৪৬ শতাংশ (প্রায় ১৭ হাজার) মানুষের জীবনহানির কারণে দিনটি ভোলাবাসীর কাছে আতঙ্কের নাম। এই ঘূর্ণিঝড়ের পূর্বাভাস প্রদানে ব্যর্থতা, যথ যথ সতর্কতা অবলম্বনে গাফিলতি ও ঘূর্ণিঝড় পরবর্তী সময়ে ত্রাণ পুনর্বাসন এমনকি মৃতদের সৎকারে পাকিস্তান সরকারের আন্তরিকতার অভাব চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয় যে পশ্চিম পাকিস্তানের উপর নির্ভর করে আর চলা যাবে না। এ সময় আরো প্রমাণিত হয় যে, দুর্যোগ প্রবণ এলাকায় থাকা প্রান্তিক মানুষের ভোটাধিকার নিয়ে পাকিস্তানের রাজনীতিবিদরা বহুমাত্রিক রাজনীতি করলেও তাদের ভাগ্য উন্নয়নে যথাযথ নজর ও গুরুত্ব দেয়ার সময় নেই শহুরে দেবতাদের। এমন উপলব্ধি ১৯৭০ সালের ঘূর্ণিঝড় পরবর্তী সময়ে চূড়ান্ত রূপ লাভ করা আমাদের স্বাধীনতা সংগ্রামকে ত্বরান্বিত করে। তবে ১৯৭০ থেকে ২০২৫, এই ৫৫ বছরে প্রান্তিক জনগণের ভাগ্য পরিবর্তনে কতটা সফল হয়েছে স্বাধীনতা উত্তর বাংলাদেশ, তা এক বিরাট প্রশ্ন।

১৯৮৮ সালের ২৯শে নভেম্বর আরেকটি ঘূর্ণিঝড় লন্ডভন্ড করে দেয় বাংলাদেশের বাগেরহাট, বরগুনা, ভোলা, যশোর, খুলনা, পটুয়াখালী ও সাতক্ষীরা জেলা এবং মংলা বন্দর ও সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চল। এই ঝড়ে বাংলাদেশের ৫৭০৮ জনের মৃত্যু ঘটে। তাছাড়াও ৭০ শতাংশ ফসল বিনষ্ট ও ৩৩ হাজার গবাদি পশুর মৃত্যু, ১০ লাখ ঘরবাড়ি ধ্বংস, ২২টি মাঝারি নৌযান, শতাধিক মাছ ট্রলার ও ১টি বড় জাহাজ ডুবির করুন সাক্ষী ১৯৮৮ সালের ২৯ শে নভেম্বর। ২০২৫ সালের নভেম্বরে ঝড়ঝাপটা তেমন লক্ষ্য করা যায়নি সত্য, তবে নরসিংদীতে উৎপন্ন হওয়া ২১শে নভেম্বরের ৫.৭ মাত্রার ভূমিকম্প জানিয়ে দিয়েছে সতর্ক না হলে বড় বিপদ আসন্ন। ভূমিকম্প কাঁপিয়েছে রাজধানী সহ সারাদেশ। তবে এতেও ঘুম ভাঙেনি ঝুঁকিপূর্ণ ভবনে থাকা লাখো মানুষের। এর চেয়েও আশঙ্কার বিষয় ভূমিকম্পে সবার আগে ভেঙে পড়ার ঝুঁকিতে রয়েছে বেশ কিছু হাসপাতাল। ফলে ভূমিকম্প পরবর্তী সময়ে বিনা চিকিৎসায় বহু মানুষের প্রাণ হারানোর শঙ্কা রয়েছে।

প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি রাজনৈতিক দুর্যোগের কারণেও নভেম্বর এক আতংকের নাম। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট রাজনৈতিক পট পরিবর্তন ঘটে। এরপর জেলখানায় আটক জাতীয়পর্যায়ের চার রাজনৈতিক নেতাকে নৃশংসভাবে হত্যা করা হয় নভেম্বরের ৩ তারিখ রাতে। এর পরপরই বন্দী করা হয় তৎকালীন মেজর জেনারেল জিয়াউর রহমান বীর উত্তমকে। পরবর্তীতে সিপাহী জনতার এক ঝটিকা অপারেশনে বন্দিদশা থেকে ৭ই নভেম্বর তারিখে জিয়াউর রহমান মুক্ত হন। আর একই দিনে জিয়ার বিরুদ্ধে যাওয়ায় উত্তেজিত সেনারা হত্যা করেন সাভার সেনানিবাসে আশ্রয় নেয়া মেজর জেনারেল খালেদ মোশারফ, বীর উত্তম, কর্নেল নাজমুল হুদা, বীরবিক্রম এবং লেফটেন্যান্ট কর্নেল এটিএম হায়দার, বীরউত্তম কে।

বিশ্ব রাজনীতির প্রেক্ষাপটেও নভেম্বর এক ঘটনাবহুল মাসের নাম। ১৯৬৩ সালের ২২ শে নভেম্বর তারিখে লী হার্ভে অসয়ার্ড এক প্রাক্তন মেরিন সেনা গুলি করে হত্যা করে আমেরিকার ৩৫ তম প্রেসিডেন্ট এফ ক্যানেডিকে। ৩রা নভেম্বর ৬৪৪ সালে শাহাদাত বরণ করেন মুসলমানদের অন্যতম খলিফা ওমর বিন খাত্তাব। আবার মুসলমানদের শত্রু রূপে বিবেচিত ইসরাইলের দুবারের প্রধানমন্ত্রী ইসহাক রবিন ১৯৯৫ সালের ৪ঠা নভেম্বর তারিখে আততায়ির গুলিতে হত্যাকাণ্ডের শিকার হন। এছাড়াও বিভিন্ন বছরে এই নভেম্বর মাসে যারা হত্যাকাণ্ডের শিকার হয়েছেন তাদের অন্যতম রোমান সম্রাট নিউমেরিয়ান ও মৌরিসি, ডেনমার্কের রাজা পঞ্চম এরিক, নেপালের প্রধানমন্ত্রী রন্দীপ সিং, চীনের সম্রাট গুয়াংজু, ডোমিনিকানের প্রেসিডেন্ট রেমন, স্পেনের প্রধানমন্ত্রী জোশী, জাপানের প্রধানমন্ত্রী হারা তাকাসাকি, আফগানিস্তানের রাজা নাদির শাহ, ভেনিজুয়েলার প্রেসিডেন্ট কার্লোস, ভিয়েতনামের প্রেসিডেন্ট দিন দিয়েন, জর্ডানের প্রধানমন্ত্রী ওয়াসফি তাল প্রমুখ। তাই নভেম্বরকে রাজনৈতিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনা করা হয়।

বাংলাদেশে সার্বিক বিচারে নভেম্বর মাসে তেমন বড় মাপের কোন অঘটন ঘটেনি। সকলের আগ্রহের কেন্দ্রবিন্দুতে ছিল নির্বাচন কমিশন। আলোচিত বিষয় ছিল সামনের নির্বাচন। দুশ্চিন্তার বিষয় ছিল বেগম খালেদা এরপর ৪১ পৃষ্ঠায়



# রেমিটেন্স যোদ্ধার ব্যালট: প্রবাসের কণ্ঠ ফিরছে রাষ্ট্রে

> ট্র্যাকিং অপশনে গিয়ে স্পষ্টভাবে দেখতে পাচ্ছি-আমার ব্যালট কোথায় আছে, কী অবস্থায় রয়েছে। উল্লেখযোগ্য বিষয় হলো, আমার পাসপোর্টের মেয়াদ শেষ হলেও ভোটার হিসেবে নিবন্ধনে কোনো বাধা আসেনি। এই অভিজ্ঞতা দেখায়, এটি কেবল ঘোষণার উদ্যোগ নয়-বাস্তবেই কার্যকর একটি ব্যবস্থা। এটি নিঃসন্দেহে বাংলাদেশের ইতিহাসে এক যুগান্তকারী সূচনা। প্রথমবারের মতো প্রবাসীরা ভোটের মাধ্যমে রাষ্ট্রকে সরাসরি প্রশ্ন করতে পারবেন। তবে এখানেই শেষ নয়। ভবিষ্যতে দূতাবাসভিত্তিক ভোটকেন্দ্র, ইলেকট্রনিক ভোটিং কিংবা আরও আধুনিক ব্যবস্থার দিকে এগোতেহবে। তবু আজ এটুকু স্পষ্ট-রেমিটেন্স যোদ্ধারা আর নীরব নন। তাঁরা এখন ভোটার। এটাই এই সময়ের সবচেয়ে বড় রাজনৈতিক বার্তা

নিয়াজ মাহমুদ



স্বাধীনতার পর এই প্রথম প্রবাসী বাংলাদেশিরা সরাসরি ভোট দেওয়ার সুযোগ পাচ্ছেন। পোস্টাল ব্যালটের মাধ্যমে ৭৫টি দেশের প্রবাসীরা যুক্ত হচ্ছেন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে। এটি শুধু একটি নির্বাচন নয়-রাষ্ট্র ও প্রবাসীর সম্পর্কের এক ঐতিহাসিক পুনর্গঠন।

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে কিছু পরিবর্তন আসে নীরবে, কিন্তু তার অভিঘাত থাকে গভীর ও দীর্ঘস্থায়ী। প্রবাসী বাংলাদেশিদের ভোটাধিকার তেমনই এক পরিবর্তন। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রবাসীদের ভোট দেওয়ার সুযোগ তৈরি হওয়া কেবল একটি প্রশাসনিক সংস্কার নয়; এটি দীর্ঘদিনের অবহেলিত প্রবাসী জনগোষ্ঠীর রাষ্ট্রীয় স্বীকৃতি।

নির্বাচন কমিশনের তথ্য বলছে, এখন পর্যন্ত ১৩ লাখ ৭ হাজারের বেশি ভোটার পোস্টাল ভোটের জন্য নিবন্ধন করেছেন। এর মধ্যে ৫ লাখ ৮০ হাজারের বেশি প্রবাসী ভোটার বিশ্বের ৭৫টি দেশ থেকে এই প্রক্রিয়ায় যুক্ত হয়েছেন। এই সংখ্যা নিছক পরিসংখ্যান নয়-এটি প্রবাসীদের দীর্ঘ রাজনৈতিক নির্বাসনের অবসান নির্দেশ করে।

প্রবাসী বাংলাদেশিরা এতদিন ছিলেন এক অদ্ভুত বৈপরীত্যের ভেতর। তাঁরা ছিলেন দেশের অর্থনীতির চালিকাশক্তি, অথচ রাষ্ট্র পরিচালনার মূল সিদ্ধান্তে তাঁদের কোনো প্রত্যক্ষ অংশগ্রহণ ছিল না। প্রতিবছর ২৫ থেকে ৩০ বিলিয়ন ডলার রেমিটেন্স পাঠানো এই মানুষগুলো দেশের সংকটে ছিলেন ভরসা, কিন্তু ভোটের বাক্সে ছিলেন অনুপস্থিত।

২০২৪ সালের জুলাই আন্দোলনে সেই প্রবাসীরাই আবার প্রমাণ করেছেন-তাঁরা কেবল অর্থ পাঠান না, মতও গঠন করেন। ইউরোপ, মধ্যপ্রাচ্য, আমেরিকা-সবখানেই তাঁরা সংগঠিত হয়ে বাংলাদেশের পক্ষে কথা বলেছেন, আন্তর্জাতিক মহলে জনমত গড়েছেন। এই বাস্তবতায় তাঁদের ভোটাধিকার দেওয়া ছিল কোনো অনুগ্রহ নয়, ছিল রাষ্ট্রের দায়।

প্রবাসী ভোটার নিবন্ধনে শীর্ষে রয়েছে সৌদি আরব-২ লাখ ২৩ হাজারের বেশি। এরপর মালয়েশিয়া, কাতার, ওমান ও কুয়েত। অর্থাৎ যেখানে রেমিটেন্স প্রবাহ বেশি, সেখানেই ভোটাধিকার প্রয়োগের আগ্রহও প্রবল। এটি প্রমাণ করে, প্রবাসীরা রাজনীতি থেকে বিচ্ছিন্ন নন-বরং সুযোগের অভাবে এতদিন বাইরে ছিলেন।

দেশের ভেতরেও 'ইন-কান্ট্রি পোস্টাল ভোট' ক্যাটাগরিতে ৫ লাখ ৮৪ হাজারের বেশি ভোটার নিবন্ধন করেছেন। কুমিল্লা, ঢাকা ও চট্টগ্রাম শীর্ষে থাকা জেলাগুলো দেখিয়ে দেয়, নাগরিকদের ভোটবিমুখতার বড় কারণ ছিল ব্যবস্থাগত জটিলতা, অনীহা নয়।

'পোস্টাল ভোট বিডি' অ্যাপ চালুর মাধ্যমে নির্বাচন কমিশন একটি সাহসী সিদ্ধান্ত নিয়েছে। ১৪৮টি দেশ থেকে মোবাইল নম্বর ব্যবহার করে নিবন্ধন, ভোটার আইডির মাধ্যমে আবেদন, এমনকি পাসপোর্টের মেয়াদ শেষ হলেও ভোটার হিসেবে বিবেচনার সুযোগ-সব মিলিয়ে এটি একটি তুলনামূলকভাবে অন্তর্ভুক্তিমূলক উদ্যোগ।

ভোটারদের আগ্রহের কারণে নিবন্ধনের সময়সীমা বাড়িয়ে ৫ জানুয়ারি পর্যন্ত করা হয়েছে। এটি দেখায়, কমিশন এখানে কেবল নিয়ন্ত্রক নয়, বরং সাড়া দেওয়া একটি প্রতিষ্ঠান হিসেবে ভূমিকা রাখতে চাইছে।

তবে চ্যালেঞ্জও রয়েছে। আন্তর্জাতিক ডাকব্যবস্থার ওপর নির্ভরতা, ব্যালট সময়মতো পৌঁছানো ও ফেরত আসা, গোপনীয়তা রক্ষা-এসব প্রশ্নের উত্তরই নির্ধারণ করবে এই ব্যবস্থার ভবিষ্যৎ গ্রহণযোগ্যতা।

প্রবাসী ভোটার যুক্ত হওয়ায় রাজনৈতিক সমীকরণ বদলাতে বাধ্য। প্রবাসীরা সাধারণত স্থানীয় প্রভাব, পেশিশক্তি কিংবা ক্ষণস্থায়ী সুবিধার বাইরে চিন্তা করেন। তাঁদের কাছে গুরুত্ব পায় রাষ্ট্রের আন্তর্জাতিক ভাবমূর্তি, অর্থনৈতিক স্থিতিশীলতা, আইনের শাসন ও ভবিষ্যৎ নিরাপত্তা। ফলে রাজনৈতিক দলগুলোকে এখন আর শুধু ভেতরের ভোটব্যাংকের দিকে তাকিয়ে থাকলে চলবে না। প্রবাসীদের ভাষায় কথা বলতে হবে, তাঁদের প্রশ্নের জবাব দিতে হবে। এটি রাজনীতিতে জবাবদিহির একটি নতুন চাপ তৈরি করবে।

এই পুরো ব্যবস্থার সবচেয়ে আশাব্যঞ্জক দিক হলো ব্যালট ট্র্যাকিং সুবিধা। 'পোস্টাল ভোট বিডি' অ্যাপ ডাউনলোড ও রেজিস্ট্রেশন সাকসেস হওয়ার পর একই অ্যাপের মাধ্যমেই জানা যাচ্ছে-ব্যালট পাঠানো হয়েছে কিনা, কোন পর্যায়ে রয়েছে, এমনকি রিটার্নিং কর্মকর্তা তা গ্রহণ করেছেন কি না।



স্প্রাগে বসে এই লেখাটি লিখতে লিখতেই যখন অ্যাপটি চালু করে নিজের রেজিস্ট্রেশন সম্পন্ন করি, তখন দেখি তা সফল হয়েছে। ট্র্যাকিং অপশনে গিয়ে স্পষ্টভাবে দেখতে পাচ্ছি-আমার ব্যালট কোথায় আছে, কী অবস্থায় রয়েছে। উল্লেখযোগ্য বিষয় হলো, আমার পাসপোর্টের মেয়াদ শেষ হলেও ভোটার হিসেবে নিবন্ধনে কোনো বাধা আসেনি। এই অভিজ্ঞতা দেখায়, এটি কেবল ঘোষণার উদ্যোগ নয়-বাস্তবেই কার্যকর একটি ব্যবস্থা।

এটি নিঃসন্দেহে বাংলাদেশের ইতিহাসে এক যুগান্তকারী সূচনা। প্রথমবারের মতো প্রবাসীরা ভোটের মাধ্যমে রাষ্ট্রকে সরাসরি প্রশ্ন করতে পারবেন। তবে এখানেই শেষ নয়। ভবিষ্যতে দূতাবাসভিত্তিক ভোটকেন্দ্র, ইলেকট্রনিক ভোটিং কিংবা আরও আধুনিক ব্যবস্থার দিকে এগোতেহবে।

তবু আজ এটুকু স্পষ্ট-রেমিটেন্স যোদ্ধারা আর নীরব নন। তাঁরা এখন ভোটার। এটাই এই সময়ের সবচেয়ে বড় রাজনৈতিক বার্তা।

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট।




Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
KUWAIT
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA

# LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW

## Cell: 917-282-9256

**(To schedule appointment only)**




এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION**

(Consultation fee applies)







**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**



Attorney
Michigan Only.



Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

# এনসিপি-জামায়াত জোট: কৌশল নয়, আদর্শগত বিভ্রান্তি

> সেটি ছাড়া নির্বাচন মানে আরও রক্ত, আরও লাশ, আরও অস্থিরতা। এই সত্য এনসিপি বুঝতে বা মানতে চায়নি। গণঅভ্যুত্থান ইতিহাসে জনগণের অভিপ্রায়ের এক শক্তিশালী বহিঃপ্রকাশ। এই অভিপ্রায়কে নির্বাচনবাদ দিয়ে তাড়িয়ে দেওয়া যায় না। এনসিপি যে পথে হাঁটছে, তাতে তারা জনগণের সেই আকাঙ্ক্ষা পূরণ করতে পারবে না। ইতিহাস কাউকে ভালোবাসা বা সহানুভূতির ভিত্তিতে বিচার করে না; ইতিহাস বিচার করে রাজনৈতিক সিদ্ধান্তের ফল দিয়ে। জুলাই গণঅভ্যুত্থানের মুহূর্ত ছিল এক ঐতিহাসিক সুযোগ। রাষ্ট্রগঠন সামনে রেখে জনগণকে সচেতন করা ছিল নীতি; নির্বাচন হতে পারত কৌশল। এনসিপি এই দুটি গুলিয়ে ফেলেছে। এর রাজনৈতিক মাশুল তাদের দিতেই হবে- এটাই ইতিহাসের নির্মম কিন্তু অনিবার্য রায়

ফরহাদ মজহার



এনসিপি জামায়াতে ইসলামীর সঙ্গে জোট গঠন করেছে। গঠনের পর নাহিদ ইসলাম জোট গঠনের পক্ষে একটি ব্যাখ্যা দিয়েছেন। তিনি বলেছেন, এটা কোনো আদর্শিক জোট নয়, কেবল একটি নির্বাচনী কৌশল। এই বক্তব্য গ্রহণযোগ্য নয়। কেন নয়, সে বিষয়ে এখানে আলোচনা করছি। আশা করি, এ বিষয়ে আমরা গঠনমূলক আলোচনা চালিয়ে যেতে পারব।

**১. কৌশল কি আদর্শশূন্য হতে পারে?**

নাহিদের বক্তব্যে এনসিপির রাজনীতির মূল সংকটটি স্পষ্ট হয়ে যায়। কারণ, রাজনীতিতে কৌশল কখনোই আদর্শশূন্য হতে পারে না। কৌশল মানে কোনো লক্ষ্য অর্জনের পথ। আর লক্ষ্য মানেই কোনো না কোনো নীতি, মূল্যবোধ বা রাজনৈতিক অবস্থান। যদি বলা হয়, 'এটি আদর্শিক নয়', তাহলে স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে- তাহলে এনসিপির আদর্শ কী? তারা কোন রাজনৈতিক লক্ষ্যে পৌঁছাতে চায়?

রাজনৈতিক জোট মানে শুধু আসন ভাগাভাগি নয়। জোট মানে জনসমক্ষে একটি রাজনৈতিক ব্যাখ্যা দাঁড় করানো- সমাজ, ইতিহাস, ন্যায় ও ক্ষমতার প্রশ্নে। কার সঙ্গে যাওয়া যাবে, কার সঙ্গে যাবে না-এটা নির্ধারণ করার মধ্য দিয়েই একটি দল তার নৈতিক সীমারেখা টানে। সুতরাং 'কৌশল মাত্র' বলাটা আসলে দায় এড়ানোর ভাষা হয়ে দাঁড়ায়, যদি সেই কৌশল কোন নীতির অধীন, তা স্পষ্ট না করা হয়।

**২. জুলাই গণঅভ্যুত্থানের মর্ম: নির্বাচন নয়, রাষ্ট্র গঠন**

জুলাই গণঅভ্যুত্থান কোনো সাধারণ ক্ষমতা বদলের ঘটনা ছিল না। জনগণ রাস্তায় নেমেছিল নির্বাচন আয়োজনের দাবিতে নয়। তারা নেমেছিল কারণ, রাষ্ট্রের ভেতরে একটি ফ্যাসিস্ট, ঘোরতর ফ্যাসিস্ট ব্যবস্থা পূর্ণতা পেয়েছিল, যেখানে আইন, বিচার, প্রশাসন, নিরাপত্তা বাহিনী ও রাজনৈতিক ক্ষমতা মিলিয়ে জনগণের ন্যায়বিচারের পথ বন্ধ হয়ে গিয়েছিল। মানুষ জীবন দিয়েছে এই প্রশ্নে- রাষ্ট্র কার, রাষ্ট্রের দায় কী এবং রাষ্ট্রশক্তির উৎস কোথায়।

এ কারণেই জুলাইয়ের মূল দাবি ছিল রাষ্ট্র গঠন। রাষ্ট্রকে নতুন করে ন্যায়ের ভিত্তিতে দাঁড় করানো। নির্বাচন এই প্রক্রিয়ার অংশ হতে পারে, কিন্তু লক্ষ্য হতে পারে না। নির্বাচন তখনই অর্থবহ, যখন রাষ্ট্র গঠনের মধ্য দিয়ে ন্যূনতম ন্যায় ও নিরাপত্তা জনগণ নিশ্চিত করতে সক্ষম হয়।




এই মৌলিক বিষয়টি এনসিপি কখনও স্পষ্টভাবে স্বীকার করেনি। এনসিপির ব্যর্থতা এবং এখনকার বিভাজন রাজনৈতিক প্রজ্ঞার অভাব থেকেই তৈরি হয়েছে।

**৩. হাসিনাহীন হাসিনা ব্যবস্থা এবং এনসিপির দায়**

৫ আগস্টের গণঅভ্যুত্থানকে সম্পন্ন না করে, ৮ আগস্ট গিয়ে শেখ হাসিনার সংবিধান ও রাষ্ট্রব্যবস্থা আবার প্রতিষ্ঠা করা হয়েছে। হাসিনা ব্যক্তিগতভাবে ক্ষমতায় নাই। কিন্তু যে রাষ্ট্রব্যবস্থার ভেতর দিয়ে তাঁর ফ্যাসিবাদ চলেছে, সেই ব্যবস্থাই বহাল আছে। তাই আমি একে বলি 'হাসিনাহীন হাসিনাব্যবস্থা'। এনসিপি হাসিনাহীন হাসিনাব্যবস্থা কায়েম রেখেছে- এ ব্যাপারে তাদের কোনো বক্তব্য নাই।

ফ্যাসিস্ট রাষ্ট্রব্যবস্থা কোনো ব্যক্তির নাম নয়; এটি একটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা। একজন শাসক সরে গেলেও যদি সেই ব্যবস্থা অক্ষুণ্ন থাকে, তাহলে ফ্যাসিবাদ, ফ্যাসিস্ট শক্তি এবং ফ্যাসিস্ট ব্যবস্থা নতুন মুখে ফিরে আসে। এই বাস্তবতায় দাঁড়িয়ে নির্বাচনকে একমাত্র রাজনৈতিক লক্ষ্য বানানো মানে পুরোনো ব্যবস্থাকেই নতুন বৈধতা দেওয়া। এনসিপির নির্বাচনবাদ এখানেই বিপজ্জনক হয়ে ওঠে।

**৪. ধর্ম বনাম ধর্মনিরপেক্ষতার বাইনারি আবার প্রতিষ্ঠা**

জুলাই গণঅভ্যুত্থান ধর্ম বনাম ধর্মনিরপেক্ষতার পুরোনো বিভাজন ভাঙার একটি ঐতিহাসিক সুযোগ এনে দিয়েছিল। জনগণ ইসলাম কায়েমের দাবিতে রাস্তায় নামেনি। আবার ধর্মবিরোধী রাষ্ট্র কায়েমের জন্যও নয়। তারা নেমেছিল ইনসাফ, নিরাপত্তা, মানবিক মর্যাদা ও ন্যায়ের দাবিতে।

এই নৈতিক দাবি ধর্মীয় ভাষায়ও প্রকাশ পেতে পারে, ধর্মনিরপেক্ষ ভাষাতেও পেতে পারে। জুলাইয়ের শক্তি ছিল- এই দুই ভাষার মধ্যে দেয়াল না তুলে জনগণের ন্যায্যতার প্রশ্নকে কেন্দ্রে আনা। কিন্তু জামায়াতে ইসলামীর সঙ্গে জোট বেঁধে এনসিপি কার্যত সেই পুরোনো বাইনারিকেই আবার রাজনীতির কেন্দ্রে ফিরিয়ে এনেছে। এতে জনগণের ইনসাফকেন্দ্রিক ঐক্য দুর্বল হয়েছে এবং পরিচয়ভিত্তিক মেরুকরণ আবার শক্তিশালী হচ্ছে।

**৫. বাংলাদেশের রাজনৈতিক অস্তিত্ব ও জামায়াত প্রশ্ন**

এনসিপি ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে কথা বলে- এটি ন্যায্য। কিন্তু এখানে একটি মৌলিক ঐতিহাসিক প্রশ্ন এড়িয়ে যাওয়া যায় না। ভারতের সরকারি বয়ানে ১৯৭১ এখনও মূলত পাকিস্তান-ভারত যুদ্ধ হিসেবে হাজির হয়, যেখানে বাংলাদেশের রাজনৈতিক জনগোষ্ঠীর স্বতন্ত্র অস্তিত্ব স্বীকৃতি পায় না। ঠিক এই জায়গাতেই একাত্তরে দাঁড়িয়েছিল জামায়াতে ইসলামীও, যারা বাংলাদেশের রাজনৈতিক অস্তিত্ব অস্বীকার করেছিল।

এটি কোনো সামান্য মতভেদ ছিল না। এটি ছিল একটি জনগোষ্ঠীর আত্মপ্রকাশের বিরোধিতা। আজ প্রশ্ন হচ্ছে, জামায়াতে ইসলামী কি সেই অবস্থান থেকে সরে এসেছে? যদি তারা সত্যিই বাংলাদেশের রাজনৈতিক অস্তিত্ব স্বীকার করে, তাহলে তাদের প্রথম নৈতিক ও রাজনৈতিক দায়িত্ব ছিল সেই নামটির ঐতিহাসিক দায় মীমাংসা করা- যে নাম বহন করে তারা একদিন এই জনগোষ্ঠীর অস্তিত্ব অস্বীকার করেছিল। নাম কোনো নিরপেক্ষ বিষয় নয়। নাম ইতিহাস বহন করে, স্মৃতি বহন করে,

এরপর ২৮ পৃষ্ঠায়

# টেকসই গণতন্ত্র চাইলে রাজনীতিতে সহনশীলতা থাকতেই হবে

বুলবুল সিদ্দিকী

রাজনীতি কেবল ক্ষমতা দখলের লড়াই বা কৌশল নয়। এটি নৈতিকতা ও সহনশীলতারও এক অনন্য সমন্বয়। এটিকে গণমানুষের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার একটি দীর্ঘ যাত্রা হিসেবে দেখা যায়।

এই দীর্ঘ যাত্রায় ধর্মীয়, সাংস্কৃতিক, আঞ্চলিক ও শ্রেণিগতভাবে বহুমাত্রিক বাংলাদেশের বৃহত্তর জাতিগোষ্ঠীর বহুত্ববাদী মতাদর্শ এবং ভিন্নতাকে ধারণ করা গুরুত্বপূর্ণ বিষয়। এই বহুত্বকে তখনই ধারণ করা যায়, যখন রাজনীতিতে সহনশীলতার চর্চা জারি থাকে।

আর তা না হলে সেই সমাজ ক্রমে সহিংসতার দিকে ঝুঁকে পড়ে। আর রাষ্ট্রও একটি একপক্ষীয় ও বর্জনমূলক নীতি বাস্তবায়নে অভ্যস্ত হয়ে পড়ে। তাই বাংলাদেশের রাজনীতিতে সহনশীলতার ঘাটতি কেবল ভাষাগত বা আচরণগত সমস্যা নয়; বরং এটি রাজনীতিতে সহিংসতা, দমন-পীড়ন ও প্রতিহিংসার ধারাবাহিকতা।

সহনশীলতার সংকটের চূড়ান্ত প্রভাব পড়ে রাষ্ট্রের প্রাতিষ্ঠানিক ব্যবস্থার রাজনৈতিক মেরুকরণের মাধ্যমে। এটি আমরা বিগত কয়েক দশক ধরে দেখে আসছি।

সহনশীলতা না থাকলে রাজনীতি জনসেবার মানদণ্ড থেকে একটি নিষ্ঠুর ও অর্থহীন প্রতিষ্ঠানে পরিণত হবে। সেখানে যুক্তি নয়, শক্তিই শেষ বিবেচনা হয়ে পড়ে। এতে করে রাজনীতিতে নতুন নেতৃত্ব তৈরির পথও সংকুচিত হয়। জুলাই গণ-অভ্যুত্থান আমাদের জন্য যখন নতুন নেতৃত্বের সুযোগ করে দিয়েছিল, তখন আমরা সেই তরুণ রাজনীতিক, নতুন রাজনৈতিক দল এবং ভবিষ্যতের নেতাদের মধ্যে সহনশীলতার চর্চা দেখতে চেয়েছি, যার ভিত্তিতে তাঁরা একটি মানবিক ও অন্তর্ভুক্তিমূলক দেশ গড়বেন। কেননা গণমানুষের কাছাকাছি পৌঁছানোর অন্যতম একটি উপায় হলো সহনশীলতার চর্চা ও ভিন্নমতকে শ্রদ্ধা করা।

তবে নতুন রাজনৈতিক দল কিংবা তরুণ নেতৃত্বের মধ্যে আমরা প্রতিশ্রুতি দেখলেও, অনেকের মধ্যে সেই সহনশীলতার চর্চা দেখতে পাইনি। এটি আমাদের জন্য একটি হতাশার বিষয়। তাঁদের বিকাশের একটি অনুকূল পরিবেশ থাকা সত্ত্বেও স্বল্প সময়ে ক্ষমতার কাছাকাছি যাওয়ার আকাঙ্ক্ষায় নিজেদের গ্রহণযোগ্যতাকে অনেকেই বিতর্কিত একটি জায়গায় নিয়ে গেছেন।

বাংলাদেশের রাজনীতিতে আক্রমণাত্মক ও ঘৃণার ভাষার ব্যবহার প্রায়ই যেন সহনশীলতার সীমা অতিক্রম করে যায়, যা অনেকাংশেই হয়ে উঠেছে একটি স্বাভাবিক প্রকাশভঙ্গি। অনেক তরুণ রাজনীতিকদের মধ্যে তাই দীর্ঘ রাজনৈতিক যাত্রার চেয়ে ক্ষমতার আজ্ঞাবহ জীবনের মোহই অধিক দেখা যাচ্ছে। ক্ষমতা কিংবা দেশ চালানোর মোহ থাকা কোনো খারাপ বিষয় নয়। কিন্তু ক্ষমতার মোহ যদি রাজনৈতিক আদর্শ ও বাস্তবতা-বিবর্জিত হয় তখন তাকে অযাচিতই বলা যায়।

রাজনৈতিক পরিমণ্ডলে সহনশীলতার বহিঃপ্রকাশ না থাকলে মানুষের মনেও রাজনীতিকদের সম্পর্কে নেতিবাচক ধারণা তৈরি হয়। এর সঙ্গে রয়েছে ভিন্নমতাবলম্বীদের প্রতি আক্রমণাত্মক ভাষার ব্যবহার ও 'ট্যাগিং' এর রাজনীতি। বিরোধীদের নানাভাবে লেবেল করা বা ট্যাগিং করা যেন বিগত দশকে বাংলাদেশের রাজনীতিতে একটি স্বাভাবিক বিষয় হিসেবে আবির্ভূত হয়েছিল।



জুলাই-পরবর্তীতেও তেমন চর্চা দেখা আমাদের জন্য পীড়াদায়ক। প্রয়োজন ছিল ভিন্নমতাবলম্বীদের কী করে আমাদের সমাজব্যবস্থায় মানিয়ে চলার একটি ব্যবস্থা করা যায়, সেদিকে মনোযোগ দেওয়া। অথচ সে বিষয়ে তেমন কোনো পদক্ষেপ দেখা যায় না, যে দায় রাষ্ট্র কোনোভাবেই এড়াতে পারে না।

তাই বর্তমান প্রেক্ষাপটে সমাজ ও রাষ্ট্রকাঠামো ভিন্নমতাবলম্বীদের কীভাবে আশ্রয় দেবে, সে বিষয়ে বিস্তর আলাপ-আলোচনা জরুরি। কেননা ভিন্নমতাবলম্বীরাও এ দেশেরই একটি বড় অংশ, তাদের বাদ দিয়ে একটি স্থিতিশীল সমাজ গড়ে উঠবে না।

একটি সহনশীল, অন্তর্ভুক্তিমূলক ও মানবিক সমাজ গড়ার জন্য এই বিষয়গুলো গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। আর এর প্রকট অভাব বর্তমান সমাজ ও রাষ্ট্রীয় ব্যবস্থায় আমরা দেখতে পাই।

বাংলাদেশের রাজনীতিতে আক্রমণাত্মক ও ঘৃণার ভাষার ব্যবহার প্রায়ই যেন সহনশীলতার সীমা অতিক্রম করে যায়, যা অনেকাংশেই হয়ে উঠেছে একটি স্বাভাবিক প্রকাশভঙ্গি।

যে ব্যঙ্গাত্মক ও অন্যকে আঘাত করার রাজনৈতিক ভাষা বিগত আওয়ামী শাসনামলে বিরোধী বা ভিন্ন মতাদর্শের নেতা-কর্মী এবং সাধারণ মানুষের জন্য যেন একটি স্বাভাবিক নিয়ম হয়ে দাঁড়িয়েছিল। তেমন প্রকাশভঙ্গি আমরা বর্তমান সময়ে প্রত্যাশা করি না।

রাজনৈতিক প্রতিপক্ষকে উদ্দেশ করে প্রকাশ্যে অবমাননাকর ভাষা ব্যবহার না করার মতো যে রাজনৈতিক শিষ্টাচারের কথা আমরা সব সময় বলে আসি, তার চর্চা একজন রাজনীতিককে অন্য একটি উচ্চতায় নিয়ে যেতে পারে। এটি কেবলই ভদ্রতার বহিঃপ্রকাশ নয়; বরং একে দেখা যায় রাজনৈতিক সহনশীলতার একটি ইতিবাচক চর্চা হিসেবে।

এ প্রসঙ্গে আমরা সমাজতাত্ত্বিক রবার্ট ডাল-এর কাজের উদাহরণ নিয়ে আসতে পারি, যেখানে তিনি বলেন, বর্তমান যুগের প্রতিযোগিতামূলক রাজনীতিতে টিকে থাকার অন্যতম শর্ত হলো পারস্পরিক শ্রদ্ধা ও

এরপর ১৫ পৃষ্ঠায়




> তাঁকে সংবর্ধনা দিতে মানুষের যে ঢল নেমেছিল ঢাকার পূর্বাচলের পথে, তা প্রত্যাবর্তনের এক অভূতপূর্ব দৃশ্য বলে মেনে নিতে হয়। আবার সেই নির্বাচনে ফিরে আসা যাক। তারেক রহমানের আগমনে দেশের রাজনৈতিক পট কতটা আর কীভাবে পরিবর্তন হবে, তা সময় বলে দেবে। নির্বাচনের ওপর কেমন আর কতটা প্রভাব পড়বে, তা-ও সময়ই বলে দেবে। কিন্তু নির্বাচনে যাঁরা জয়ী হবেন, তাঁরা নিশ্চয়ই বলতে পারবেন এ বছর যেসব অনাকাঙ্ক্ষিত ও অপ্রত্যাশিত ঘটনা কিংবা অপরাধ সংঘটিত হয়েছে, তা নতুন বছরে ঠেকানো যাবে কি না। কারণ, দেশের হাল যাঁরা ধরবেন, দেশ ও জনগণের নিরাপত্তা তো তাঁদেরই হাতে থাকবে। নিরাপত্তা নিশ্চিত করতে পারলে তাঁরা থাকবেন জনগণের হৃদয়ে। হৃদয়ে জায়গা করে নেওয়া কি খুব কঠিন?

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিই

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# বৈশ্বিক অস্থিরতার নাভিকেন্দ্র হয়ে উঠেছে ভেনিজুয়েলা

ড. মাহবুব উল্লাহ্

প্রিয় পাঠক, আজ আমি ভেনিজুয়েলায় মার্কিন সাম্রাজ্যবাদের দস্যুসুলভ হামলার বিষয়ে লিখব। তার আগে আপনাদের ভাইকিং জলদস্যুদের কাহিনি বলতে চাই। অষ্টম থেকে একাদশ শতাব্দীর শেষ পাদ পর্যন্ত ভাইকিং জলদস্যুরা ছিল সাগর দাপিয়ে বেড়ানো স্ক্যান্ডিনেভিয়ো নর্স জনগোষ্ঠী। তারা একাধারে দস্যুর মতো আক্রমণ চালাত, বাণিজ্য করত এবং অভিযান চালাত।

তাদের ভয়ে ভীতসন্ত্রস্ত থাকত ইউরোপের সমুদ্রতট এলাকার ধনাঢ্য এলাকাবাসী এবং খ্রিষ্টান গির্জাগুলো। তারা ছিল বহুরূপী। তারা ব্যবসা করত, নতুন বসতি গড়ত এবং সাম্রাজ্য গড়ে তুলত। সমুদ্র অঞ্চলে ক্ষমতার প্রাধান্য প্রতিষ্ঠা, বলপ্রয়োগ এবং সাংস্কৃতিক বিনিময়ের মাধ্যমে তারা ইউরোপের ইতিহাসকে বিশেষ ধারায় গড়ে তুলেছে। ভাইকিং শব্দটির অর্থ জলদস্যু। এরা তাদের জাহাজগুলো আক্রমণ করে লুণ্ঠনের জন্য এবং বাণিজ্যের জন্যও ব্যবহার করত।

তারা হামলা চালিয়েছে, ব্যবসা করেছে, নতুন দেশ আবিষ্কার করেছে, নতুন দেশে বসতি গড়েছে এবং তাদের মধ্যে কেউ কেউ রাজা ও পরোপকারী হয়েছে আয়ারল্যান্ড ও ইংল্যান্ডের মতো দেশে। তারা অন্যদের বাণিজ্যিক জাহাজে এবং সমুদ্র তীরবর্তী ভূমিতে আক্রমণ চালাত। বলপ্রয়োগ করে ধন-সম্পদ ও ক্ষমতা অর্জনই ছিল তাদের লক্ষ্য। সমসাময়িককালের ইউরোপীয় মঠাধ্যক্ষরা তাদের ভয়ে তটস্থ থাকত। পঞ্চদশ শতকে পুঁজিবাদের উদ্ভবে ভাইকিং জলদস্যুদের লুণ্ঠিত অর্থ একটি ভূমিকা রেখেছে।

পুঁজিবাদ এমন একটি হিংস্র ব্যবস্থা, যা একবিংশ শতাব্দীতে এসেও ভাইকিং জলদস্যুদের মতো চরিত্র বদলাতে পারেনি। দক্ষিণ আমেরিকার দেশ ভেনিজুয়েলায় 'বৃহৎ পরিসরে' হামলা চালিয়ে দেশটির প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে তুলে নিয়ে গেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। মাদুরোর সঙ্গে তার স্ত্রী সিলিয়া ফ্লোরেসকেও নিয়ে যাওয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের হামলায় স্থানীয় সময় শুক্রবার গভীর রাতে কেঁপে ওঠে ভেনিজুয়েলার রাজধানী কারাকাস। দেশটির সবচেয়ে বড় সামরিক ঘাঁটি ফোর্ট তিউনা ও বিমান ঘাঁটি লা কারলোতা আক্রান্ত হয়। ভেনিজুয়েলা এ হামলা প্রতিরোধের ঘোষণা দিয়েছে। তাৎক্ষণিকভাবে হতাহতের কথা জানা যায়নি। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প গত শনিবার স্থানীয় সময় বেলা ১১টায় যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার মার-আলাগোতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বলেন, 'যতক্ষণ না আমরা নিরাপদে, সঠিক ও ন্যায়সংগতভাবে ক্ষমতা হস্তান্তর করতে পারি, ততক্ষণ আমরা দেশটি (ভেনিজুয়েলা) পরিচালনা করব।' তিনি আরও বলেন, তারা তাদের বড় তেল কোম্পানিগুলোকে ভেনিজুয়েলায় পাঠাতে যাচ্ছেন।

ডোনাল্ড ট্রাম্পের দম্ভোক্তি থেকে স্পষ্ট হয়ে উঠেছে ভেনিজুয়েলায় তাদের হামলার আসল উদ্দেশ্য কী। ভেনিজুয়েলায় রয়েছে বিশ্বের বৃহত্তম পেট্রোলিয়ামের মজুত। ভেনিজুয়েলায় একটি সমাজতান্ত্রিক সরকার ক্ষমতায় আসার পর এবং সেই সরকার ভেনিজুয়েলার তেল সম্পদ জাতীয়করণ করার পর মার্কিন যুক্তরাষ্ট্র ক্ষিপ্ত হয়ে ওঠে।



সেই থেকে মার্কিন যুক্তরাষ্ট্র ভেনিজুয়েলাকে শায়েস্তা করার জন্য হেন অস্ত্র নেই, যা তারা প্রয়োগ করেনি। ভেনিজুয়েলার ওপর নিষেধাজ্ঞা আরোপ করে মার্কিন যুক্তরাষ্ট্র দেশটির অর্থনীতিকে পঙ্গু করে দেয়। মূল্যস্ফীতি চরমে ওঠে। সাধারণ মানুষের জীবনে নাভিশ্বাসের সৃষ্টি হয়। মার্কিন নিষেধাজ্ঞার লক্ষ্য ছিল ভেনিজুয়েলার অর্থনীতির পঙ্গুদশা ঘটিয়ে দেশটির সমাজতান্ত্রিক সরকারের বিরুদ্ধে সেদেশের জনগণকে খেপিয়ে তোলা। এ লক্ষ্য অর্জনে তারা কিছুটা সফলও হয়।

বামপন্থি প্রেসিডেন্ট হুগো শ্যাভেজ ১৯৯৯ সালে ক্ষমতায় আসার পর দেশটির তেল খনিজগুলো সরকারিকরণের সিদ্ধান্ত নেন। এর জেরে মার্কিন তেল কোম্পানিগুলোর বড় বিনিয়োগ ক্ষতিগ্রস্ত হয়। শুরু হয় যুক্তরাষ্ট্র ও ভেনিজুয়েলার সম্পর্কে টানাপোড়েন। শ্যাভেজের মৃত্যুর পর ২০১৩ সালে ক্ষমতায় আসেন তার উত্তরসূরি মাদুরো। তিনি শ্যাভেজের পথে হাঁটায় যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের উন্নতি হয়নি। মাদকবিরোধী অভিযানের নামে কয়েক মাস ধরে ভেনিজুয়েলার সমুদ্রসীমায় একাধিক হামলাও চালিয়েছে যুক্তরাষ্ট্র। এতে নিহত হয়েছিল শতাধিক মানুষ।

'দ্য নিউইয়র্ক টাইমস'কে টেলিফোনে দেওয়া এক সংক্ষিপ্ত সাক্ষাৎকারে ট্রাম্প ভেনিজুয়েলায় চালানো অভিযানকে 'ব্রিলিয়ান্ট' বলে অভিহিত করেন। পত্রিকাটি তার উদ্ধৃতি দিয়ে জানায়, 'অনেক ভালো পরিকল্পনা ছিল। এতে যুক্ত ছিলেন অসাধারণ সব সেনাসদস্য ও দক্ষ মানুষ।' ভেনিজুয়েলায় হামলায় নিয়োগ করা হয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে ভয়ংকর বাহিনী ডেল্টা ফোর্সকে। ইরাকের কাহিনি ও ভেনিজুয়েলার কাহিনিতে রয়েছে অদ্ভুত মিল। ইরাকের হাতে গণবিধ্বংসী অস্ত্র রয়েছে বলে অভিযোগ তুলে একটি সুন্দর সাজানো-গোছানো দেশকে ধ্বংস করে মার্কিন যুক্তরাষ্ট্র। পরে প্রমাণিত হয়েছে ইরাকে কোনো গণবিধ্বংসী অস্ত্র ছিল না। বুশের কোলের কুকুর নামে পরিচিত ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার এ অভিযোগের ব্যাপারে মার্কিনিদের প্রতি খুবই লোংরাভাবে সুর মেলায়। এখন পর্যন্ত পাওয়া তথ্যে বোঝা এরপর ৪১ পৃষ্ঠায়




ভেনিজুয়েলায় সশস্ত্র প্রতিরোধ সংগ্রামের সূচনা হতে পারে। তবে ভেনিজুয়েলায় দায়িত্বপ্রাপ্ত প্রেসিডেন্ট যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছেন এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারসাম্যমূলক সম্পর্ক তৈরি করার কথা বলেছেন। তার এ বক্তব্যকে অনেকে আপসের প্রস্তাব হিসাবে দেখছে। ভেনিজুয়েলার জনগণ এ ধরনের প্রস্তাব মেনে নেবে কিনা, তা দেখার বিষয়। রাশিয়া ও চীনসহ বেশ কিছু দেশ ভেনিজুয়েলায় মার্কিন হস্তক্ষেপের নিন্দা জানিয়েছে। বাংলাদেশে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিবৃতিতে জানানো হয়, ভেনিজুয়েলার সাম্প্রতিক পরিস্থিতি উদ্বেগের সঙ্গে পর্যবেক্ষণ করছে বাংলাদেশ। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ বিশ্বাস করে, দেশগুলোর মধ্যে সব বিরোধের ক্ষেত্রে কূটনীতি ও সংলাপই সমাধানের পথ

# তারেক রহমানের প্রত্যাবর্তন ও প্রত্যাশা

শামীমা সুলতানা

বেগম খালেদা জিয়া ও তারেক রহমানসহ অসংখ্য বিরোধী নেতাকর্মীরা যখন চরম নিপীড়ন-নির্যাতনের শিকার, তখন গণ-অভ্যুত্থানের মধ্য দিয়েই পালাতে হয়েছে স্বৈরশাসককে। সেই ধ্বংসস্তূপ থেকে তারেক রহমান জাতিকে টেনে তুলে সামনের দিকে এগিয়ে নেওয়ার দৃঢ় প্রত্যয়ে অগ্রসর হচ্ছেন। দেশের সর্বস্তরের মানুষের ভরসাস্থল হয়ে উঠেছেন তিনি। মানুষের অপরিসীম প্রত্যাশার চাপ মাথায় নিয়ে দেশ ও জাতির কল্যাণে সময়ের প্রয়োজনে তাকে সর্বশক্তি দিয়ে এ লড়াইয়ে জিততে হবে। বর্তমান বিরূপ বাস্তবতা নিশ্চয়ই তার ক্যারিশমাটিক নেতৃত্বের গুণে সম্ভাবনার অপার দিগন্তের দিকে বাঁক বদল করবে। পুরো জাতি অধীর আগ্রহে সেই মাহেন্দ্রক্ষণের প্রতীক্ষায়। একটি সুষ্ঠু, সুন্দর ও গ্রহণযোগ্য নির্বাচনের মধ্য দিয়েই জাতি পেতে পারে সেই প্রার্থিত ক্ষণ



বাংলাদেশের সমসাময়িক রাজনীতিতে তারেক রহমান এক বিস্ময়কর সম্ভাবনার নাম। তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জ্যেষ্ঠপুত্র। কিন্তু সব ছাপিয়ে নিজ যোগ্যতা ও সততায় তিনি অর্জন করেছেন অবিশ্বাস্য জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা।

তারেক রহমানের রাজনৈতিক দর্শনের মূল ভিত্তি হলো বাংলাদেশি জাতীয়তাবাদ, যা জিয়াউর রহমান প্রবর্তন করেছিলেন। এ জাতীয়তাবাদ ধর্ম, সংস্কৃতি, ইতিহাস ও ভূখণ্ডের সমন্বয়ে গঠিত। তারেক রহমান বারবার স্বাধীন সিদ্ধান্ত গ্রহণ ও বিদেশি প্রভাবমুক্ত রাজনীতির কথা তুলে ধরেছেন। তার বক্তব্যে রাষ্ট্রের আত্মপরিচয় ও জাতীয় স্বার্থরক্ষার বিষয়টি সর্বাধিক গুরুত্ব পায়। তার ভাষায়-সবার আগে বাংলাদেশ। তারেক রহমানের রাজনৈতিক চিন্তায় গণতন্ত্র ও ভোটাধিকার একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। তিনি ধারাবাহিকভাবে নির্বাচনিব্যবস্থার স্বচ্ছতা, নিরপেক্ষ নির্বাচনকালীন সরকার ও জনগণের ভোটের অধিকার পুনঃপ্রতিষ্ঠার দাবি জানিয়ে এসেছেন।

তার মতে, গণতন্ত্র কেবল নির্বাচন নয়, বরং মতপ্রকাশের স্বাধীনতা, আইনের শাসন এবং ক্ষমতার জবাবদিহিতার সমষ্টি। তারেক রহমান দলীয় কাঠামো ও রাষ্ট্রপরিচালনায় বিকেন্দ্রীকরণের ওপর জোর দেন। তিনি মনে করেন, ক্ষমতা কেবল কেন্দ্রে সীমাবদ্ধ থাকলে গণতন্ত্র দুর্বল হয়। এ কারণেই স্থানীয় সরকার শক্তিশালীকরণ, তৃণমূল পর্যায়ে নেতৃত্ব গড়ে তোলা ও দলীয় সিদ্ধান্ত গ্রহণে তৃণমূল নেতাকর্মীদের সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করেন।

তারেক রহমান কর্মসংস্থান সৃষ্টি, তরুণদের জন্য সুযোগ বৃদ্ধি ও দারিদ্র্যবিমোচনের লক্ষ্যে উৎপাদনশীল অর্থনীতির ওপর জোর দেওয়ার কথা বলেন। তবে একইসঙ্গে সামাজিক নিরাপত্তা ও রাষ্ট্রের দায়িত্বশীল ভূমিকার কথাও তার বক্তব্যে পাওয়া যায়।

তারেক রহমানের রাজনৈতিক চিন্তাভাবনায় একটি সংস্কারমুখী রাষ্ট্রব্যবস্থার আকাঙ্ক্ষা ফুটে ওঠে। চব্বিশের গণ-অভ্যুত্থানের পর তরুণদের স্বপ্নের বাংলাদেশ বিনির্মাণে তার দীর্ঘস্থায়ী ও কার্যকর পরিকল্পনার ছাপ স্পষ্ট হয়ে ওঠে। পনের বছরের ফ্যাসিবাদী শাসনের অন্ধকার কাটিয়ে ও সতের বছরের নির্বাসন শেষে তারেক রহমান ২৫ ডিসেম্বর দেশের মাটিতে পা রাখেন। আক্ষরিক অর্থেই তিনি জুতা খুলে দেশের মাটি স্পর্শ করে প্রমাণ করেছেন, এদেশকে তিনি কতটা গভীরভাবে সত্তায় ধারণ করেন।



রাজধানীর তিনশ ফিট এরিয়ায় জুলাই ৩৬ এক্সপ্রেসওয়ের জনসমুদ্রে দাঁড়িয়ে তিনি দৃপ্তকণ্ঠে ঘোষণা করলেন, 'উই হ্যাভ আ প্ল্যান'। জাতীয় ঐক্য, শান্তি ও শৃঙ্খলার দিকে গুরুত্বারোপ করলেন। নবী করিমের (সা.) ন্যায়পরায়ণতার আলোকে রাষ্ট্রপরিচালনার কথা বললেন। তার বক্তব্যে কোনো ঘৃণা বা প্রতিহিংসা স্থান পায়নি। বরং একজন রাষ্ট্রনায়কোচিত দায়িত্বশীল ও সময়োপযোগী বক্তব্যের মধ্য দিয়ে জাতিকে তিনি দিতে চেয়েছেন সঠিক পথের দিশা।

৫ আগস্ট ২০২৪ তারিখে স্বৈরাচারী শাসকের পতনের পর দেশ একরকম নেতৃত্বশূন্যতার মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। দেশের নানা প্রান্তে দেখা দিয়েছে নৈরাজ্য ও অস্থিরতা। খুন, ধর্ষণ, অগ্নিসংযোগ প্রায় নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। রাজনৈতিক দলগুলোর মধ্যে বিভাজনের সুযোগ নিয়ে পতিত স্বৈরাচারের দোসররা আবার নানা অপতৎপরতা শুরু করেছে। নির্বাচন নিয়েও তৈরি হয়েছে অনিশ্চয়তা। নির্বাচন বানচাল করার জন্য দেশি-বিদেশি চক্র যখন সক্রিয়, তখন দেশের মানুষও অনেকটা হতাশ হয়ে পড়েছে। নির্বাচনের তফসিল ঘোষণার পর ওসমান হাদির হত্যাকাণ্ড দেশকে চরম অনিশ্চয়তার মধ্যে ফেলে দিয়েছে। তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন এসব অন্ধকার ছাপিয়ে দেশের মানুষের মনে আশার আলো সঞ্চার করেছে।

রাজকীয় স্বদেশ প্রত্যাবর্তনের পর তারেক রহমান ফ্যাসিবাদবিরোধী দলগুলোর মধ্যে ঐক্যের ওপর জোর দিয়েছেন। স্বৈরশাসনের বিরুদ্ধে যখন দেশের মানুষ লড়াই করছিল, তখনো তিনি ঐক্যের কথা বলে এসেছেন বিভিন্ন অনলাইন মাধ্যমে। দূর থেকে দলের নেতৃত্ব দিয়ে দলকে এগিয়ে নিয়েছেন দারুণ দক্ষতায়। দেশের মানুষকেও মুক্তির উপায় সম্পর্কে সচেতন করেছেন। দেশে ফিরে আরও দৃপ্তভাবে তিনি জাতীয় ঐক্য, দেশের শান্তি ও সুযোগসন্ধানীদের ষড়যন্ত্রের কথা স্মরণ করিয়ে দেন। বিভেদ ভুলে শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে এনে দেশকে স্থিতিশীল করে তোলার ওপর তিনি জোর দেন।

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে তারেক রহমান মুক্তির প্রতীক হয়ে উঠেছেন। রাজনীতিতে যখন দেশের স্বার্থের চেয়ে ব্যক্তিস্বার্থ বড় হয়ে উঠছে, যখন ক্ষমতার জন্য নিজের বিবেক-বুদ্ধি বিসর্জন দিয়ে ভিনদেশের 'পুতুল নাচের ইতিকথা' মঞ্চস্থ হচ্ছে, তখন তারেক রহমান দেশের স্বার্থকে প্রাধান্য দিয়ে রাজনৈতিক কর্মকাণ্ডে নিজেকে সম্পৃক্ত রেখেছেন। তার ভাষায়-'বাংলাদেশের মানুষ আমার সবচেয়ে বড় উৎসাহের উৎস। তাদের অধিকার ও স্বার্থরক্ষা করা আমার অন্যতম উদ্দেশ্য।' তারেক রহমান এদেশের কৃষক, শ্রমিক ও প্রান্তিক মানুষের ভাগ্যোন্নয়নের কথা বলেন। শিল্প-সাহিত্য ও সাংস্কৃতিক অগ্রগতির বিষয়েও তার রয়েছে ইতিবাচক চিন্তাভাবনা। এক্ষেত্রে রাষ্ট্রের দায়িত্বের দিকটিও তিনি স্মরণ করিয়ে দেন একটি বক্তৃতায়। সমতলের মানুষদের পাশাপাশি পাহাড়ি মানুষদের উন্নয়নের দিকটিও তাকে আপ্লুত করে। প্রতিবন্ধী মানুষের জীবনযন্ত্রণার কথাও তিনি তোলেন না।

নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নের দিকেও তিনি গুরুত্বারোপ করেছেন নানা সময়। আন্তর্জাতিক এরপর ২৪ পৃষ্ঠায়

# শো -টাইম মিউজিক এর পিঠা উৎসবে তারার আলো'র সদস্যদের প্রাণবন্ত পারফরমেন্স

সাপ্তাহিক আজকাল : ৪ জানুয়ারী ২০২৬ রোববার কুইন্স প্যালেসে অনুষ্ঠিত হয় নতুন বছরের প্রথম এবং সেরা পিঠা উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে অংশনেয় তারার আলো উইমেন্স সোসাইটিসহ বেশ কয়েকটি সংগঠন। সকলেই তাদের নিজস্ব সংগঠনের সদস্যদের নিয়ে বিভিন্ন পারফরমেন্স প্রদর্শন করেন। কিন্তু তাদের মধ্যে তারার আলো'র পারফরমেন্স ছিল ব্যতিক্রম এবং আকর্ষণীয়। আর এর পিছনে ছিল তারার আলো'র প্রেসিডেন্ট মিনা ইসলামের সুযোগ্য নেতৃত্ব ও নির্দেশনা। এদিন তারার আলো'র প্রায় ডজন খানেকের উপর সদস্যগণ লাল সবুজ রং এর শাড়ি পরে অপরূপ সাজে বাংলাদেশ এবং আমেরিকার জাতীয় পতাকা হাতে নিয়ে মঞ্চে প্রবেশ করেন এবং " ধন ধান্যে পুস্পে ভরা আমাদেরই বসুন্ধরা " এই জনপ্রিয় দেশাত্মবোধক গানটির মাধ্যমে মঞ্চ ও উপস্থিত দর্শকদের মাতিয়ে তোলেন। হল ভর্তি দর্শকদের করতালির মাধ্যমে সবাই প্রসংশিত হন। এ ছাড়াও এদিনের অনুষ্ঠানের মুখরোচক ও বাংলার ঐতিহ্যের বাহারি পিঠা সমূহ তারার আলো'র সদস্যদের অভিজ্ঞ হাতের ছোয়ায় তৈরী করা হয়। এ ব্যাপারে প্রেসিডেন্ট মিনা ইসলাম অনুষ্ঠানে অংশ নিয়ে সার্থক করার জন্য তার সংগঠনের সকল সদস্য এবং আয়োজক শো-টাইম এর প্রধান খাইরুল ইসলাম খোকনসহ সকলকে ধন্যবাদ জানান। চিত্রে উক্ত অনুষ্ঠানের কিছু বিশেষ দৃশ্য তুলে ধরা হলো।
















# কবিরহাট উপজেলা এসোসিয়েশনের অভিষেক অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে কবিরহাট উপজেলা এসোসিয়েশনের অভিষেক অনুষ্ঠিত হলো। গত ৪ জানুয়ারি রোববার ওজনপার্কের দারুচিনি রেষ্টুরেন্টের পার্টি হলে এ অভিষেক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের প্রধান উপদেষ্টা সাহাব উদ্দিন চৌধুরী । সঞ্চালনা করেন সাধারন সম্পাদক ইমতিয়াজ আহমেদ। এতে উপজেলার ৫ শতাধিক প্রবাসী উপস্থিত ছিলেন।
সভার শুরুতে ৪১ সদস্য বিশিষ্ট কবিরহাট উপজেলা এসোসিয়েশনের কমিটি গঠন করা হয়। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের












নবনির্বাচিত সভাপতি মির্জা মোহাম্মদ হোসেন। অতিথি হিসেবে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, এলেমত্রিওকোন জেনিফার রাজ কুমার, নোয়াখালী সমিতির সভাপতি জাহিদ মিন্টু, সেক্রেটারি মহিবুদ্দিন উদ্দীন শিপু, সৈয়দ আজ্জাদ, আফিয়া বেগম,আরিফুল চৌধুরী, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই'র সিনিয়র সহসভাপতি রেজাউল হক চৌধুরী মানিক,ফুলরাণী এলাহী, আরিফুল হাসান, মোহাম্মদ সাইফুদ্দিন ভূইয়া, ইকবাল হায়দার,মইনদ্দিন, নজরুল ইসলাম, কাজী আজম, নাঈম টুটুল ও জাকির হোসেন চৌধুরী।

## ইউরিন ইনফেকশনের লক্ষণ ও প্রতিকার

২০ পৃষ্ঠার পর

অভ্যাস থেকে নিজেকে বের করে নিয়ে আসুন। তাহলে এ রোগ থেকে মুক্তি মিলতে পারে। প্রচুর পানি পান করা ইউরিনারি ইনফেকশনকে প্রতিরোধের সেরা উপায় হলো প্রচুর পরিমাণে পানি পান করা। এতে মূত্রত্যাগের সময় জ্বালাপোড়া কমানোর সঙ্গে সঙ্গে ইউরিনারি ইনফেকশনও দূর করে। ভিটামিন সি ইউরিনারি ইনফেকশন এড়াতে নিয়মিত ভিটামিন সি গ্রহণ করতে পারেন। প্রতিদিন ১০০০ মিলিগ্রাম ভিটামিন সি গ্রহণ করলে শরীরে যে অম্ল উৎপন্ন হয়, তা মূত্রে ব্যাকটেরিয়া সংক্রমণের বিস্তার রোধে দারুণভাবে কাজ করে।

## সরকারি সহায়তা নেয় অর্ধেকের বেশি বাংলাদেশিরা: ট্রাম্প

১ পৃষ্ঠার পর

ট্রাম্পের শেয়ার করা তথ্য অনুযায়ী-মার্কিন সরকার অভিবাসীদের জন্য খাদ্য, স্বাস্থ্যসেবা ও আবাসনসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। এই তালিকায় বিশ্বের ১২০টি দেশ ও অঞ্চলের অভিবাসী পরিবারের কথা উল্লেখ করা হয়েছে। ভারত ছাড়া দক্ষিণ এশিয়ার প্রায় সব দেশই এই তালিকায় অন্তর্ভুক্ত দেখা গেছে। ভারতের নাম কেন অন্তর্ভুক্ত করা হয়নি, সেই বিষয়ে কোনো ব্যাখ্যা দেওয়া হয়নি। তালিকাভুক্ত দেশগুলোর মধ্যে সবচেয়ে বেশি সংখ্যায় সরকারি সহায়তা পায় ভুটানি অভিবাসী পরিবারগুলো।

## মুক্তধারার বইমেলা আগামী ২২-২৫ মে

৩ পৃষ্ঠার পর

বাংলা বইমেলাকে সুশৃঙ্খল, অন্তর্ভুক্তিমূলক ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সবার সহযোগিতা কামনা করেন। ড. নজরুল ইসলাম জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়ক বিভাগে প্রধান উন্নয়ন গবেষক হিসেবে দীর্ঘ সময় দায়িত্ব পালন করেছেন। অর্থনীতি, রাজনীতি ও পরিবেশ বিষয়ে তিনি বাংলা ও ইংরেজি ভাষায় একাধিক গ্রন্থ রচনা করেছেন। তাঁর বেশ কয়েকটি বই আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত হয়েছে। উল্লেখ্য, ২০২৫ সালের বইমেলার আহ্বায়কের দায়িত্ব পালন করেছিলেন ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের সাবেক প্রধান ও বিশিষ্ট সাংবাদিক রোকেয়া হায়দার।

## মার্কিন দূরবীনে সংসদ নির্বাচন

১ পৃষ্ঠার পর

হচ্ছে। ঢাকা ৮ নির্বাচনি এলাকায় সম্ভাব্য জনপ্রিয় প্রার্থী শরীফ ওসমান হাদিসহ গত এক মাসে ৫ জনকে ঘাতকরা হত্যা করেছে। ঢাকার তেজকুনি বাজার এলাকায় সর্বশেষ খুন হয়েছেন স্বেচ্ছাসেবক দলের নেতা মোশাকির। এছাড়া চট্টগ্রামের রাউজানে বিএনপির স্থানীয় নেতা আলম, যশোর, চুয়াডাঙ্গা, ময়মনসিংহে রাজনৈতিক হত্যাকাণ্ডের পর সারাদেশে টার্গেট কিলিং এখন বড় আতঙ্কের বিষয়। সিনেটের শুনানির আগে এক বিবৃতিতে ক্রিস্টেনসেন বলেন, 'আমি বাংলাদেশের বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার এবং গণতান্ত্রিকভাবে নির্বাচিত উত্তরসূরি উভয়ের সাথেই মার্কিন-বাংলাদেশ সম্পর্ককে এগিয়ে নিতে দৃঢ় সম্পর্ক গড়ে তুলতে দূতাবাসের ঢাকার টিমকে নেতৃত্ব দেওয়ার অপেক্ষায় রয়েছি'।

নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল মোতাবেক, আগামী ১২ ফেব্রুয়ারি একই সঙ্গে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং সংস্কার বিষয়ে গণভোট অনুষ্ঠিত হবে। এই বিষয়ে নির্বাচনী কার্যক্রম অর্থাৎ মনোনয়নপত্র জমাদানসহ ভোটের প্রক্রিয়া যথাযথভাবে অনুষ্ঠিত হচ্ছে। তারপরও কারও কারও মনে সন্দেহ, নির্ধারিত তফসিল মোতাবেক নির্বাচন অনুষ্ঠিত হবে কিনা তা নিয়ে বিশেষ করে শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তর সংশয়ের কথা কারও কারও মুখে মুখে। এই সংশয়ের যৌক্তিক কোনও ব্যাখ্যা কেউ দিতে পারেননি। যদিও কেউ কেউ বলেন যে, ভোটের দিনক্ষণ এগিয়ে এলেও দেশের ভেতরে নির্বাচনী আমেজ নেই। বাংলাদেশে বিগত সময়ে যেসব নির্বাচন অনেক অবাধ ও সুষ্ঠু হয়েছে ওই সকল নির্বাচনের মতো ভোটের আমেজ এবার লক্ষ করা যাচ্ছে না। তবুও ভোটের প্রস্তুতিতে কোনও ঘাটতি নেই। তবে নির্বাচন নিয়ে সবচেয়ে বড় শঙ্কার জায়গা হলো আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে।

বাংলাদেশে অতীতের বিভিন্ন নির্বাচনে সহিংস ঘটনা ঘটেছে। এবার পরিস্থিতি আরও নাজুক। ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর অনেক স্থানে পুলিশের অস্ত্র লুট হয়েছে। ওই সকল অস্ত্র এখনও জমা হয়নি। অনেক দাগী আসামী ও সন্ত্রাসী কারাগার থেকে পালিয়ে গেছে। তাদের ধরা সম্ভব হয়নি। সীমান্ত দিয়েও অবৈধ অস্ত্র প্রবেশের আশঙ্কার কথা শোনা যায়। এই পরিস্থিতিতে নির্বাচনের সময়ে সহিংসতার আশঙ্কা অনেক বেশি। বিশেষ করে এবার পুলিশের অবস্থা খুবই নাজুক। বাংলাদেশে বিভিন্ন মব সন্ত্রাস এবং মিডিয়া ও সাংস্কৃতিক সংগঠনে হামলার সময়ে পুলিশ যথাযথ ভূমিকা পালন করেনি বলে অভিযোগ রয়েছে। পুলিশের মনোবল এখনও ফিরেনি। তবে নির্বাচনে একমাত্র ভরসা এখন সেনাবাহিনী। ম্যাজিস্ট্রেসি ক্ষমতাসহ সেনাবাহিনী মাঠে রয়েছে। ফলে সেনাবাহিনী ইচ্ছা করলে সুষ্ঠু নির্বাচনের পরিবেশ নিশ্চিত করতে পারে বলে সাধারন মানুষের বিশ্বাস রয়েছে।

আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে শঙ্কা সত্ত্বেও সার্বিক পরিস্থিতিতে মনে হচ্ছে নির্বাচন ঘোষিত তফসিল মোতাবেকই অনুষ্ঠিত হবে। বাংলাদেশে অভ্যন্তরীণ শক্তিশালী পক্ষসমূহ নির্ধারিত সময়ে নির্বাচন চায়। বাংলাদেশের সশস্ত্র বাহিনী দীর্ঘদিন যাবত বেসামরিক প্রশাসনকে সহায়তার জন্যে মাঠে রয়েছে। এতে করে সেনাবাহিনীর সদস্যরা ছুটি পাচ্ছেন না। সেনাবাহিনীর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো নিয়মিত প্রশিক্ষণ। মাঠে মোতায়েন থাকায় ট্রেনিং থেকে বঞ্চিত হচ্ছেন। সেনাবাহিনী যত দ্রুত সম্ভব ব্যারাকে ফিরে যেতে চায়। এই লক্ষ্যে তারা নির্বাচন শেষ হওয়ার অপেক্ষায় আছে। গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকার দায়িত্ব গ্রহণের পর পরই সেনাবাহিনীর ব্যারাকে যাওয়ার সুযোগ সৃষ্টি হবে। ফলে সেনাবাহিনী এই তফসিলেই নির্বাচন চাইছে। বাংলাদেশের ব্যবসায়ী সম্প্রদায় যত দ্রুত সম্ভব নির্বাচন এবং নির্বাচিত সরকার চায়। তাদের দৃঢ় বিশ্বাস নির্বাচিত সরকার দেশে স্থিতিশীলতা ফেরাতে সক্ষম হবে। অস্থিতিশীল পরিস্থিতি ব্যবসা-বাণিজ্য এবং বিনিয়োগের জন্য ক্ষতিকর। দেশী ও বিদেশী বিনিয়োগকারীরা দেশের দীর্ঘমেয়াদি পলিসি চান। অন্তর্বর্তি সরকারের পক্ষে দীর্ঘমেয়াদী পলিসি দেওয়া সম্ভব নয়। তাই ব্যবসায়ী সম্প্রদায় দ্রুত নির্বাচন চাইছে। দ্রুত নির্বাচিত সরকার চাইছে।

বাংলাদেশে এই মুহূর্তে সবচেয়ে বড় রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি) নির্বাচন হলে ক্ষমতায় যাবে বলে আশা করছে। দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ১৭ বছরের নির্বাসিত জীবন কাটিয়ে দেশে ফিরেছেন। এই সময়ে নির্বাচন তাই বিএনপিরও প্রত্যাশা। জামায়াতে ইসলামী ও এনসিপি'র জোটের কেউ কেউ নির্বাচন নিয়ে সংশয় প্রকাশ করছেন। সম্প্রতি আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া নির্বাচন নিয়ে সংশয় প্রকাশ করেছেন। জামায়াতে ইসলামীর কোনও কোনও নেতার মুখেও একই সুর। জামায়াত - এনসিপি চায় ভোটের পরে জাতীয় সরকার। ফলে তারা বাধ্য হয়ে ভোটের সড়কটিকে উপেক্ষা করতে পারবে না। আওয়ামী লীগ সমর্থিত কেউ কেউ ভোট নিয়ে সংশয়ের কথা সোশ্যাল মিডিয়ায় প্রচার করছেন। এসব প্রচার টিকবে না বলেই মনে হচ্ছে। আঞ্চলিক ও আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশে নির্বাচন এবং গণতন্ত্র প্রত্যাবর্তন চাইছে। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে দক্ষিণ এশিয়ার উচ্চ পর্যায়ের প্রতিনিধিদের অংশগ্রহণ এবং জাতিসংঘ ও কমনওয়েলথ মহাসচিবের শোকবার্তা বিএনপি নেতা তারেক রহমানের প্রতি আস্থার প্রকাশ। ইউরোপীয় ইউনিয়ন এরিমধ্যে নির্বাচনী পর্যবেক্ষক পাঠিয়ে দিয়েছে।

## তারেককে নিয়ে প্রবাসীরা কি ভাবছেন

১ পৃষ্ঠার পর

ভেতর চরম বিশৃংখলা। অথচ এই দলটির জন্য ১৭টি বছর বিদেশে বসে দিনরাত কাজ করেছেন। প্রতিটি দিন, প্রতিটি রাত কাটিয়েছেন দেশের মাটি ও মানুষের জন্য। দেশের গণতন্ত্র পুনরুদ্ধারে প্রবাসে বসে নেতৃত্ব দিয়েছেন। ২৫ ডিসেম্বর দেশে ফিরেছেন। বিদেশি মিডিয়াগুলো তাকে 'আগামীর প্রধানমন্ত্রী' হিসেবে বলার চেষ্টা করছে। ১২ ফেব্রুয়ারি দেশে সাধারন নির্বাচন। এতে অন্যতম বৃহত্তম দল বিএনপি জিতলে তিনিই হবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। তার বাংলাদেশের ফেরা ও নবগঠিত দল এনসিপি নিয়ে রাজনীতির মাঠ এখন সরগরম। এই দুটি ইস্যু নিয়ে প্রবাসের রাজনৈতিক, সাংবাদিক ও সচেতন মানুষের প্রতিক্রিয়া জানতে চেয়েছিল সাপ্তাহিক আজকাল। তাদেরই প্রতিক্রিয়া এখানে তুলে ধরা হলো পাঠকদের জন্য।

প্রবীণ সাংবাদিক মোহাম্মদ উল্লাহ। তারেকের প্রত্যাবর্তন ও দেশের রাজনীতি নিয়ে কথা বলছিলেন সাপ্তাহিক আজকাল পত্রিকার সাথে। প্রতিবেদককে তিনি বলেন, তারেক বঙ্গবন্ধুকে নিয়ে অতীতে অনেক নেতিবাচক কথা বলেছেন। গত ১ বছর থেকে সে অবস্থান থেকে সরে এসেছেন। অনেক গঠনমূলক কথা বলছেন। আশাকরি, দেশ, জাতি ও মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদানের কথা বাস্তবতায় অনুধাবন করবেন। তার উচিৎ হবে বঙ্গবন্ধুর দলকে অপাংক্তেয় করা থেকে দূরে থাকা। সহনশীল ও উদার গণতান্ত্রিক দেশ গঠনে ভূমিকা রাখা। তার দলের ভেতর অবশ্য গণতান্ত্রিক চর্চাটির বড়ই অভাব। দলকে পরিবারতন্ত্রের কবল থেকে বের করে নিশ্চয়ই যোগ্যদের সন্ধান দেবেন।

বাংলাদেশের নির্বাচন ও রাজনীতি প্রশ্নে মোহাম্মদ উল্লাহ বলেন, জামায়াত ও এনসিপির নির্বাচনী জোট নানা আলোচনা ও সমালোচনার জন্ম দিয়েছে। তারা জামায়াতে তাঁদের আসল চেহারাটা খোলাশা করলেন। অবশ্য তাদের অনেকেই জামায়াত শিবির না। তারা ভুল বুঝতে পেরে পদ ও দল ত্যাগ করছেন। এনসিপির বাগী আদর্শহীনতার পরিচয় দিয়েছে। জনমত জরিপে বিএনপি এগিয়ে আছে। কিন্তু জামায়াত তারেক সাহেবের দলের চেয়ে অনেক সুসংগঠিত। নির্বাচনের প্রার্থী মনোনয়নে কিন্তু তারা তা দেখাচ্ছে। পক্ষান্তরে বিএনপিতে দেখছি বিশৃংখলা। সর্বত্র বিদ্রোহী প্রার্থী। এটা নিয়ন্ত্রন করতে না পারলে বিএনপিকে মাশুল দিতে হবে। আর জামায়াত কোন না কোনভাবে ক্ষমতায় গেলে প্রিয় দেশটি পিছিয়ে যাবে।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড.সিদ্দিকুর রহমান সাপ্তাহিক আজকালকে দেয়া এক প্রতিক্রিয়ায় বলেন, তারেক রহমান ১৭ বছর পর দেশে ফিরেছেন। তাকে নিয়ে মিডিয়া অতি হাইপার ছিল। একটা ইতিহাস সৃষ্টি হলো তার প্রত্যাবর্তনের মধ্যদিয়ে। সরকারি কোন পদে না থেকেও ১ জন সাধারন নাগরিককে এমন নিরাপত্তা দেয়া নজিরবিহীন। বিশ্বে এটি একটি রেকর্ড। বাংলাদেশের মানুষ তাকে অর্ভ্যথনা দিয়েছে। দেখি তিনি এখন কি করেন। ২৫ ডিসেম্বরের পর তারেক রহমান অঘোষিতভাবে দেশের শাসনভার গ্রহন করেছেন। বুলেট প্রুফ গাড়ি ও প্যানহ্যানের পাহাড়ায় একটি একতরফা নির্বাচন হতে যাচ্ছে। যেখানে দেশের বৃহৎ রাজনৈতিক দল আওয়ামী লীগকে বাইরে রাখা হচ্ছে। এ নির্বাচনে কখনও জনগনের আকাংখার প্রতিফলন ঘটবে না। আর এনসিপি ও জামায়াত একই বৃন্তে দুটি ফুল। দেড় বছর পরে হলেও এনসিপির আসল চেহারা প্রকাশ্যে এসেছে। তাদের ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেদিন সঠিকই বলেছিলেন। ওরা তো রাজাকারের বাচ্চা।

যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারন সম্পাদক জিল্লুর রহমান জিলু আজকালকে বলেন, তারেক রহমান দেশে ফেরার জন্য ১৭টি বছর অপেক্ষা করেছেন। তার দেশে ফেরা ও ঐতিহাসিক বক্তব্য জাতির আশা আকাংখার প্রতীক হয়ে আবির্ভূত হয়েছে। ২০টি বছর তার বিরুদ্ধে নানা অপপ্রচার ভুল প্রমানিত হয়েছে। তিনি একজন সাচ্চা দেশ প্রেমিক। জনগনের ভাগ্য পরিবর্তনে তিনিই সঠিক নেতা। আগামীতে তার প্রমান হবে। স্বৈরতন্ত্রের রাজনীতির অবসান ঘটিয়ে তারেক রহমান আলোকিত বাংলাদেশ ও দল গড়ে তুলবেন। এটিই আমাদের প্রত্যাশা।

প্রবীণ সাংবাদিক আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, তারেক রহমান চাঁদাবাজি বন্ধে জিরো টলারেন্স দেখালে দেশের চেহারাই পাল্টে যাবে। সেটা তার দল থেকে শুরু করতে হবে। ২৫ ডিসেম্বরে তার দেওয়া বক্তব্য জাতির সামনে আশার আলো দেখিয়েছে আমরা অপেক্ষায় থাকলাম। এনসিপি প্রশ্নে তিনি বলেন, এনসিপির নেতাদের সাথে তারেক রহমানের আগেই বসা উচিৎ ছিল। তা'হলে পরিস্থিতি পাল্টাতে পারতো। এনসিপি সঠিক পথে গেল কিনা তা এখনই বলা যাবে না। তবে তাদের নিয়ে একটা ধোঁয়াশার সৃষ্টি হয়েছে।

সাংবাদিক ও লেখক হাসান ফেরদৌস আজকালকে দেয়া এক প্রতিক্রিয়ায় বলেন, বাংলাদেশে ২টি জিনিসের এখন অভাব ( লিডারশীপ এন্ড হোপ ডেফিসিট)। এক. নেতৃত্বের। দুই.আশার। স্বৈরাচারি শেখ হাসিনার পতনের পর বাংলাদেশে রাজনৈতিক নেতৃত্বের শূন্যতা বিরাজ করছে। সরকারের ভেতরে কিংবা বাইরে এমন কোন নেতৃত্ব নেই যার ওপর আস্থা রাখা যায়। এমন পরিপ্রেক্ষিতে তারেক জিয়ার প্রত্যাবর্তন মানুষের আশার জন্ম দিয়েছে। তার কথা ও কাজে দেশের মানুষ মনে করছে এই লোকটি ১৭টি বছরের ব্যবধানে বহুলাংশে একজন পরিপূর্ণ মানুষ। এখন পর্যন্ত তিনি যা বলেছেন তার মূল বক্তব্য এ সময়-সময়ত নির্বিশেষে জাতীয় নিরাপত্তার প্রশ্নে এক হতে হবে। নিরাপত্তা, শান্তি ও সামগ্রিক সমৃদ্ধি আমাদের অগ্রাধিকার। তারেক কথা ও কাজে এখ নপর্যন্ত কোন বিদ্বেষমূলক বক্তব্য রাখেন নি। তা দেশের মানুষের ভালো লেগেছে। পাশাপাশি খালেদা জিয়ার মৃত্যুর পর দেশব্যাপী যে প্রতিক্রিয়া দেখা গেছে তা তারেকের অবস্থানকে সুদৃঢ় করেছে। এটাকে তার প্রতি আমরা সহানুভূতি ভোট অবশ্যই পারি। পরলোকগত বেগম খালেদা জিয়া এ মুহূর্তে সকল দলমতের কাছে গ্রহনযোগ্য নেতা হয়ে উঠেছেন। তারেক তারই উত্তরাধিকার। বুদ্ধিমত্তার সাথে সবকিছু হ্যান্ডেল করতে পারলে তারেক দেশের জটিল রাজনৈতিক বৈতরণী পার হতে পারবেন বলে মনে হয়।



# অ্যাডভোকেট শেখ আখতারুল ইসলামের দাফন সম্পন্ন



আজকাল রিপোর্ট

কমিউনিটির অত্যন্ত শ্রদ্ধাভাজন ব্যক্তিত্ব, সিলেটের কৃতি সন্তান বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের বীর মুক্তিযোদ্ধা ও সুপ্রীম কোর্টের বিশিষ্ট আইনজীবী অ্যাডভোকেট শেখ আক্তারুল ইসলাম রোববার ৪ জানুয়ারি দুপুরে নিউইয়র্কে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।
সোমবার ৫ জানুয়ারি আখতারুল ইসলামকে সমাহিত করা হয় নিউইয়র্কের লং আইল্যান্ডের মাউন্ট প্লেজেন্ট সেমিট্রিতে। এর আগে আল-ফোরকান মসজিদে অনুষ্ঠিত জানাজা অনুষ্ঠিত হয়। জানাজার সময় বাবার কফিনের সামনে দাঁড়িয়ে কথা বলছিলেন মরহুমের পুত্র শেখ আরিফুল ইসলাম। কফিন আঁকড়ে ধরে অঝোরে কাঁদছিলেন পুত্রকন্যাসহ পরিবারের সদস্যরা। তাঁর ভাই শেখ আতিকুল ইসলাম কৃতজ্ঞতা জানাচ্ছিলেন বিলাপ মিশ্রিত সংলাপে। জনসমাজের পক্ষ থেকে গভীর শোক ও শ্রদ্ধা জানিয়ে অন্তিম বিদায় উচ্চারণ করেন নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম। বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী এক বিবৃতিতে তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

# ইসলাম মামুনকে কংগ্রেসওম্যান ওকাসিও কর্টেজ'র অভিনন্দন





আজকাল রিপোর্ট

কংগ্রেসওম্যান ও ডেমোক্রেটিক পার্টির প্রভাবশালী নেত্রী আলেকজান্দ্রা ওকাসিও কর্টেজ এক চিঠিতে কমিউনিটি সেবায় অবদান রাখা ও কমিউনিটি বোর্ড সদস্য নির্বাচিত হওয়ায় এম ইসলাম মামুনকে অভিনন্দন জানিয়েছেন। গত ১১ ডিসেম্বর মামুনকে লেখা এক চিঠিতে কংগ্রেসওম্যান বলেন, মামুনের ব্রংকস কমিউনিটি বোর্ড ৯ এর সদস্য নির্বাচিত হওয়ার মধ্যদিয়ে তার সামাজিক সম্পৃক্ততার নতুন এক দিগন্ত উন্মোচিত হলো। কমিউনিটির প্রতি দীর্ঘদিনের কমিটমেন্টের প্রতিফলন এটি। তার চিন্তা, ভাবনা ও এডভোকেসি অবশ্যই মূল্যবান। তা আমাদের ডিস্ট্রিক্টকে আরও এগিয়ে নিতে ভূমিকা পালন করবে। কমিউনিটির কল্যাণে যেকোন সহযোগিতার প্রয়োজন হলে আমার ১৪তম কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট অফিসে যোগাযোগ করতে মামুন দ্বিধা করবেন না। স্থানীয় কংগ্রেস সদস্য হিসেবে আমি কমিউনিটি লিডারদের পাশে থাকতে সবসময় গর্ববোধ করি।

## টেকসই গণতন্ত্র চাইলে রাজনীতিতে সহনশীলতা থাকতেই হবে

১০ পৃষ্ঠার পর

সহনশীল আচরণ, যেখানে বিরোধীকে শত্রু হিসেবে না দেখে একজন প্রতিদ্বন্দ্বী হিসেবে দেখার মানসিকতা গড়ে তোলাকে অত্যাবশ্যকীয় রাজনৈতিক বৈশিষ্ট্য হিসেবে দেখা হয়।
এই দৃষ্টিকোণ থেকে আমরা সদ্য প্রয়াত রাজনৈতিক ব্যক্তিত্ব বেগম খালেদা জিয়ার অপার সংযত ব্যবহার, রাজনৈতিক পরিপক্বতা ও শিষ্টাচারের চর্চা একটি দৃষ্টান্ত হিসেবে দেখতে পাই। বছরের পর বছর রাজনীতি চর্চার মধ্য দিয়ে যেমন এই গুণাবলি একজন রাজনীতিক রপ্ত করতে পারেন, একইভাবে সামাজিকভাবেও সেই গুণাবলি একজনের মধ্যে গড়ে উঠতে পারে। তবে এই ধরনের গুণকে দীর্ঘ সময় ধরে লালন করতে শিখতে হয়, যা এক দিনের রাজনৈতিক চর্চায় গড়ে ওঠে না। রাজনৈতিক শিষ্টাচার বা গুণাবলির সঙ্গে যুক্ত থাকে নৈতিকতা ও আদর্শিকভাবে আপসহীন থাকা। এটি আমরা আবারও দেখতে পাই খালেদা জিয়ার রাজনৈতিক জীবনে। সামরিক শাসন কিংবা বিগত দশকজুড়ে আওয়ামী শাসনের সময়ে রাজনৈতিক নিপীড়নের মুখে তিনি তাঁর অবস্থান বদলাননি। বারবার কারাবরণ, মামলা ও শারীরিক অসুস্থতার মধ্যেও তিনি রাজনীতির ময়দান ছাড়েননি; এমনকি তিনি দেশ ছেড়ে যাননি। আর তাই তো 'বাংলাদেশের বাইরে আমার কোনো ঠিকানা নেই'-এমন বক্তব্য বাংলাদেশের মানুষের হৃদয়ে এমনভাবে গেঁথে গেছে, যেন খালেদা জিয়াকে নিয়ে যেকোনো আলোচনায় এটিই সবার সামনে চলে আসে। ম্যাক্স ওয়েবার হয়তো এমন চারিত্রিক দৃঢ়তাকেই বলেছিলেন বিশ্বাস ও নীতির প্রশ্নে আপস না করা।
আমরা যদি বাংলাদেশের অন্যান্য ক্যারিশমেটিক বা কিংবদন্তি রাজনৈতিক ব্যক্তিদের জীবন পর্যালোচনা করি, তাহলেও দেখতে পাই রাজনৈতিক জীবন মানেই নানা প্রতিকূলতার অভিজ্ঞতা। সেই কঠিন অভিজ্ঞতা তরুণদের জন্য যে শিক্ষণীয় বার্তা নিয়ে আসে তা হলো, রাজনীতিতে রাতারাতি সাফল্য আসে না, রাজনীতি এক দীর্ঘ যাত্রা ও সহনশীলতার পরীক্ষা। এ দিক দিয়েও তরুণ রাজনীতিকদের সহনশীলতার চর্চা ও ধৈর্যের প্রমাণ দিতে হবে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি টেকসই গণতান্ত্রিক ব্যবস্থা না থাকার কারণে আমরা বারবার সামরিক শাসন, রাজনৈতিক দমন, গ্রেপ্তার, গুম-খুনসহ নানা প্রতিকূলতা দেখতে পাই, যা আমাদের রাজনীতিকে নানাভাবে পিছিয়ে দিয়েছে।
এর ফল আমরা তরুণ প্রজন্মের কাছে রাজনীতি একটি নেতিবাচক বিষয় হিসেবে চিত্রায়িত হওয়ার মাধ্যমে দেখতে পাই। বাংলাদেশের রাজনীতিতে সহনশীলতার চর্চা আমরা যদি জারি রাখতে না পারি তাহলে কেবলমাত্র ক্ষমতার পালাবদল হলেই রাজনৈতিক সংস্কৃতির বদল ঘটবে না। সহনশীলতার চর্চার প্রত্যাশাও আমাদের জন্য অধরাই থেকে যাবে। মনে রাখতে হবে, সহনশীল ভাষা দুর্বলতার লক্ষণ নয় বরং এটি আত্মবিশ্বাসী নেতৃত্ব ও রাজনৈতিক পরিপক্বতার প্রকাশ। আমরা যে প্রতিশোধের রাজনীতি বিগত সময়ে দেখে আসছি, এখনই সময় এই দুষ্টচক্র ভাঙার।
ভিন্নমতের দমন নয় বরং সব মতের সহাবস্থানই যেন হয় আমাদের ভবিষ্যতের বাংলাদেশ গড়ার মূলনীতি। যাঁরা ভবিষ্যতের রাজনীতি গড়তে চান, তাঁদের জন্য এই দৃঢ়তা ও সংযমের সমন্বয় হবে সবচেয়ে বড় শিক্ষা।
বুলবুল সিদ্দিকী: অধ্যাপক, রাজনীতি ও সমাজবিজ্ঞান বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

## উদ্বেগ কমানোর সহজ পাঁচ কৌশল

২০ পৃষ্ঠার পর

ক্যাবিনেট রাখা ও তাতে অনেক ফাইল। কল্পনায় একটি করে ফাইল নিয়ে আপনার যে বিষয়গুলো নিয়ে দুশ্চিন্তা হচ্ছে তা লিখুন। একটি ফাইলে একটি দুশ্চিন্তা লিখুন। এটা নিয়ে কিছুক্ষণ ভাবুন এবং ফাইলটি বন্ধ করে ক্যাবিনেটে রেখে দিন। এটি চালিয়ে যান যতক্ষণ না আপনার লেখার মতো একটিও দুশ্চিন্তার বিষয় বাকি থাকবে। মনের ব্যায়ামটি দ্রুত আপনাকে উদ্বেগ থেকে মুক্তি দেবে। সেইসঙ্গে উদ্বেগটা পুরোপুরি দূর করার রাস্তায় হয়তো খুঁজে পাবেন এ প্রক্রিয়ায়। মনোযোগ সরান : ওপরের কোনো কৌশলই যদি তাৎক্ষণিক কাজ না করে, সে ক্ষেত্রে নিজের মনোযোগ অন্যদিকে নেওয়ার চেষ্টা করুন। উদ্বেগের কারণে যদি হৃৎস্পন্দন বাড়তে থাকে বা ঘামতে থাকেন, তবে দ্রুত অন্য একটি হালকা কাজ শুরু করে দিন। কাজটা হতে পারে রান্না করা, বই পড়া, গাছে পানি দেওয়া বা কাউকে ফোন করে গল্প করা। লিখেছেন হেলথএমডি অবলম্বনে

## বাংলাদেশ সোসাইটি অব ব্রুকসের ইফতার ৩ মার্চ

৬২ পৃষ্ঠার পর

সকলের মতামতের ভিত্তিতে আগামী ৩রা মার্চ মঙ্গলবার গোল্ডেন প্যালেস মিলনায়তনে পবিত্র রমজান মাসের ইফতার মাহফিল অনুষ্ঠিত হবে। এবং সংগঠনের ৬ জন উপদেষ্টা নির্বাচিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
সভায় উপস্থিত ছিলেন সহ-সভাপতি কাজী রবিউজ্জামান, যুগ্ম সাধারণ সম্পাদক মুরাদিয়া আলম, কোষাধ্যক্ষ হুমায়ূন কবীর সোহেল, সাংগঠনিক সম্পাদক দীপংকর সেন, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, ধর্ম বিষয়ক সম্পাদক শফিকুর রহমান, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক সুরজিৎ বিশ্বাস দাস চৌধুরী, মহিলা বিষয়ক সম্পাদক ঝুলি রহমান, সাংস্কৃতিক সম্পাদক মিথুন দেব, ক্রীড়া সম্পাদক রায়হান পারভেজ, কার্যকরী সদস্য বিজয় কৃষ্ণ সাহা, সদস্য জহুরুল ইসলাম, সদস্য কাজীরুল ইসলাম শিপন, সদস্য মহিবুল হক, সদস্য চৌধুরী মুনিত তানিম প্রমুখ।




# এই সপ্তাহের কবিতা



## এইচ বি রিতা'র কবিতা

(১) হাদি অমর নিরবধি
হাদি এক বিদ্রোহী সুর, হাদি এক বাতিঘর
হাদি এক শাণিত কৃপাণ, হাদি এক মহাঝড়।
হাদি সেই জুলাই আগুন, হাদি সমাজের ধ্বনি
হাদি সেই ফ্যাসিবাদ কাঁপন-জ্বলন্ত এক অশনি।

হাদি সেই উদ্ধত শির, হাদি মৃত্যুঞ্জয়ী প্রাণ
হাদিই সেই শিকল ভাঙার, দুর্জয় জয়গান।
হাদি এক বিপ্লবী ইমান, জালিমের দুরুদুরু বুক
হাদিই সেই নমরুদী শাহীর, ধ্বংসের কালো মুখ।

ঘুমালে হাদি, জাগিলে হাদি, হাদি চোখের জল,
হাদি মানে আজ শৃঙ্খল ভাঙা, এক অজেয় বল।
হাদি বিদ্রোহী, হাদি ক্রন্দসী, হাদির রক্ত-মশাল,
হাদি মানে আজ শোষকের তখ্‌ত-উল্টে দেওয়া পাল!

শাহবাগে আজ কাঁপন ধরায় -বৃদ্ধ শিশু হাহাকার,
বিচারের দাবি, পুরোনো পকেটে -ষড়যন্ত্র অন্ধকার!
মা কেঁদে কয় -'বাছা রে আমার, রক্ত দিলি কি দিয়ে?'
শহীদের কাফেলা এগিয়ে চলে -কে চলে কার পিছে?

ঘুমালে হাদি, জাগিলে হাদি -বুকে দাবানল জ্বলে,
বিপ্লব আজ বিচার চায়রে -ফেরাউনের কোলাহলে!
মরিলে হাদি, বাঁচিলে হাদি -হাদি এক মহাপ্রাণ,
ইনসাফ ছাড়া এই বাংলা -পাবে না মুক্তির প্রাণ।

জাগো রক্ত-তিলক পরা -ওরে হাদির উত্তরসূরি,
হাদির খুনে লাল হয়েছে -আকাশের সিঁদুর-পুরী!
গোর আজাদের ডাক এসেছে -হাদি সবার ঘরে,
বিদ্রোহী সেই রণ-তূর্য -বাজছে আকাশ থরথরে!

হাদি অমর, হাদি অক্ষয় -হাদি সত্যের বাণী,
হাদি আমাদের পথ দেখালো -সত্যের কুরবানী
ঘুমালে হাদি, জাগিলে হাদি, হাদি চোখের জল
হাদি মানে আজ শৃঙ্খল ভাঙা এক অজেয় বল।

(২) ইনসাফ আসবেই
হাদি আজ ঘরে ঘরে, হাদি আজ বজ্র,
জালিমের তখত্ আজ হবেই রে চূর্ণ।
ভেবেছিস একা সে? ভুল সে যে শঠের,
ইনসাফের মিছিলে সে আজো অতন্দ্র।

হাদির রক্তে আজ -লাখো কোটি লড়াকু,
মিছিলের হুংকারে ইনসাফ ও মুক্তি।
হাদিরা তো দমে না, হাদিরা যে দুর্জয়,
জালিমের বিনাশে হাদিরাই তো শক্তি।

এক হাদি রুখলে, কোটি হাদি জ্বলে
বিপ্লবী কণ্ঠ আজ সতেরো কোটি দলে
রক্তেই হোক তবে, ফ্যাসিবাদের পতন
ইনসাফ আনবেই হাদিদের জীবন!

পবিত্র লোহু মাখা শহিদের জনপদ,
হাদিরাই রুখবে ফেরাউনের কালো পথ।
আবাবিল হয়ে আয়, ফিরে আয় ওরে বীর,
ইনসাফ আসবেই, উঁচু হবে হাদি-শির।

(৩) হাদি বলে গেছে
মৃত্যুর ফয়সালা আসমানে হয়, জমিনে কিসের ভয়?
শহীদী মরণ হাসিমুখে নিলে, তুচ্ছ এ মরণ-ঝড়।
বিপ্লবী কখনো মরে না গৃহে, হয় না তো অসময়,
রাজপথে প্রোমির মৃত্যুতেই যে হাদিরা অমর হয়।

হাদি বলেছে, জান দেবো-জুলাই দেবো না আর
ঘাস খেয়ে হলেও অস্ত্র গড়ো, এ দেশটা তোমার।
মক্কটাকে বিকিয়ে দিও না, হারাবে না নিজের স্বর,
দাস হয়ে যদি বাঁচতে চাও-তবে নিজের ঘরই পর।

জালেম নমরুদ ফেরাউনের ঐ শোষণের বিপরীতে-
অস্ত্রহীন মজলুমের গালিই আজ মুক্তির মহাকাব্য;
রক্তের কালিতেই তবে আজ লেখা হোক ইতিহাস,
মজলুমের হুঙ্কারেই রচিত হোক- নতুন রক্তকাব্য!

দখল আসলে যুদ্ধ হবে, জন্মভূমি তো জাহান্নাম নয়,
হাসতে হাসতে খোদার কাছে যাওয়াই আসল জয়।
শাহবাগ যারে কোলেতে তোলে, তওহিদ সে তো ঘর,
শাপলা হত্যার বিচার না হলে-সবই তো বালুর চর।

গোলামি সইবো না-রক্তে কেনা, আমাদের এ দেশ
আধিপত্যের বিষাক্ত ছায়া আজই করো সব শেষ।
দিল্লি না ঢাকা? এ মাটি তো তোমার-আমার সবার
শ্লোগান চলুক -রাজপথ হোক শোষিতের শেষ ঘর।

স্বপ্ন আমার তুমুল মিছিলে, একটি বুলেট বুকে
হাসি মুখে তবে নিব বিদায় -আজাদি রেখে মুখে
এই লড়াই যেন বেঁচে থাকে, সন্তানের হাত ধরে
মরে গেলে শুধু দেখো তারে -ইনসাফের ঐ তোরে।

হাদি বলে গেছে, সার্বভৌমত্ব -প্রাণের চেয়েও বড়,
আগ্রাসনের বিরুদ্ধে আজ -হাতে হাতটি ধরো।
শত্রুর সাথেও ইনসাফ করা- সাচ্চা বীরের ধর্ম
বুক পেতে বুলেট নেওয়া-মর্দ গাজীর কর্ম।

হাদি মরেনি, হাদি বেঁচে আছে-বিপ্লবীদের চোখে,
মশাল জ্বলছে আজ সতেরো কোটি বুকে।
রক্তের দামে কেনা স্বাধীনতা, থাকবে কেয়ামত তক,
হাদিরাই আনবে ইনসাফের ভোর-এটাই চূড়ান্ত হক!



## নতুন দিনে
### সুফিয়ান আহমদ চৌধুরী

নতুন দিনে নতুন সূর্য
জুড়ায় সুখে প্রাণ,
পুরানো দিন অতীত স্মৃতি
ফুলের মিষ্টি ঘ্রাণ।

নতুন দিনে নতুন স্বপ্ন
জীবন গড়ার গান,
ইলিক ঝিলিক আলোর হাসি
আলোর রঙিন বান।

নতুন দিনে নতুন ভোর
পাখ পাখালি ডাকে,
আলোর গানে জীবন সাজে
স্বর্ণালি ছবি আঁকে।

নতুন দিনে নতুন আশা
এগিয়ে চলার পণ,
নতুন গানে নতুন প্রাণে
জাগায় আলোড়ন।

নতুন দিনে নতুন গড়া
টুটিবে সকল ভয়,
আগামী স্বপ্ন করতে পূর্ণ
কাজের মাঝে রয়।

নতুন দিনে নতুন আলো
ঝিলিক দিয়ে যায়,
মুক্ত জীবন স্বাধীনতারে
রাঙাবে রঙে চায়।

নতুন দিনে নতুন পণ
জাগুক দেশ আগে,
সবুজ শোভা রূপের মেলা
থাকুক আলো ভাগে।



## রাতের নিঃশ্বাস
### ইশতিয়াক রুপু

রাত্রি করুণ শব্দ জোয়ার, স্পর্শ চারিদিক
ধূসর স্বপ্ন বয়ে বেড়ায়, জোসনা সমধিক।
কবিতাটি গানে যখন, হলো রূপান্তর
স্নিগ্ধ স্রোতে নদী যেন, কণ্যা স্বয়ম্বর।
খেলা দিনের সব স্মৃতি, বৃষ্টি ভেজা গান
অভিমানের গল্প সবই, আজো ভাসমান।
ছন্দে ছন্দে মাঠির খেলা, সুরে সুরে বেলা
পোড়া কান্না নীল কষ্ট, মানচিত্রে মেলা।
মনে পড়ে পরী বুবু, মায়ার পদ্ম মাসী
দাওয়ায় বসে হাসত নাকি
অনেক অনেক বেশি।
হাসিগুলো শব্দ মিছিল
কাঁপা নিথর বিল।
পাথর পাথর ভালবাসায়
পূর্ণ হল ঝিল।
অনুভূতির ফুলেল ছোঁয়ায়
আকাশ দেখায় নীল,
ফেলে আসা স্মৃতি কাব্য
না হল সমিল।





## তুমিই আমার আমলনামা
### আহম্মদ হোসেন বাবু

উড়ালের অপেক্ষায় পাখি-
ডানা গজালেই নাগালের বাইরে যাবে চলে!
পাখিমনের সান্নিধ্য সবার কপালে কী থাকে?
চেনা মানুষগুলো কত সহজেই অচেনা হয়ে যায়!
অহেতুক বিভাজন কারো কাম্য নয়- তবু হয়।
সমগ্র সবচেয়ে সুন্দর, সমগ্রে সাফল্য বিজয়-
ক'জন তা জানে? ক'জন তা মানে?
সোনালু, জারুল, কৃষ্ণচূড়া, রাধাচূড়া দোল খায়-
কাছে যাই, বসি। পাপড়ির নরম পরশ হৃদয়ে মাখি।

ওরা তারে বড় একা আমি-
একা থাকতে থাকতে ফুটুস করে যাব ফুটে।
ওদের কেমন করে বলি যে আমার তুমি আছো।
যে তুমি সহস্র সাধনার তুমি
যে তুমি সোনালি ধান খেতে কৃষকের হাসি
যে তুমি মায়ের জায়নামাজ, পিতার মুখের বলিরেখা
যে তুমি একমাত্র অবসার আশ্রয়স্থল
যে তুমি আমার তুমি, যে তুমি ষড়ঋতু মৌসুমী
যে তুমি আরাফা, মিনা, মুজদালিফা, মাকামে ইব্রাহীম
যে তুমি মদিনা, মক্কা, কাবা, হাজরে আসওয়াদ
যে তুমি আমার তাওয়াফে জিয়ারত।
যে তুমি নামাজ, রোজা মেহেরবানি
যে তুমি আমার একমাত্র কোরবানি।

দমকা হাওয়া বহে, প্রদীপের আলো নিভু নিভু
চমকায় বিদ্যুৎ! মুহূর্তেই দৃশ্যমান, মুহূর্তে আঁধার!
মেঘের গর্জন শুনি, বিদায়ের জাল বুনি
সাথে নাও, দীক্ষা দাও হে আমার গুণী।
অন্ধকার চারিদিকে, তুমি শুধু আলো
সেই আলোকেই আমি বাসিয়াছি ভালো।।



## পাগলের প্রলাপ
### সুজন দাশ

দুনিয়াটা বন্দী হাতের মুঠোই
আমরা আজও হিংসা ক্রোধে লুটোই!
গর্জনে বেশ দিই মাতিয়ে পাড়া,
মারছি মানুষ নিচ্ছি হাতে খাড়া!

সুবোধ যারা কাঁপছি ঘরে ভয়ে,
দাবী তারাও সভ্যতার এই লয়ে!
শিক্ষা রুচি থাকলে কারো কাছে,
কেউ কী এমন উদোম নাচা নাচে?

আইনকে যদি নিলাম তুলে হাতে,
বর্বরতা কাটবে ঠিকই দাঁতে!
মানবতার গ্রাফটি যাবে নিচে,
ন্যায় বিচারের চিন্তা হবে মিছে!

কাঁটা দিয়ে যায় না কাঁটা তোলা,
তারাই মানে মগজ যাদের ঘোলা!
বিচার যদি পক্ষ কারো টানে,
পিছায় তারা জ্ঞান গরিমা মানে।

অন্ধ হলেই দ্বন্দ্ব কেবল বাড়ে,
ভুক্তভোগী পাচ্ছে তা টের হাড়ে!
মানবতা ঊর্ধ্বে যারা ভাবে,
উন্নয়নে সামনে তারে পাবে।





## নীড়হারা পাখি
### ইকবাল খান

বাগানের সব ডাল ফাঁকা, পাতারা নিঃশব্দ,
একটি পাখি ডানা মেলে, হাওয়ার সঙ্গে লড়ে।
নীড় নেই, আশ্রয় নেই,
তবু সে থামে না, প্রতিটি উড়ানে সাহস খুঁজে।

ঝড় ভেঙে আসে, আকাশ কাঁপে,
তার ক্ষুদ্র শরীর কাঁপে হাওয়ার আঘাতে।
তবু পাখিটি ফিরে আসে,
ডানায় অদৃশ্য শক্তি, বুকে অল্প আশা।

আমি জানালার ধারে দাঁড়িয়ে দেখি,
ক্ষুদ্র প্রাণের মধ্যে কত দৃঢ়তা লুকিয়ে থাকে।
নীড়হারা হলেও,
সে জাগায় আশার আলো।

শেষে সে দূরের আকাশে মিলিয়ে যায়,
শুধু স্মৃতির মতো রেখে যায় নীরবতা,
বেঁচে থাকার অঙ্গীকার,
একটি ক্ষুদ্র পৃথিবীতে অদৃশ্য আলো।



## অসমাপ্ত প্রেম
### আসাদুজ্জামান খান মুকুল

ঐ তো সেদিনের কথা-
খুব বেশি দিন নয়,
বছর বিশ কি পঁচিশ আগে
আমাদের দাপুটে কৈশোর ছিল সেখানে।

সকাল থেকেই প্রহর গুনতাম আমরা,
কখন গড়িয়ে আসবে সেই বিকেল,
যে বিকেলে শুরু হতো
আমাদের অকারণ ছুটোছুটি।
গাঁয়ের খোলা মাঠ পেরিয়ে,
রোদে-ছায়ায় ভেসে যেত শৈশব,

রঙিন বিকেল পেরিয়ে সন্ধ্যায়
হৃদয়ে নেমে আসত প্রেমের প্রথম ভাব
খেলার সঙ্গী ছিল অনেক,
তবু তোমার স্পর্শে ছিল আলাদা কম্পন,
খেলা কেবলই অজুহাত মাত্র,

চোখাচোখিতেই গভীর হতো নীরবতা।
সন্ধ্যার আবছা আঁধারে
দু'জনেই ফিরতাম আপন ঠিকানায়,
আর আমাদের প্রেম
থেকে যেত-
অসমাপ্ত স্মৃতির ভেতর।


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Niger, Burkina Faso and Mali call to cancel all visas for Americans

Ajkal Desk



After President Donald Trump expanded the travel ban he put in place during his first term in the White House to 20 more countries and the Palestinian Authority last December, at least three other nations responded in turn with visa bans for Americans.

On Dec. 26, the West African nation of Niger announced that it was "completely and permanently prohibiting the issuance of visas to all U.S. citizens and indefinitely banning entry to its territory for nationals of the United States."

After it was included in the list of countries whose citizens are completely banned from entering the U.S. last June, the government of Chad similarly announced that it was acting upon "principles of reciprocity and suspend[ing] the granting of visas to citizens of the United States of America."

As of January 2026, 39 countries now face either a full travel ban or restrictions on various types of visas for entering the United States.

The latest country to respond is the West African nation of Burkina Faso. A landlocked nation sharing borders with six other countries, Burkina Faso announced that it had put in place "equivalent visa measures to citizens of the United States of America."

While this currently means a full ban on visas necessary to enter the country, Burkina Faso said it "remains committed to mutual respect, the sovereign equality of States, and the principle of reciprocity in its international relations."

Due to a decades-old history of war coupled with political violence, Western travel into Burkina Faso remains very low; the U.S. State Department currently keeps it at a level four "do not travel" advisory over "organizations [that] continue to plan and conduct terrorist activities."

The latter, along with a high visa overstay rate, were named by the Trump administration as the primary justification for being placed on the travel ban.

"The same conditions and requirements as those imposed by the American authorities"

Sharing a southwestern border with Burkina Faso, Mali has also put in place a reciprocal ban on American travel.

The country's Ministry of Foreign Affairs and International Cooperation released a statement saying that any U.S. citizens will now also be subject to "the same conditions and requirements as those imposed by the American authorities on Malian citizens entering the United States."

Together with Chad and Niger, a total of four African countries have now implemented travel bans on Americans, while others placed on the list have responded with less drastic expressions of disappointment.

Antiguan Prime Minister Gaston Browne issued a statement saying the Caribbean country's government was "deeply disappointed," given that President Trump's accusation of loose rules for granting citizenship by investment "does not reflect the present reality of our laws."

Fellow East Caribbean island nation Dominica also said it was talking to the U.S. Embassy "with the utmost seriousness and urgency" for clarification on why its country was included among nations banned from applying for all student and business visas.

International Cricket Council

বাংলাদেশ

Bangladesh Cricket Board

## ICC told Bangladesh to play in India or risk forfeiting points

Ajkal Desk

An ESPNcricinfo report has claimed that the International Cricket Council (ICC) informed the Bangladesh Cricket Board (BCB) that Bangladesh would need to travel to India for the upcoming men's T20 World Cup or risk forfeiting points, after rejecting the BCB's request to shift their matches outside the country due to security concerns. The BCB, however, has maintained that no such ultimatum was relayed to them by the world body.

Conflicting reports emerged from Tuesday's virtual meeting between ICC and BCB officials, with no official statements issued by either the ICC or the BCB on the outcome of the discussions. According to ESPNcricinfo, the ICC rejected the BCB's request on the grounds that there was no security assessment warranting a change of venue, while the BCB has denied being presented with any threat of forfeiture. The matter comes less than a month before the 20-team T20 World Cup begins on February 7, with the tournament set to be *Continued on page 26*




## $15K Visa Bonds for Banglashi's among 38 Nations

Ajkal Desk

The visa bond pilot program applies to foreigners applying for visas as temporary visitors, nationals of countries with high visa overstay rates, or those countries offering Citizenship by Investment plans to foreigners.

The list of countries whose nationals must post a visa bond in order to enter the United States has been updated by the United States. On January 6, the Department of State revised the visa bond list by adding 25 more nations, bringing the total to 38. As per the December 6 release, there were 13 countries on the list.

*Continued on page 26*



## Trump immigration policies and a lower fertility rate slow US growth projection

Shah Nawaz

The U.S. population is projected to grow by 15 million in 30 years, a smaller estimate than in previous years, due to President Donald Trump's hard-line immigration policies and an expected lower fertility rate, the Congressional Budget Office said Wednesday.

The nonpartisan budget office projected that the U.S. population will grow from 349 million people this year to 364 million people in 30 years, a 2.2% smaller gain than it had predicted in 2025. In September, the office issued a revised demographics report that showed Trump's plans for mass deportations and other strict immigration measures would result in roughly 320,000 people removed from the United States over the next 10 years.

The country's total population is projected to stop growing in 2056 and remain roughly the same size as in the previous year, the CBO said. But without immigration, the population would begin to shrink in 2030 as deaths start to exceed births, making immigrants an increasingly important source of population growth, according to the report. Even if the limits on immigration and increased deportations end with the Trump administration in three years, "it's still a demographic shock," said William Frey, a demographer at the centrist Brookings Institution.Social Security and Medicare, which are already buckling under an aging population, will be under increasing pressure with even fewer than expected people in the labor force paying taxes. By the end of the decade, all of the nation's baby boomers, born between 1946 and 1964, will be over age 65. With fewer immigrants in the labor force and projections for U.S. fertility rates showing a long-term decline below replacement levels, "that reduces the number of kids who are going to be born in that four-year period" of the second Trump administration, Frey said.

The latest numbers come as Trump has pushed for the largest mass deportation campaign in history. The CBO's numbers account for the success of those efforts in the first year of his second term in office.

The administration has used a variety of methods to remove people from the country, including through a visa ban on applications for immigrants from some countries and deploying Immigration and Customs Enforcement agents in U.S. cities to track down immigrants who are in the country illegally.

Trump's tax and spending law, passed by Congress and signed in July, included roughly $150 billion to ramp up his deportation agenda over the next four years. This includes money for extending the U.S.-Mexico border wall, building detention centers and adding thousands of law enforcement staff. When it comes to estimating the nation's population and future growth, immigration is always the wild card because it varies much more year to year than the number of births and deaths. Immigration has fueled U.S. population growth this decade because of an aging population and fertility lower than the replacement rate. For a generation to replace itself in the absence of immigration, the fertility rate needs to be 2.1 births per woman. But it was expected to be 1.58 in 2026 and is projected to drop to 1.53 in 2036 where it will remain over the next two decades. The U.S. Census Bureau said that immigration increased by 2.8 million people in 2024 over the previous year. Since Trump returned to office in January 2025, though, demographers and economists have struggled to decipher the impact of his policies on immigrant growth in the United States. *(Source-AP)*

# Queens Dems nominate DSA-backed Diana Moreno to succeed Mamdani

Anik Raj



On Monday, the Queens Democratic Party formally nominated democratic socialist Assembly candidate Diana Moreno to be the party's nominee in the upcoming special election for Assembly District 36. The district was previously represented by Mayor Zohran Mamdani, and the special election to fill his seat has been scheduled for Feb. 3.

In a statement, Moreno called the nomination "the honor of a lifetime." "Thank you to our local Democratic District Leaders and Congressmember Gregory Meeks for entrusting me with the immense responsibility of succeeding Mayor Zohran Mamdani."

A proud member of the New York City chapter of the Democratic Socialists of America and immigrant from Ecuador, Moreno launched her campaign in October and has since been endorsed by both Mamdani and the NYC-DSA. Before running for office, she worked at the nonprofit immigrant advocacy group New Immigrant Community Empowerment and New York State Nurses Association, and she also served as co-chair of NYC-DSA's Queens branch. "I can't imagine anyone more capable of carrying our movement forward than Diana, who has fought tirelessly for union workers, immigrant communities, and our neighbors across this district," Mamdani said in a statement.

Since there's no Democratic primary election to choose the party's nominee for a special election, Moreno was selected as the nominee following a vote of Meeks, who is the county chair, and the four Democratic district leaders for Assembly District 36. The vote took place on Monday at 9 a.m. "By working alongside Mayor Mamdani in nominating Diana Moreno, we are putting forward a leader who understands the urgency of making New York more affordable for working families and is ready to deliver results," Meeks said in a statement.

After this story was originally published, District Leader Maria Markou said on X that she had voted against nominating Moreno, due to concerns about her affiliation with DSA. According to Markou, the other three district leaders and Meeks all voted in favor of Moreno's nomination.

Moreno is not the type of candidate that the Queens county party would usually support. The county machine's stronghold is made up of moderate Black and brown homeowners in southeast Queens. In recent years, it has fought a mostly losing battle against the rising tide of DSA-aligned candidates in western Queens. Meeks notably refused to endorse Mamdani even after he became the Democratic mayoral nominee.

But Mamdani's ascendancy has rewritten the rules of New York City politics and left the Queens machine with few good options in Astoria.

The Queens Democratic Party could have ignored Moreno and nominated a loyalist to run in Assembly District 36. But Moreno might still have been able to run in the special election as a third-party candidate. In many parts of the city, a third-party candidate would have no hope of beating the Democratic nominee. But this is "The People's Republic of Astoria," represented in the City Council, state Legislature and Congress by democratic socialists. There, support from Mamdani and DSA could have allowed Moreno to actually beat the Democratic nominee – a nightmare scenario for the Queens Democrats.

Rather than fight a likely futile battle against a candidate backed by the popular new mayor, the county party decided to throw its support behind Moreno.

Three other candidates are running – Rana Abdelhamid, Mary Jobaida and Shivani Dhir – but only Moreno will appear on the Feb. 3 special election ballot as the Democratic nominee. With the combined support of Mamdani, DSA and the county party, there is little doubt that Moreno will be Astoria's next Assembly member.



## Pakistan confirms talks with Bangladesh on potential defence pact, JF-17 jet sale

Ajkal Desk

Pakistan Air Force (PAF) JF-17 Thunder fighter jet performs during the Pakistan Day military parade in Islamabad, Pakistan, March 23, 2022.

The air force chiefs of Pakistan and Bangladesh held talks on a potential pact covering the sale of JF-17 Thunder fighter jets to Dhaka, Pakistan's military said, as Islamabad widens its arms supply ambitions and beefs up ties with Bangladesh.

The talks in Islamabad come as Pakistan looks to capitalise on the success of its air force in the conflict with arch-foe India in May last year, the worst fighting in nearly three decades between the nuclear-armed neighbours.

Pakistan's Air Chief Marshal Zaheer Ahmed Baber Sidhu and Bangladesh counterpart Hasan Mahmood Khan had detailed talks on procurement of the JF-17 Thunder, a multi-role combat aircraft jointly developed with China, the military's press wing said.

Pakistan has also assured Bangladesh of the "fast-tracked delivery of Super Mushshak trainer aircraft, along with a complete training and long-term support ecosystem," it added in Tuesday's statement.

The talks signal improving ties as the South Asian nations have grown closer Continued on page 26

## Trump Administration withholding Social Safety Net Money from Five states

Ajkal Desk




President Donald Trump's administration said Tuesday that it is withholding funding for programs that support needy families with children in five Democratic-led states over concerns about fraud.

The U.S. Department of Health and Human Services, which oversees the program, will require the states to provide extra documentation to access the funds. "Families who rely on child care and family assistance programs deserve confidence that these resources are used lawfully and for their intended purpose," HHS Deputy Secretary Jim O'Neill said in a statement.

The administration has not laid out details about the fraud allegations.

HHS said in a statement evening that it "identified concerns that these benefits intended for American citizens and lawful residents may have been improperly provided to individuals who are not eligible under federal law."

Five states — California, Colorado, Illinois, Minnesota and New York — are targeted, and the HHS said they had been notified. Gov. Kathy Hochul said earlier in the day that New York is prepared to take the administration to court, as Democratic-led states have done scores of times now.

Trump administration funding threats set child care providers and parents on edge> Minnesota must provide documents to US Continued on page 26

## Miss World Bangladesh winner Rafah Nanjeba Torsa signs four new films



Ajkal Desk

Model-turned-actress Rafah Nanjeba Torsa has begun the new year by announcing her involvement in four upcoming films, marking a busy phase in her acting career.

Torsa is currently occupied with the shooting of "Mati", a rural-based feature film directed by Syed Shamsher Tarif, who has also written the story and screenplay. In the film, she stars opposite newcomer Alvi Mamun. According to Torsa, most of the filming for "Mati" has already been completed.

She has also recently wrapped up work on two projects directed by Ali Zulfikar Zahedi—the short film "Roktochaya" and the full-length feature "Nirjon Sakkhor". Both films explore themes of gender-based discrimination in society and feature Khairul Basar opposite Torsa. While production on the projects was completed some time ago, they are currently awaiting release. Torsa said the short film "Roktochaya" was made with international film festivals, including Cannes, in mind. In addition, the actress has completed work on another feature film, details of which remain under wraps at the request of the filmmakers.

Torsa said an official announcement will be made by the production house soon. Speaking about the four films, Torsa said, "These are four completely different stories. Audiences will get to see me in new ways. I have tried to present myself differently in each role, and viewers will be able to judge the outcome once the films are released."

She added that when choosing projects, the team behind a production plays a crucial role in her decision-making process. "I always prioritise the production and directorial teams, along with the strength of the story," she said. "Cinema will always remain my top priority, followed by OTT platforms and television drama. With the right story and character, I want to explore all mediums."

Meanwhile, Torsa has been receiving positive feedback for her performance in the web content "Plan B", which is based on an original story and has drawn considerable attention since its release. Her podcast show "She" also generated discussion during its first season, and she confirmed that the second season will begin soon, with a focus on spreading positive messages. Rafah Nanjeba Torsa was crowned Miss World Bangladesh in October 2019. She made her acting debut with the television film "Shopno Tomar Jonno" and has since been selective about her projects.



# সয়াবিন ভিটামিন বি কমপ্লেক্সের স্টোরহাউস

আখতারুন নাহার আলো




সয়াবিনের সঙ্গে পরিচয় নেই এমন লোক খুব কমই আছে। পুষ্টিতে ভরপুর এ উপাদানটি আমাদের দেশে তেমন জনপ্রিয় না হলেও ভারতবর্ষে এর ব্যবহার ব্যাপক। এটি স্বাদযুক্ত না হলেও অন্য খাবারের সঙ্গে মিশিয়ে খেলে কম খরচে আমরা পুষ্টি পেতে পারি। সয়াবিনকে ভিটামিন বি কমপ্লেক্সের স্টোরহাউস বলা হয়। কারণ এতে আছে থায়ামিন, নিয়াসিন, ফলিক এসিড ও রাইবোফ্লাভিন। লিভার ও হৃদযন্ত্র ঠিক রাখতে এটা বেশ কার্যকর। প্রতি ১০০ গ্রাম সয়াবিনে আছে ৪৩ গ্রাম প্রোটিন। যা ডালের চেয়ে বেশি। সয়াবিনের প্রোটিনে সিস্টাইন ও মেথিওনাইন ছাড়া সব ধরনের অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড আছে। যা শরীরে নিজ থেকে তৈরি হয় না। এই প্রোটিন প্রাণিজ প্রোটিনের বিকল্প হিসাবে কাজ করে। এ জন্য যারা দুধ হজম করতে পারে না তাদের জন্য সয়ামিল্ক খুবই উপকারী। এটা বাচ্চাদের ক্ষেত্রেও জরুরি। সয়াবিনে চর্বি ও শর্করা কম থাকে বলে ওজন কমাতে বেশ ভালো কাজ করে। ১০০ গ্রাম সয়াবিনে ম্যাগনেশিয়াম আছে ২৮০ মিলিগ্রাম, ২৭৭ মিলিগ্রাম ক্যালসিয়াম ও ৭০৪ মিলিগ্রাম ফসফরাস। যা দাঁত ও হাড়ের জন্য কার্যকর। তবে কিডনি রোগীদের সয়াবিন না খাওয়াই ভালো। সয়ামিল্কে প্ল্যান্ট হরমোন আইসোফ্ল্যাবনস শরীরের ইস্ট্রোজেনের কাজ করে বলে অস্টিওপোরোসিস প্রতিরোধ করে। সয়ামিল্ক দিয়ে তৈরি টাফু ক্যালসিয়াম, প্রোটিন, ভিটামিন বি কমপ্লেক্সের ভালো উৎস।

এরপর ২৪ পৃষ্ঠায়



# রোগ প্রতিরোধে যুদ্ধ করে দশ প্রকার খাদ্য

ডা. রফিক আহমেদ

শরীরের সঙ্গে মনের সম্পর্ক অবিচ্ছেদ্য। সুন্দর ও উৎফুল্ল মনেই সুখ বিরাজ করে। শরীর ভালো না থাকলে মন-মেজাজ খিটখিটে স্বভাবে পরিণত হয়।

বর্তমানে আমরা সবাই 'করোনা' নামক এক বৈশ্বিক মহামারী রোগের সঙ্গে যুদ্ধ করে এগিয়ে চলছি।

করোনার এ ক্রান্তিকালে আমরা কীভাবে নিজেদের সুস্থ রাখব, শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করব এ বিষয় জানা জরুরি।

আমরা যা-ই খাই তা যদি শোষিত হয়ে শরীরের ক্ষয় পূরণ, রোগ প্রতিরোধ ও বৃদ্ধি সাধন করে তবেই তাকে খাদ্য বলে। ১০ ধরনের খাদ্য রোগ প্রতিরোধের জন্য যুদ্ধ করে।

* রুটি, ময়দা, আটার মধ্যে পর্যাপ্ত পরিমাণে ভিটামিন বি-৬ বা পাইরিডক্সিন আছে যা কিনা প্লিহা ও থাইমাস গ্রন্থির কার্যক্ষমতা বৃদ্ধি করে এবং অর্গান দুটি রোগ প্রতিরোধের জন্য সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। অন্য 'বি' ভিটামিনের গুরুত্বও আছে। ফলিক অ্যাসিড টাটকা শাকসবজিতে পাওয়া যায়, ভিটামিন বি-১২, লিভার, মাছ, ডিম, ছত্রাক বিশেষ ও শস্যজাতীয় খাদ্যের মধ্যে পাওয়া যায়।

* ভিটামিন 'এ' সমৃদ্ধ খাবার যা কিনা লালশাক, পুঁইশাক টাটকা শাকসবজিতে পাওয়া যায়। গাজর, আম, কলা, পেঁপে, রঙিন ফলেও ভিটামিন 'এ' বেশি থাকে। মলাঢেলা মাছ, গোশত, দুধ, ডিম তো আছেই। ভিটামিন 'এ'-তে বিটাক্যারোটিন থাকে যা ত্বক ও মিউকাস মেমব্রেনের কার্যক্ষমতা বৃদ্ধি করে, রোগ প্রতিরোধ তন্ত্রের তীব্রতা বৃদ্ধি করে। অ্যান্টিবডি রেসপন্সে সাহায্য করে, রাতকানা রোগ প্রতিরোধে সাহায্য করে ইত্যাদি।

* ঘি, দুগ্ধ ও দুগ্ধজাতীয় খাবারে প্রচুর পরিমাণ ক্যালসিয়াম থাকে। এছাড়া শাকসবজি, মাছ, চীনাবাদাম ও ডালের মধ্যে পর্যাপ্ত পরিমাণে ক্যালসিয়াম থাকে, যা ম্যাগনেসিয়ামের সঙ্গে যুক্ত হয়ে ইমিউন কার্যক্ষমতা বৃদ্ধি করে। এটা চর্বি কমাতে সাহায্য করে।

* চকলেট, আইসক্রিম, কোকো গুঁড়া করে তৈরি মন্ড, গোশত, ডিমের কুসুম, শিলমাছ, সুগন্ধী মসলা ইত্যাদি চমৎকারভাবে আয়রনের সঙ্গে যুক্ত হয়। শ্বেত রক্তকণিকার সমতা রক্ষা করে যা ইমিউনিটি সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে।

* সামুদ্রিক মাছ, সামুদ্রিক খাদ্য, মুরগি, লিভার, ডিমের কুসুম শস্যজাতীয় খাবার, ইলিশ মাছ, মাছের তেল ইত্যাদির মধ্যে সেলেনিয়াম নামক খনিজ লবণ থাকে যা শ্বেত রক্তকণিকা ও ইমিউন এনজাইমের

এরপর ২৭ পৃষ্ঠায়

# অন্তঃসত্ত্বার প্লাটিলেট কমলে করণীয়

ডা. হাসনা হোসেন আঁখি



গর্ভাবস্থায় ডেঙ্গু করণীয় : ডেঙ্গু এডিসবাহী মশার কামড়ে সৃষ্ট রোগ। এ রোগের প্রধান উপসর্গ উচ্চ তাপমাত্রার জ্বর।জ্বরের সঙ্গে থাকে মাথাব্যথা, হাত ও পায়ের জয়েন্টে জয়েন্টে ব্যথা, বমি বমি ভাব, চোখের পেছনে ব্যথা করা। পায়খানার সঙ্গে রক্তও যায়। শ্বাসপ্রশ্বাসে কষ্ট হওয়া এবং শ্বাস প্রশ্বাস দ্রুত হয়ে যাওয়া হচ্ছে জটিল উপসর্গ।

অন্তঃসত্ত্বা নারীদের ডেঙ্গু হলে বিপর্যয় ডেকে আনতে পারে।গর্ভস্থ বাচ্চার ওপর ডেঙ্গু জ্বরে যে প্রভাব পড়ে তা হচ্ছে-শিশুর জন্মের সময় ওজন কম থাকা, গর্ভপাত হওয়া, পেটের মধ্যে গর্ভস্থ বাচ্চা মারা যাওয়া ইত্যাদি। যদি ডেঙ্গু জ্বর কোনো গর্ভবতীকে আক্রমণ করে তাহলে তার যে কোনো জায়গা থেকে রক্তক্ষরণ হতে পারে, রক্ত জমাট বাঁধার প্রক্রিয়ার মধ্যে যে অনুচক্রিকা বা প্লাটীলেন জড়িত সেটি কমে যায়। মায়ের যদি কোন কারণে প্রসবকালীন ডেঙ্গু ধরা পড়ে এবং অস্ত্রপাচারের পরবর্তী সময় ধরা পড়ে তাহলে প্রচুর রক্তক্ষরণ হতে পারে এবং মা মারাও যেতে পারে।

গর্ভকালীন ডেঙ্গু আক্রান্ত হলে করণীয় : গর্ভকালীন মায়ের ডেঙ্গু জ্বর হলে এ সময়ে চিকিৎসা সংক্রান্ত বিষয়ে খুবই সাবধানতা অবলম্বন করতে হবে। প্রচুর পরিমাণে তরল

এরপর ২৬ পৃষ্ঠায়

# ইউরিন ইনফেকশনের লক্ষণ ও প্রতিকার

আরাফাত রহমান পলক



ইউরিন ইনফেকশন (প্রস্রাবের সংক্রমণ) খুব পরিচিত একটি রোগ। নারী-পুরুষ থেকে শুরু করে ছোট-বড় প্রায় সবাই এ রোগে ভুগে থাকেন। অনেকেই এ রোগের লক্ষণ না জানায় সংক্রমিত হওয়ার পরেও বুঝতে পারেন না। এতে ভেতরে ভেতরে বাড়তে থাকে এ রোগ। তাই কিছু নিয়ম মেনে চললে এবং সঠিক সময়ে চিকিৎসা করালে এ রোগ থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। মূত্রতন্ত্রের কোনো অংশে জীবাণু দ্বারা সংক্রামণ হলে সেটিকে ইউরিন ইনফেকশন বা প্রস্রাবের সংক্রমণ বলে। ডাক্তারি ভাষায় একে 'ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশন' বা 'ইউটিআই' বলা হয়। ইউরিন ইনফেকশন হলে প্রস্রাবের রাস্তায় জ্বালাপোড়া অথবা ঘন ঘন প্রস্রাব হওয়াসহ বিভিন্ন রকম লক্ষণ দেখা দিতে পারে।

ইউরিন ইনফেকশনের লক্ষণসমূহ-

১. প্রস্রাব গাঢ় হলুদ বা লালচে হওয়া।
২. প্রস্রাবে বাজে গন্ধ।
৩. তলপেটে বা পিঠে তীব্র ব্যথা।
৪. একটু পরপর প্রস্রাব লাগা, কিন্তু ঠিকমতো না হওয়া।
৫. প্রস্রাব করার সময় জ্বালাপোড়া বা ব্যথা করা।
৬. সারাক্ষণ জ্বর জ্বর ভাব অথবা কাঁপুনি দিয়ে ঘন ঘন জ্বর হওয়া।
৭. বমি ভাব বা বমি হওয়া।

ইউরিনারি ইনফেকশন প্রতিরোধের উপায়-

প্রস্রাব আটকে না রাখা অনেকেই দীর্ঘ সময় ধরে প্রস্রাব আটকে রাখেন, যা খুবই বাজে অভ্যাস। এর ফলে ইউরিনারি ইনফেকশন হতে পারে। প্রস্রাব দীর্ঘ সময় আটকে রাখার ফলে ব্যাকটেরিয়ার সংখ্যা বাড়তে থাকে। তাই দীর্ঘ সময় ধরে প্রস্রাব আটকে রাখবেন না। এই

এরপর ১৪ পৃষ্ঠায়

# উদ্বেগ কমাবেন যে সহজ পাঁচ কৌশলে



সায়মা তানসিম



উদ্বিগ্ন অবস্থায় হৃৎস্পন্দন স্বাভাবিকের তুলনায় বেড়ে যায়। তাই উদ্বেগ কমানোর সবচেয়ে সহজ ও প্রচলিত একটি উপায় হচ্ছে, ধীরে ধীরে এবং গভীরভাবে শ্বাস নেওয়া। এতে আপনার হৃৎস্পন্দন স্বাভাবিক মাত্রায় ফিরে আসবে। তাৎক্ষণিকভাবে প্রশান্তিও অনুভব করতে পারবেন। অযাচিত ভয় বা চিন্তা কমাতে এ শ্বাস-কৌশল বেশ কাজের।

কারণ খুঁজুন : দুশ্চিন্তা কেন হচ্ছে সেটি বুঝতে পারলেও অনেক ক্ষেত্রে মনের ওপর থেকে বড় বোঝা নেমে যায়। আমরা প্রায়ই একসঙ্গে একাধিক বিষয়ে ভাবতে থাকি এবং বুঝতেও পারি না ঠিক কোথায় আমার বেশি সমস্যা হবে এবং কোন বিষয়গুলো আদৌ চিন্তা করার মতো নয়। তাই ঠিক কী নিয়ে দুশ্চিন্তা ভর করছে, ঘন ঘন সেটা আগে ভালোভাবে খুঁজে বের করুন। এতে নিজেই নিজের মানসিক চাপ কমানোর উপায় জেনে যাবেন। গবেষণায় দেখা গেছে, অনেক ক্ষেত্রেই আমরা একটি বিষয় নিয়ে দিনের পর দিন একইভাবে দুশ্চিন্তা করি। প্রতিদিন একই বিষয় নিয়ে একইভাবে চিন্তা করারও কোনো মানে হয় না।

৫-৪-৩-২-১

উদ্বেগ কমানোর এটি একটি বিশেষ কৌশল। প্রথমে আপনি আপনার চারপাশে দেখতে পাচ্ছেন এমন যে কোনো পাঁচটি জিনিসের নাম লিখুন। এরপর এমন চারটি জিনিসের নাম লিখুন, যা আপনি এই মুহূর্তে স্পর্শ করতে পারছেন। এরপর খুব মনোযোগ দিয়ে তিনটি শব্দ আলাদা করুন, যা এই মুহূর্তে আপনি শুনছেন। দুটি জিনিসের নাম লিখুন, যেটার গন্ধ অনুভব করতে পারছেন। সবশেষে আপনি এই মুহূর্তে মুখের ভেতর টের পাচ্ছেন, এমন একটি স্বাদ বোঝার চেষ্টা করুন ও তা লিখে ফেলুন। যারা কোনো ফোবিয়া বা অযাচিত কারণে প্যানিক অ্যাটাকের শিকার হন, তাদের মন শান্ত করতে এ কৌশলটা কাজে আসে।

কল্পনার ফাইল : এটিও একটি মানসিক অনুশীলন। প্রথমে আপনাকে চোখ বন্ধ করে কল্পনা করতে হবে আপনার সামনে একটি টেবিল আছে। টেবিলের ওপর একটি ফাইল

এরপর ১৫ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর নিকটে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশদের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন দুষ্কর্মের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা খত্মে নবুওয়ত বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)




# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহঃ**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

যোগাযোগঃ

## WOVENA CONSTRUCTION INC

172-11, 93 Ave, Jamaica, NY 114333

Phone: 347-822-9052, 716-828-6677

wovenatexusa@gmail.com

## হাদি হত্যা: গোলকধাঁধায় বন্দি ন্যায়বিচার?

৫ পৃষ্ঠার পর

আদালতের বারান্দায় ঘুরতে হয়। রাষ্ট্র কি এবার সেই চক্র ভাঙতে পারবে? বিচার বিলম্ব মানেই অন্যায়কে উৎসাহ দেওয়া। যেখানে বিচার বিলম্বিত হয়, সেখানে অপরাধ উৎসাহিত হয়। হাদি হত্যার বিচার যদি ঝুলে যায়, তাহলে সেটি ভবিষ্যতের অপরাধীদের জন্য একটি স্পষ্ট বার্তা হবে খুন করলেও পার পাওয়া যায়। এই ধরনের হত্যাকাণ্ড আন্তর্জাতিক মহলেও নজরে পড়ে। বিচার না হলে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে প্রশ্ন আরও জোরালো হবে। সরকারকে বুঝতে হবে এই মামলা কেবল দেশের ভেতরের বিষয় নয়। হাদি হত্যার বিচার এখন একটি লিটমাস টেস্ট। এটি কেবল একটি মামলার নয়, পুরো বিচারব্যবস্থার আস্থা অনাস্থার বিষয়। চার্জশিট দাখিল, ট্রায়াল শুরু এসব আনুষ্ঠানিকতা নয়; মূল বিষয় হলো সব স্তরের অপরাধীর বিচার।

রাষ্ট্র যদি সত্যিই ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে চায়, তাহলে তাকে প্রমাণ করতে হবে, হাদির খুনিরা কেবল "ধরা পড়া কয়েকজন" নয়, বরং যারা পরিকল্পনা করেছে, নির্দেশ দিয়েছে, আড়াল করেছে সবারই বিচার হবে। নইলে ইতিহাসে এই মামলাও যুক্ত হবে আরেকটি প্রশ্নবোধক অধ্যায় হিসেবে, বিচার হয়েছিল, নাকি শুধু বিচার হওয়ার অভিনয়? এ অবস্থায় গণমাধ্যমের ভূমিকা কি হওয়া উচিত? হাদি হত্যাকাণ্ড কোনো বিচ্ছিন্ন অপরাধ নয়; এটি রাষ্ট্র, সমাজ ও ন্যায়বিচার ব্যবস্থার সম্মিলিত পরীক্ষার নাম। এই পরীক্ষায় গণমাধ্যমের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল। কারণ ইতিহাস বলে-যেসব হত্যাকাণ্ডে রাষ্ট্রীয় ভাষ্য একমাত্র সত্য হিসেবে প্রতিষ্ঠা পায়, সেখানে ন্যায়বিচার প্রায়শই ধোঁয়াশায় ঢাকা পড়ে। গণমাধ্যমের দায়িত্ব কেবল রাষ্ট্র যা বলছে তা হুবহু প্রচার করা নয়; বরং সেই ভাষ্যের ভেতরের ফাঁক, অসংগতি ও নীরব প্রশ্নগুলোকে সামনে আনা। হাদির ন্যায় বিচারের প্রশ্নে গণমাধ্যমকে তাই 'প্রচারক' নয়, হতে হবে 'প্রহরী'।

প্রথমত, এই মামলায় গণমাধ্যমের প্রধান দায়িত্ব হলো প্রশ্নকে জীবিত রাখা। সংবাদচক্রের স্বাভাবিক নিয়মে আজকের শিরোনাম কাল ভুলে যাওয়া হয় কিন্তু হাদি হত্যার প্রশ্ন ভুলে গেলে চলবে না। কে হত্যা করেছে, কেন করেছে, তদন্ত কতদূর এগোল, কোন স্বার্থগোষ্ঠী নীরব থাকছে এই প্রশ্নগুলো বারবার তুলতে হবে। একবার সংবাদ করে থেমে গেলে চলবে না; ধারাবাহিক ফলোআপ রিপোর্ট, টাইমলাইনভিত্তিক বিশ্লেষণ ও অনুসন্ধানী প্রতিবেদনই এখানে প্রকৃত সাংবাদিকতার মানদণ্ড। দ্বিতীয়ত, রাষ্ট্রীয় বক্তব্যের বাইরে বিকল্প কণ্ঠগুলোকে জায়গা দিতে হবে। নিহতের পরিবার কী বলছে, মানবাধিকার সংগঠনগুলোর উদ্বেগ কী, আইন বিশেষজ্ঞদের বিশ্লেষণ কী এসব কণ্ঠ যদি গণমাধ্যমে না আসে, তবে রাষ্ট্রের একক বয়ানই শেষ কথা হয়ে দাঁড়াবে। এতে ন্যায়বিচার প্রক্রিয়া সংকুচিত হয়। গণমাধ্যমের কাজ হলো এই একমুখী বয়ান ভেঙে বহুমাত্রিক সত্যকে সামনে আনা। তৃতীয়ত, ভয় ও আত্মনিয়ন্ত্রণ ভাঙা জরুরি। সংবেদনশীল মামলায় অনেক সময় গণমাধ্যম নিজেই 'সতর্কতা'র নামে নীরব হয়ে পড়ে। কিন্তু এই নীরবতাই অপরাধীদের সবচেয়ে বড় রক্ষাকবচ। হাদি হত্যার ক্ষেত্রে গণমাধ্যম যদি ভয়ের কাছে হার মানে, তবে সেটি শুধু একটি হত্যাকাণ্ড নয় সমগ্র সমাজের নৈতিক পরাজয় হিসেবে বিবেচিত হবে। হাদির ন্যায় বিচার নিশ্চিত করতে গণমাধ্যমকে হতে হবে স্মৃতির ধারক। রাষ্ট্র ভুলে যেতে চাইলে, ক্ষমতা ধামাচাপা দিতে চাইলে, সময়ের ধুলোয় সত্য ঢেকে গেলে গণমাধ্যমই সেই জায়গা, যেখানে প্রশ্নটি বারবার ফিরে আসবে: হাদি কে হত্যা করেছিল, এবং সেই হত্যার ন্যায়বিচার কবে হবে? শেষ কথা হলো রাষ্ট্র কোন পথে হাঁটবে? আজ রাষ্ট্রের সামনে দুটি পথ একটি হলো সাহসী, পূর্ণাঙ্গ বিচার; অন্যটি হলো পরিচিত সময়ক্ষেপণ ও দায় এড়ানোর পথ। হাদি হত্যার বিচার কোন পথে যাবে, সেটিই বলে দেবে রাষ্ট্র কি সত্যের পক্ষে, নাকি ক্ষমতার পক্ষে?

লেখক- সাংবাদিক, সমাজ গবেষক, মহাসচিব-কলামিস্ট ফোরাম অব বাংলাদেশ, ট্রাস্টি বোর্ডের উপদেষ্টা-সোনারগাঁও ইউনিভার্সিটি।

## একটা মাস বদলে দিয়েছে ভবিষ্যতের অনেক সমীকরণ

৬ পৃষ্ঠার পর

ভোটারদের আচরণ প্রান্তিক এলাকার ভোটারদের থেকে ভিন্ন। প্রান্তিক ভোটারদের কাছে মৌলিক চাহিদা বেশি গুরুত্বপূর্ণ। কিন্তু নগর জীবনে মানুষের প্রধান চাহিদা নিরাপত্তা। ঢাকা, চট্টগ্রামসহ বড় শহরের ভোটাররা সর্বাগ্রে নিরাপত্তা চায়।

এই কারণেই স্থানীয় সরকার প্রশাসনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অথচ আওয়ামী লীগ সরকারের পতনের পর স্থানীয় সরকার কাঠামো প্রায় অকার্যকর হয়ে পড়েছে। দৃশ্যমান সংস্কার কার্যক্রম নেই। জাতীয় সংসদ নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন হওয়ার কথা থাকলেও তা হয়নি। এর ফলে জাতীয় রাজনীতি নিয়ে মানুষের মধ্যে দ্বিধা ও অনিশ্চয়তা আরও বেড়েছে। স্থানীয় সরকার প্রশাসনকে শক্তিশালী করা গেলে জাতীয় রাজনীতিও শক্ত ভিত্তি পায়। স্থানীয় পর্যায়ের চাহিদাগুলোই সংসদে প্রতিনিধিত্ব করে। একজন সংসদ সদস্য যখন স্থানীয় সমস্যার বাস্তব সমাধান করতে পারেন, তখন তিনি জাতীয় পর্যায়েও জনকল্যাণমূলক বাজেট আদায়ের নৈতিক ও রাজনৈতিক শক্তি অর্জন করেন। প্রাতিষ্ঠানিক কাঠামো ও নাগরিক আবেগের এই সমন্বয়ই গণতন্ত্রের সৌন্দর্য। দুর্ভাগ্যজনকভাবে রাজনৈতিক দলগুলো দীর্ঘদিন এই বিষয়টি যথাযথভাবে অনুধাবন করতে পারেনি।

আমরা দেখছি, জামায়াতের সঙ্গে এনসিপির জোটের পর দলটির অনেক নেতা পদত্যাগ করেছেন। কেন্দ্রীয় নেতৃত্ব এটিকে নির্বাচনকালীন সমঝোতা হিসেবে দেখলেও সেই বার্তা তৃণমূল পর্যন্ত কতটা পৌঁছেছে, তা নিয়ে প্রশ্ন রয়েছে। জামায়াত মাঠপর্যায়ে সক্রিয় রয়েছে এবং একটি স্পষ্ট লক্ষ্য নিয়ে এগোচ্ছে বলে মনে হচ্ছে। তবে এই মুহূর্তে সবচেয়ে সুবিধাজনক অবস্থানে রয়েছে বিএনপি। বর্তমান রাজনৈতিক পরিস্থিতিকে একাডেমিক পরিভাষায় ট্রানজিশনাল পলিটিক্স বলা যায়। এই রূপান্তরের সময় আশা ও উদ্বেগ পাশাপাশি থাকে এবং রাজনৈতিক প্রতিযোগিতা কার্যকর রূপ নেয়।

এই প্রতিযোগিতা টিকিয়ে রাখতে নির্বাচন কমিশন ও অন্তর্বর্তী সরকারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভোটারদের এমন একটি পরিবেশ দিতে হবে, যেখানে তাঁরা নিরাপত্তা নিয়ে কোনো দুশ্চিন্তা ছাড়াই ভোটকেন্দ্রে যেতে পারেন। একই সঙ্গে রাজনৈতিক দলগুলোর জন্য জবাবদিহিমূলক ও সংস্কারভিত্তিক রাজনীতির কাঠামো তৈরি করাও জরুরি। অন্তর্বর্তী সরকার ইতিমধ্যে যে সংস্কার কমিশনগুলো গঠন করেছে, সেগুলোর সুপারিশ বাস্তবায়নের দায় ভবিষ্যৎ সংসদের ওপর নিশ্চিত করার পথনকশা এখনই তৈরি করতে হবে।

এই মুহূর্তে দেশের রাজনীতিতে বিএনপি একটি শক্ত অবস্থানে রয়েছে। তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তনের পর বহু সমীকরণ বদলে গেছে। খালেদা জিয়া জীবদ্দশায় দলটিকে ঐক্যবদ্ধ রাখার প্রতীক ছিলেন। মৃত্যুর পরও সেই আবেগ তিনি রেখে গেছেন। এই আবেগ বিএনপির জন্য বড় সহায়ক শক্তি হয়ে উঠেছে। তারেক রহমান সেটিকে সাংগঠনিক দক্ষতায় জনমত গঠনের দিকে কাজে লাগাচ্ছেন। ফলে নির্বাচনে ভূমিধস বিজয়ের প্রত্যাশা তৈরি হয়েছে দলের ভেতরে।

তবে আত্মবিশ্বাস যেন অতিআত্মবিশ্বাস বা উদ্বেগের কারণ না হয়, সে বিষয়ে সতর্ক থাকা জরুরি। তারেক রহমানের সামনে এখন বড় চ্যালেঞ্জ রয়েছে। একদিকে খালেদা জিয়ার শূন্যতায় নিজেকে নতুন রাজনৈতিক প্রতীক হিসেবে প্রতিষ্ঠা করা, অন্যদিকে জিয়াউর রহমানের মতো বহুদলীয় গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক কাঠামোকে নতুন বাস্তবতায় পুনর্গঠন করা। রাজনৈতিক আবেগ ও কাঠামোগত সংস্কারের এই সমন্বয়ই পারে দেশকে আরও পরিশীলিত গণতান্ত্রিক চর্চার দিকে এগিয়ে নিতে। এই কাজে নির্বাচন কমিশন ও প্রশাসনের ইতিবাচক ভূমিকা অপরিহার্য। সব পক্ষের সমন্বিত উদ্যোগই হতে পারে বাংলাদেশের গণতন্ত্রের জন্য সবচেয়ে ইতিবাচক দিক।

লেখক: স্থানীয় সরকার ও রাজনীতি বিশেষজ্ঞ এবং অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

## তারেক রহমানের প্রত্যাবর্তন ও প্রত্যাশা

১২ পৃষ্ঠার পর

কন্যাশিশু দিবস উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে তিনি নারীর অগ্রগতির জন্য ছয়টি অঙ্গীকার বাস্তবায়নের কথা উল্লেখ করেছেন। এর মধ্যে আছে-নারী গৃহপ্রধানদের নামে ফ্যামিলি কার্ড, নারী উদ্যোক্তাদের জন্য এসএমই ঋণ, ব্যবসায়িক প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা, মেয়েদের জন্য শক্তিশালী একাডেমিক ও কারিগরি শিক্ষার সুযোগ, নীতিনির্ধারণে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি, কর্মসংস্থানের ক্ষেত্রে নারী ও কন্যাশিশুদের ওপর বিশেষ নজর রাখা ইত্যাদি।

শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ বরাদ্দের কথা তিনি উল্লেখ করেছেন কয়েকটি বক্তৃতায়। শিক্ষাকে রাষ্ট্রনির্মাণের প্রাণশক্তি হিসাবে উল্লেখ করে তিনি বলেন, আমরা সবাই মিলে যদি শিক্ষক-শিক্ষার্থী এবং বিদ্যমান শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে না পারি, তবে ভবিষ্যৎ প্রজন্মকে আন্তর্জাতিক মানের প্রতিযোগিতায় টিকিয়ে রাখা সহজ নয়।' শিক্ষা তার কাছে কেবল কাগজে ব্যাপার নয়। বরং দক্ষ নাগরিক সৃষ্টি ও বুদ্ধিবৃত্তিক অস্তিত্বের মেরুদণ্ড। পুঁথিনির্ভর শিক্ষাকে তিনি ব্যবহারিক ও কর্মমুখী করে তুলতে বদ্ধপরিকর। বর্তমান সময়ের বিবেচনায় প্রযুক্তিগত দক্ষতার ওপর তিনি গুরুত্বারোপ করেন। কারণ শিক্ষা তার কাছে জাতীয় পরিচয় বিনির্মাণের ভিত্তি। শিক্ষাকে তিনি আধুনিক ভিত্তিভূমির ওপর দাঁড় করাতে চান, যাতে বিশ্বমানের নাগরিক সৃষ্টি সম্ভব হয়। তারেক রহমান একজন বইপ্রেমী ও প্রাণীর প্রতি সহানুভূতিশীল মানুষ হিসাবে ইতোমধ্যে মানুষের নজর কেড়েছেন। ব্যক্তিগতভাবে তিনি বিড়াল, কুকুর, পাখি, সাপসহ সব প্রাণীর জীবন ও অধিকার রক্ষায় আগ্রহী। স্বদেশ প্রত্যাবর্তনের দিন বিমানে তার ও মেয়ে জাইমা রহমানের সঙ্গে ছিল বই। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ছবিতে দেশের অসংখ্য মানুষ সেই দৃশ্য দেখে মুগ্ধ হয়েছে। তাদের সঙ্গে থাকা বইগুলো নিয়েও ইতোমধ্যে আলোচনা শুরু হয়েছে। তার এ গ্রন্থপ্রীতি নিশ্চয়ই জাতিকে পাঠমুখী হতে অনুপ্রাণিত করবে।

বাংলাদেশের রাজনীতিতে তারেক রহমান ইতিবাচক ও মানবিক চেতনার নতুন ঢেউ নিয়ে আসবেন-এমনটাই প্রত্যাশা সবার। তার বক্তৃতা ও আচরণ থেকেও আমরা সেই পরিবর্তনের ইঙ্গিত টের পাচ্ছি। বিগত ফ্যাসিবাদী শাসনামলের বিভাজন ও বিদ্বেষের অপরাজনীতিতে মানুষ যখন ত্যক্ত-বিরক্ত, বেগম খালেদা জিয়া ও তারেক রহমানসহ অসংখ্য বিরোধী নেতাকর্মীরা যখন চরম নিপীড়ন-নির্যাতনের শিকার, তখন গণ-অভ্যুত্থানের মধ্য দিয়েই পালাতে হয়েছে স্বৈরশাসককে। সেই সংকটকাল থেকে তারেক রহমান জাতিকে টেনে তুলে সামনের দিকে এগিয়ে নেওয়ার দৃঢ় প্রত্যয়ে অগ্রসর হচ্ছেন। দেশের সর্বস্তরের মানুষের ভরসাস্থল হয়ে উঠেছেন তিনি। মানুষের অপরিসীম প্রত্যাশার চাপ মাথায় নিয়ে দেশ ও জাতির কল্যাণে সময়ের প্রয়োজনে তাকে সর্বশক্তি দিয়ে এ লড়াইয়ে জিততে হবে। বর্তমান বিরূপ বাস্তবতা নিশ্চয়ই তার ক্যারিশমাটিক নেতৃত্বের গুণে সম্ভাবনার অপার দিগন্তের দিকে বাঁক বদল করবে। পুরো জাতি অধীর আগ্রহে সেই মাহেন্দ্রক্ষণের প্রতীক্ষায়। একটি সুষ্ঠু, সুন্দর ও গ্রহণযোগ্য নির্বাচনের মধ্য দিয়েই জাতি পেতে পারে সেই প্রার্থিত ক্ষণ।

শামীমা সুলতানা : অধ্যাপক, বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## সয়াবিন ভিটামিন বি কমপ্লেক্সের স্টোরহাউস

২০ পৃষ্ঠার পর

গবেষণায় দেখা গেছে, প্রাণিজ প্রোটিনের পরিবর্তে সয়াবিন খেলে প্লাজমা কোলেস্টেরল কম থাকতে দেখা যায়। এদিকে সয়াবিন রক্তে লৌহ শোষণ কমায় বলে প্রতিদিনই ভিটামিন সি সমৃদ্ধ খাবার খাওয়া উচিত। সয়াবিনে আছে ভিটামিন ই ও লেসিথিন নামক অ্যান্টিঅক্সিডেন্ট। যা বার্ধক্যের গতি মন্থর করে। হজমে সাহায্যকারী এনজাইম ট্রিপসিনের কার্যকলাপ কিছুটা ব্যাহত করে বলে সয়াবিন ভালোভাবে সিদ্ধ করে খাওয়া উচিত। সয়াবিন গাঁজিয়ে তৈরি করা হয় সয়াসস। তবে এটাতে লবণ বেশি থাকে বলে উচ্চরক্ত চাপে না খাওয়াই ভালো। এছাড়া সয়াবিন দিয়ে সয়ানাগেট, সয়াবিস্কুট, বেবিফুডও তৈরি করা হয়। আমাদের দেশে এর আরও চাষ হওয়া প্রয়োজন। এর আটা গমের আটার সঙ্গে মিশিয়ে রুটি বানানো যেতে পারে। অথবা সয়া চাপ অথবা সয়াবিন দিয়ে খিচুড়ি করেও খাওয়া যায়।

লেখক : চিফ নিউট্রিশন অফিসার ও বিভাগীয় প্রধান (অব.), বারডেম। সভাপতি, ডায়াবেটিস নিউট্রিশনিস্ট সোসাইটি অব বাংলাদেশ, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, শ্যামলী ও অ্যাডভান্স হাসপাতাল, ঢাকা।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# সবচেয়ে মর্যাদা ও সম্মানের স্থান মক্কা-মদিনা

ড. মো. শাহজাহান কবীর



পবিত্র নগরী মক্কা ও মদিনা দুনিয়ার সবচেয়ে মর্যাদা ও সম্মানের স্থান। এ দুই স্থানে অবস্থিত পবিত্র কাবা শরিফ ও রাসুলে পাক (সা.)-এর রওজা শরিফ। রাসুলে পাক (সা.) এ দুই স্থানের সুস্পষ্ট ফজিলত ও মর্যাদা ঘোষণা করেছেন। হজ ও ওমরাহ উপলক্ষ্যে সারা বিশ্বের লাখ লাখ মুসলিম বছরব্যাপী এ দুই পবিত্র নগরীতে আসা-যাওয়া করেন। তাদের এ আসা-যাওয়ায় মক্কা-মদিনার ইজ্জত ও সম্মানের প্রতি লক্ষ্য রাখা অত্যন্ত জরুরি। মহান আল্লাহ মক্কার হারাম শরিফকে সম্মানিত ঘোষণা করে সুরা আলে ইমরানের ৯৬ আয়াতে এরশাদ করেন, 'এ কথা নিঃসন্দেহ যে, মক্কায় অবস্থিত ঘরখানাকেই সর্বপ্রথম মানুষের ইবাদতের ঘর হিসেবে তৈরি করা হয়েছে।' মহান আল্লাহর এ ঘোষণা থেকে স্পষ্টতই বোঝা যাচ্ছে, মক্কায় অবস্থিত মানুষের প্রথম ইবাদতখানা হওয়ার কারণেই তার এত মর্যাদা। এ ঘরের মর্যাদা ও গুরুত্ব বর্ণনা করে আল্লাহতায়ালা সুরা আলে ইমরানের ৯৭ আয়াতে এরশাদ করেন, 'উহাকে কল্যাণ ও মঙ্গলময় করে দেয়া হয়েছিল এবং সমগ্র বিশ্ববাসীর জন্য হেদায়াত লাভের কেন্দ্র বানানো হয়েছিল উহাতে সুস্পষ্ট নিদর্শনসমূহ রয়েছে।' মক্কার হেরেমের মর্যাদা সম্পর্কে আল্লাহতায়ালা রাসূলে পাক (সা.) এর উদ্দেশে সুরা নমল এর ৯১ আয়াতে এরশাদ করেন, 'হে রাসুল! তুমি তাদেরকে জানিয়ে দাও যে, আমাকে এ নির্দেশই দেয়া হয়েছে যে, এ শহরের রবের দাসত্ব করব যিনি একে মহিমান্বিত করেছেন, তিনি সব জিনিসের মালিকও বটে, আমাকে নির্দেশ দেয়া হয়েছে যেন আমি মুসলমান হয়ে জীবনযাপন করি।' হজরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, মক্কা বিজয়ের দিন রাসুলে পাক (সা.) ঘোষণা করেন, নিশ্চয়ই আসমান জমিন সৃষ্টির দিনই আল্লাহ এই মক্কা নগরীকে সম্মানিত করেছেন। সুতরাং কেয়ামত এরপর ২৬ পৃষ্ঠায়

## মহানবী (সা.)-এর যে ভাষণ শুনে অশ্রুসিক্ত হয়েছিল সাহাবিদের চোখ

শরিফ আহমাদ

পৃথিবীর সব নবী-রাসুলের কথাবার্তা ও ভাষণ ছিল সত্য, সুন্দর ও হৃদয়গ্রাহী। মহান আল্লাহ তাঁদের সুবক্তা হওয়ার গুণাবলি ও যোগ্যতা দিয়ে পাঠিয়েছেন। সেগুলো কাজে লাগিয়ে তাঁরা মানুষের হৃদয়রাজ্য জয় করেছেন। পৃথিবীর প্রান্তে প্রান্তে পৌঁছে দিয়েছেন দ্বিনের দাওয়াত। অনেক নবী-রাসুলের ভাষণের চুম্বকাংশ কোরআনে বর্ণিত হয়েছে। আখেরি নবী মহানবী মুহাম্মদ (সা.)-এর প্রদত্ত ভাষণ, ভাষণের নীতি সব কিছু হাদিস ও সিরাতের কিতাবে সংরক্ষিত আছে। এগুলোর ব্যাপকভাবে প্রচার-প্রসার করা বড় প্রয়োজন। এখানে মুহাম্মদ (সা.)-এর ভাষণের নীতিমালা নিয়ে আলোচনা করা হলো :

ভাষণের বিভিন্ন মঞ্চ : রাসুলুল্লাহ (সা.) স্থান-কাল-পাত্রভেদে কখনো দাঁড়িয়ে কিংবা বসে ভাষণ দিয়েছেন। নবুয়তপ্রাপ্তির পর রাসুলুল্লাহ (সা.) সাফা পাহাড়ে উঠে স্বীয় কুরাইশ গোত্রের গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিত করে প্রথম ভাষণ দিয়েছিলেন। (সহিহ বুখারী, হাদিস : ৪৬১১)। এরপর ২৬ পৃষ্ঠায়



## উভয় জগতের সফলতা অর্জনে আত্মশুদ্ধি



মো. আবদুর রহমান

মানুষের আত্মিক উন্নতি, প্রশান্তি ও বিকাশ সাধনের জন্য আত্মশুদ্ধির গুরুত্ব অপরিসীম। আত্মশুদ্ধি মানুষের নৈতিক ও মানবিক গুণাবলির বিকাশ ঘটায় এবং সর্বদা ভালো চিন্তা ও সৎকর্মে উৎসাহিত করে। পক্ষান্তরে যার আত্মা কলুষিত সে নানাবিধ পাপচিন্তা ও অশ্লীল কাজে লিপ্ত থাকে। তখন ভালো-মন্দ ও ন্যায়-অন্যায় পার্থক্য করার অনুভূতি অকার্যকর হয়ে পড়ে। সে অন্যায়-অত্যাচার ও সন্ত্রাস-নির্যাতন করতে দ্বিধাবোধ করে না। ফলে সামাজিক শান্তি-শৃঙ্খলাও বিনষ্ট হয়। তাছাড়া অপরিশুদ্ধ ও ব্যাধিগ্রস্ত অন্তর মানুষকে আল্লাহর স্মরণ থেকে দূরে সরিয়ে দেয়। অতএব নৈতিক ও সামাজিক মূল্যবোধ বিকাশের জন্যও আত্মশুদ্ধির প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

পরকালীন জীবনের সফলতা ও মুক্তি আত্মশুদ্ধির ওপর নির্ভরশীল। আত্মার পরিশুদ্ধি ছাড়া কেয়ামতের দিন কোনো কিছু উপকারে আসবে না। যে ব্যক্তি দুনিয়ায় নিজ আত্মাকে পবিত্র রাখবে পরকালে সেই মুক্তি লাভ করবে। এ জন্যই ইসলামে আত্মশুদ্ধির ব্যাপারে অত্যধিক গুরুত্বারোপ করা হয়েছে। আত্মশুদ্ধির পথ ও পাথেয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো।

দোয়া করা : দোয়া শব্দের অর্থ আল্লাহর কাছে চাওয়া, প্রার্থনা করা। নিজের মনের সব আকুতি নিয়ে বিনয়ের সঙ্গে মহান আল্লাহর কাছে কল্যাণ ও উপকার লাভের উদ্দেশ্যে এবং ক্ষতি ও অপকার থেকে বেঁচে থাকার জন্য প্রার্থনা করাই হলো দোয়া। কোরআন-হাদিসে দোয়াকেও ইবাদত হিসেবে আখ্যায়িত করা হয়েছে। অন্তরের পবিত্রতা ও পরিশুদ্ধির জন্য আল্লাহর কাছে দোয়া করা আবশ্যক। দোয়ার মাধ্যমে ইবাদতে নিমগ্ন হলে আত্মা প্রশান্তি লাভ করে। দোয়া হলো আল্লাহর কাছে চাওয়ার অপূর্ব ও অতুলনীয় মাধ্যম। দোয়া মুমিনের প্রাপ্তি ও মুক্তির এরপর ২৮ পৃষ্ঠায়




## সুরা ইখলাসের ফজিলত

আবরার নাঈম

আল-কোরআন। মানবজীবনের সংবিধান। হক-বাতিলের মধ্যে পার্থক্য সৃষ্টিকারী। দোজাহানে সফলতার চাবিকাঠি। পবিত্র কোরআনের বহু জায়গায় আল্লাহ তায়ালা সুনিপুণভাবে তার নিজ সত্তার পরিচয় তুলে ধরেছেন। যেমন- আয়াতুল কোরসি, সুরা হাশরের শেষ তিন আয়াত। তেমনি সুরা ইখলাসেও তিনি তার একত্ববাদ, মহত্ত্ব ও বড়ত্বের ঘোষণা দিয়েছেন। আল্লাহতায়ালা নবীজিকে (সা.) সম্বোধন করে বলেন, 'আপনি বলুন- ১. তিনিই আল্লাহ, একক-অদ্বিতীয়; ২. আল্লাহ কারো মুখাপেক্ষী নন; ৩. তাঁর কোনো সন্তান নেই এবং তিনিও কারো সন্তান নন; ৪. তাঁর সমতুল্য কেউ নেই।

হাদিসে বর্ণিত হয়েছে, সুরা ইখলাস পাঠের বহু গুরুত্ব ও ফজিলত। সুরা ইখলাস কোরআনের তিন ভাগের এক ভাগ- হজরত আবু সাঈদ খুদরি (রা.) থেকে বর্ণিত হয়েছে- তিনি বলেন, নবী (সা.) তাঁর সাহাবিদের বলেছেন, 'তোমাদের কেউ কি এক রাতে কোরআনের এক-তৃতীয়াংশ তিলাওয়াত করা এরপর ২৭ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জানুয়ারি ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 9 | 5:59 | 7:20 | 12:03 | 2:28 | 4:47 | 6:08 |
| 10 | 5:59 | 7:20 | 12:04 | 2:29 | 4:48 | 6:09 |
| 11 | 5:58 | 7:19 | 12:04 | 2:30 | 4:49 | 6:10 |
| 12 | 5:58 | 7:19 | 12:04 | 2:31 | 4:50 | 6:11 |
| 13 | 5:58 | 7:19 | 12:05 | 2:32 | 4:51 | 6:12 |
| 14 | 5:58 | 7:18 | 12:05 | 2:33 | 4:52 | 6:13 |
| 15 | 5:58 | 7:18 | 12:05 | 2:34 | 4:53 | 6:14 |

source: salahtimes.com

# $15K Visa Bonds for Banglashi's among 38 Nations

Continued on page 18

Bangladesh, Nepal and Nigeria are the surprise additions to the list. Venezuela, whose president, Nicolas Maduro, was recently captured by the US, has also been added to the US Bond Visa list. From January 21, 2026, nationals from these 25 countries will also need visa bonds to enter America.

The surprise addition in the December 6 release was Bhutan, because of its high overstay rate. For fiscal year 2024, the Overstay Rates for Nonimmigrants travelling to the US for Business or Pleasure, the Total Overstay Rate for Bhutan was 21.75%. For students, the Total Overstay Rate was 24.32%. Comparatively, for India, it is 1.28% and 4.32%, respectively.

Any citizen or national traveling on a passport issued by one of these 38 countries, who is found otherwise eligible for a B1/B2 visa, must post a bond for $5,000, $10,000, or $15,000.

The visa bond pilot program applies to foreigners applying for visas as temporary visitors, nationals of countries with high visa overstay rates, or those countries offering Citizenship by Investment plans to foreigners.

The amount is determined at the time of the visa interview. The applicant must also submit a Department of Homeland Security Form I-352.

The bond will be canceled and refunded automatically if: the visa holder leaves the U.S. on or before their authorized stay; does not arrive in the U.S. before the visa expires; or is denied entry at the U.S. port of entry.

The 12-month-long visa bond pilot program is an initiative announced by the Department of State. This visa bond pilot program began on August 20, 2025, and will be there until August 5, 2026.

Which Nations are Targeted

Foreigners applying for visas as temporary visitors for business or pleasure (B-1/B-2) and who are nationals of countries identified by the Department as having high visa overstay rates, where screening and vetting information is deemed deficient, or offering Citizenship by Investment, if the foreigner obtained citizenship with no residency requirement, are subject to the pilot program.

Full List of Countries

Algeria (January 21, 2026)
Angola (January 21, 2026)
Antigua and Barbuda (January 21, 2026)
Bangladesh (January 21, 2026)
Benin (January 21, 2026)
Bhutan (January 1, 2026)
Botswana (January 1, 2026)
Burundi (January 21, 2026)
Cabo Verde (January 21, 2026)
Central African Republic (January 1, 2026)
Cote D'Ivoire (January 21, 2026)
Cuba (January 21, 2026)
Djibouti (January 21, 2026)
Dominica (January 21, 2026)
Fiji (January 21, 2026)
Gabon (January 21, 2026)
The Gambia (October 11, 2025)
Guinea (January 1, 2026)
Guinea Bissau (January 1, 2026)
Kyrgyzstan (January 21, 2026)
Malawi (August 20, 2025)
Mauritania (October 23, 2025)
Namibia (January 1, 2026)
Nepal (January 21, 2026)
Nigeria (January 21, 2026)
Sao Tome and Principe (October 23, 2025)
Senegal (January 21, 2026)
Tajikistan (January 21, 2026)
Tanzania (October 23, 2025)
Togo (January 21, 2026)
Tonga (January 21, 2026)
Turkmenistan (January 1, 2026)
Tuvalu (January 21, 2026)
Uganda (January 21, 2026)
Vanuatu (January 21, 2026)
Venezuela (January 21, 2026)
Zambia (August 20, 2025)
Zimbabwe (January 21, 2026)

# Trump Administration withholding Social Safety Net Money from Five states

Continued on page 19

government in child care fraud probe by next week

What to know about Trump administration freezing federal child care funds

"We'll fight this with every fiber of our being, because our kids should not be political pawns in a fight that Donald Trump seems to have with blue state governors," she said. The plan to withhold the funds was first reported by the New York Post.

# ICC told Bangladesh to play in India or risk forfeiting points

Continued on page 18

jointly hosted by India and Sri Lanka until March 8. Bangladesh, placed in Group C, are scheduled to play their first three matches in Kolkata — against West Indies on February 7, Italy on February 9 and England on February 14 — before concluding their group campaign against Nepal in Mumbai on February 17.

The BCB's decision to write to the ICC was triggered by the BCCI's move to instruct Kolkata Knight Riders to release Bangladesh fast bowler Mustafizur Rahman, who had been bought at the IPL auction in December for INR 9.2 crore. The decision was conveyed to the media by BCCI secretary Devajit Saikia, though no explanation was provided. It is understood that the IPL Governing Council did not convene to discuss the issue, raising questions about the process behind the decision. Mustafizur was the only Bangladesh player picked at the 2026 IPL auction. Meanwhile, a Cricbuzz report has suggested that the situation remains unchanged for now, with the ICC having received no tangible or actionable intelligence indicating any security threat to the Bangladesh team in India. According to Cricbuzz, ICC officials told the BCB during Tuesday's online meeting that there was no assessment pointing to any danger for their players. Cricbuzz further reported that while the BCB formally requested the relocation of all of Bangladesh's matches following an emergency meeting on January 4, no final decision was taken during Tuesday's discussions. However, there are no immediate indications that the ICC is inclined to revise its stance, with a final decision expected to be communicated to the BCB by January 10.

## সবচেয়ে মর্যাদা ও সম্মানের স্থান মক্কা-মদিনা

২৫ পৃষ্ঠার পর

পর্যন্ত তা সম্মানিত থাকবে।' (মুসলিম) বায়তুল্লাহ শরিফে পৃথিবীর সব মুসলমানের সমানভাবে প্রবেশাধিকার রয়েছে। এখানে ধনী-গরিব, কালো-সাদা, উঁচু-নিচু, ফকির-বাদশা, মালিক-শ্রমিক, পুরুষ ও নারীর প্রবেশের ক্ষেত্রে কোনো ভেদাভেদ নেই। যে ব্যক্তি আল্লাহকে একমাত্র রব ও মহানবী (সা.) কে তার রাসুল হিসেবে মেনে নেবে তিনিই সেখানে প্রবেশের অধিকার লাভ করবেন। এ মর্মে সুরা হজের ২৫ আয়াতে এরশাদ হয়েছে, যারা কুফরি করেছে এবং আল্লাহর পথে চলতে বাধা দিচ্ছে এবং মসজিদে হারামে যাবার পথে বাধা হয়ে দাঁড়িয়েছে, যে মসজিদে হারামকে আমি সব মানুষের জন্য তৈরি করেছি এবং যেখানে স্থানীয় ও বহিরাগত লোকের অধিকার সমান, তাদের আচরণ নিশ্চিতভাবেই শাস্তি পাওয়ার মতো আচরণ, যারা এতে (মসজিদে হারামে) সত্যপথ থেকে বিচ্যুত হয়ে জুলুমের পথ ধরবে, আমি তাকে কঠিন শাস্তির আস্বাদ গ্রহণ করাব।' মক্কা শুধু মানুষের জন্য নিরাপদ নয়, এটা প্রতিটি প্রাণীর জন্যই নিরাপদ, কেবলমাত্র মানুষকে কষ্ট দেয় এমন পাঁচটি জীব ব্যতিরেকে। এ প্রসঙ্গে রাসুলে পাক (সা.) বলেন- সেখানে কাক, চিল, ইঁদুর, বিচ্ছু ও ক্ষেপা কুকুর এ পাঁচ প্রকারের জন্তুকে কেউ হত্যা করলে কোনো দোষ নেই। -সহিহ বোখারি : ১৬৯৬ এ ক্ষেত্রের সম্মানিত হবার মূল কারণ হলো- আল্লাহর ঘর সেখানে অবস্থিত সেখানে তার হুকুম বাস্তবায়নের কেন্দ্র হবে এবং সেখানে যেমন যাবতীয় অবৈধ কার্যক্রম নিষিদ্ধ থাকবে তেমনি এখান থেকে একমাত্র আল্লাহর হুকুম বাস্তবায়নের প্রশিক্ষণ ও দীক্ষা তার বাস্তবায়ন লাভ করে তা বিশ্বময় প্রচার প্রসারে ভূমিকা গ্রহণ করবে। রাসুলে পাক (সা.) আল্লাহর দেয়া সে দায়িত্ব পালন করতে গিয়ে অবর্ণনীয় জুলুম-নির্যাতন সহ্য করেও শেষ পর্যন্ত জন্মভূমি মক্কা ত্যাগ করে মদিনায় তাঁর কর্মকেন্দ্র স্থাপনের মাধ্যমে আল্লাহ কর্তৃক অর্পিত দায়িত্ব সুসম্পন্ন করেন। যে জায়গাটি আল্লাহর বিধান বাস্তবায়নের কর্মকেন্দ্র হয় তার মর্যাদা যে পৃথিবীর সকল স্থানের চেয়ে উত্তম হবে সেটাই তো স্বাভাবিক। এ দিক দিয়ে বিচার করলে দেখা যায় মদিনার মর্যাদাকে আল্লাহতায়ালা অনেক বাড়িয়ে দিয়েছেন। এ মর্মে রাসুলে পাক (সা.)-এর একটি হাদিস এখানে এসেছে, হজরত আবদুল্লাহ ইবনে যায়েদ (রা.) থেকে বর্ণিত, রাসুলে পাক (সা.) বলেছেন, হজরত ইবরাহিম (আ.) মক্কাকে সম্মানিত ঘোষণা করেছিলেন এবং এর জন্য দোয়া করেছিলেন, সুতরাং হজরত ইবরাহিম (আ.) যেমন মক্কাকে সম্মানিত ঘোষণা করেছিলেন আমিও অনুরূপ মদিনাকে সম্মানিত ঘোষণা করলাম এবং মুদ ও সায়ের জন্য দোয়া করলাম যেমন হজরত ইবরাহিম (আ.) মক্কার জন্য করেছিলেন।' (সহিহ বোখারি : ১৯৮১) নির্ভরযোগ্য হাদিসের বর্ণনা থেকে জানা যায়, কেয়ামতের আগ মুহূর্তে দাজ্জালের ফেতনা থেকেও এ দুই নগরী মুক্ত থাকবে। ওই সময় ফেরেশতারা এই দুই নগরীর পাহারায় নিয়োজিত থাকবেন, ফলে দাজ্জাল সেখানে প্রবেশ করতে পারবে না। অন্য দিকে রাসুলে পাক (সা.) মদিনার মর্যাদা ঘোষণা করে বলেন- 'শুধু তিনটি মসজিদের উদ্দেশে সফর করা যাবে- আমার মসজিদ (মদিনার মসজিদে নববি), মক্কার মসজিদে হারাম এবং মসজিদে আকসা (জেরুজালেম)।' (মুসলিম)। রাসুলে পাক (সা.) বলেন, 'আমার এ মসজিদে নামাজ আদায় অন্য মসজিদের হাজার নামাজের চেয়েও উত্তম। তবে মক্কার মসজিদে হারাম ছাড়া। কেননা, মক্কার মসজিদে হারামে নামাজ আদায় অন্য মসজিদের লক্ষ নামাজের চেয়ে উত্তম।' (মুসনাদে আহমদ) আল্লাহ তায়ালা আমাদের সবাইকে মক্কা ও মদীনার প্রতি যথাযথ সম্মান দেখানোর মাধ্যমে দুনিয়া ও আখেরাতে কল্যাণ ও সফলতা লাভের তাওফিক দান করুন। আমিন।

# রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের পূর্ণাঙ্গ কমিটি গঠিত

আজকাল রিপোর্ট

নির্বাচন কমিশনার, উপদেষ্টা, কাউন্সিলর সদস্য, চাঁদপুরের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং সাংবাদিকদের উপস্থিতিতে গত ৪ জানুয়ারি রোববার ২০২৬ তারিখে ২০২৬-২৭ সালের পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি ঘোষণা করা হয়। রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের পূর্ণাঙ্গ কমিটি গঠনের উপলক্ষ্যে সানাই পার্টি সেন্টারে কুরআন তেলাওয়াত এবং সংগঠনের মরহুমদের জন্য দোয়া ও মুনাজাতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভার দ্বিতীয় পর্বে নব নির্বাচিত কার্যকরী কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি রাজু সাহা (বিপ্লব) সভাপতিত্বে সাধারণ সম্পাদক সোহেল গাজী পুরো অনুষ্ঠানটি পরিচালনা করেন। সভাপতি তার বক্তব্যে উপস্থিত সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান এবং চাঁদপুর ফাউন্ডেশনের অগ্রগতি অব্যাহত রাখতে সবার সহযোগিতা কামনা করেন। উপস্থিত সদস্যগণের পূর্ণ মতামতের ভিত্তিতে ১২ সদস্যের বোর্ড অব ট্রাস্টি এবং ১৮ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ গঠন করা হয়।

কার্যকরী কমিটি ২০২৬-২৭: সভাপতি রাজু সাহা (বিপ্লব), সাধারণ সম্পাদক সোহেল গাজী, সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, সহ-সভাপতি এবি সিদ্দিক পাটোয়ারী, শুকুর রহমান চুন্নু, নুরুল আলম মজুমদার, মোহাম্মদ নুরুল আমিন, মোহাম্মদ জসিম উদ্দিন, সাকিল মিয়া, এম. সুলায়মান ইকবাল, সাইফুল ইসলাম লিটন, আফসার আলম, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আব্দুর রহীম ভূঁইয়া, সহ সাধারণ সম্পাদক মোঃ আবু তাহের, নুরুল ইসলাম মিলন, কামরুল আহমেদ (রিপন), গোলাম আজম রনি, মামুন মজুমদার, কোষাধ্যক্ষ মাহফুজুর রহমান পাটোয়ারী, সহ কোষাধ্যক্ষ ফজলুল হক, সাংগঠনিক সম্পাদক কামাল পাটোয়ারী, সহ সাংগঠনিক সম্পাদক আনিসুজ্জামান রাসেল, প্রচার সম্পাদক ফয়েজ আহমেদ, শিক্ষা বিষয়ক সম্পাদক মোঃ ইকবাল হোসেন মানিক, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক শাহাদাত হোসেন, সাহিত্য বিষয়ক সম্পাদক হুমায়ুন কবীর গাজী, মহিলা সম্পাদক ফারহানা আক্তার শিল্পু, সাংস্কৃতিক সম্পাদক শেখ সায়েম উল্লাহ, সমাজ কল্যাণ সম্পাদক মোঃ আবু তাহের গাজী, দপ্তর সম্পাদক ওসমান ওমর ফারুক, ক্রীড়া সম্পাদক মোঃ নিয়াজ মোরশেদ, ধর্ম বিষয়ক সম্পাদক আবু বকর, আপ্যায়ন সম্পাদক মোঃ মোস্তাক আহমেদ, নির্বাহী সদস্য এস এম মাহফুজুর রহমান টিটু, আলমগীর হোসেন, গিয়াস উদ্দিন মজুমদার, মোঃ সাখাওয়াত হোসেন ফরহাদ, মাওলানা আব্দুর রহমান, মোঃ মোস্তফা উদ্দিন, মোঃ আবু ইউসুফ, মোঃ মোকাদ্দেস হোসেন রিয়াদ, ইমাম সোহেল, মাহমুদুল হাসান, মোঃ ইকবাল হোসেন, আবু বি সিদ্দিক (মুশফিক), মোমিন হোসেন মিন্টু, মোঃ সামসুল আলম, পীরজাদা মেহেদী হাসান, মোঃ মাহফুজুর রহমান রিয়াদ, মোঃ সোহরাব খান (টিটু), মোঃ আলমগীর হোসেন রনি, মানিক রাজা, শাহাদাত হোসেন, মোঃ আলম সরকার ও মোঃ ফারুক আহমেদ। বোর্ড অব ট্রাস্টি মোঃ রফিকুর রহমান, আলহাজ্ব মইনুল ইসলাম মিয়া, নার্গিস আহমেদ, মজিবুর রহমান মিয়া, মোর্শেদ আলম, নাজমুল হাসান, ডা. ধনঞ্জয় সাহা, মোঃ আলম, মনিরুজ্জামান মজুমদার, জসিম রাসেল, নূর আলী স্বপন, হাসান ইমাম। উপদেষ্টা পরিষদ হারুন ভূঁইয়া, মোস্তফা হোসেন মুকুল, ফিরোজুল ইসলাম পাটোয়ারী, আমিন খান জাকির, বাবুল চৌধুরী, ফারুক হোসেন মজুমদার, মামুন মিয়াজী, খোরশেদ আলম খোকন, প্রকৌ শাহাদত হাসান, মনির হোসেন, মাজহারুল ইসলাম চৌধুরী মুন্না, জামান স্বপন, রফিকুর রহমান মিয়া, হাবিব খন্দকার, ডা. জাহাঙ্গীর আলম, নূর মোহাম্মদ, হুমায়ুন কবির, মোহাম্মদ আজাদ।

## অন্তঃসত্ত্বার প্লাটিলেট কমলে করণীয়

২০ পৃষ্ঠার পর

খাবার গ্রহণ করতে হবে, যেমন- ফলের জুস, স্যালাইন, ডাবের পানি ইত্যাদি। শরীরের পানির পরিমাণ ঠিক রাখা খুবই গুরুত্বপূর্ণ। জ্বরেতে ব্যথা এবং অন্য ব্যথার জন্য প্যারাসিটামল জাতীয় ওষুধ খেতে পারেন। ব্লাড প্লেটেলেট কাউন্টার নিয়মিত পরীক্ষা করে দেখতে হবে। প্লেটলেট ৫০ হাজারের নিচে কমে গেলে অনেক সময় প্লেটলেট ইনফিউশনের প্রয়োজন হয়। অতিরিক্ত বমি হলে অনেক সময় হাসপাতালে ভর্তি করে স্যালাইন এবং অক্সিজেন দেওয়ার প্রয়োজন হতে পারে, রক্ত দেওয়া লাগতে পারে।

ডেঙ্গু প্রতিরোধে মশারি টানিয়ে ঘুমানো, বাড়ির আশেপাশে বদ্ধ জায়গায় পানি জমতে না দেওয়া, সর্তকতা অবলম্বন অনেক জরুরি। যথাসময়ে চিকিৎসা গ্রহণ করাই হলো এ রোগ থেকে নিজেকে এবং গর্ভের শিশুকে নিরাপদ রাখার একমাত্র উপায়।

লেখক : ফার্টিলিটি কনসালটেন্ট ও গাইনোকোলজিস্ট, বি আই এইচ এস জেনারেল হসপিটাল ঢাকা।

## মহানবী (সা.)-এর যে ভাষণ শুনে অশ্রুসিক্ত হয়েছিল সাহাবিদের চোখ

২৫ পৃষ্ঠার পর

মসজিদ-ই-নববীতে মিম্বর তৈরির আগে খেজুরগাছের গুঁড়ির ওপর দাঁড়িয়ে ভাষণ দিয়েছেন। (সহিহ বুখারি, হাদিস : ৮৭২, জামে তিরমিজি, হাদিস : ৫০৫)। এক নারী সাহাবির সহায়তায় মিম্বর তৈরি হলে সেখানে দাঁড়িয়ে মুহাম্মদ (সা.) ভাষণ দিয়েছেন। (সহিহ বুখারি, হাদিস : ৯১৭)। এ ছাড়া তিনি যুদ্ধের ময়দানে ও সমতল ভূমিতে ভাষণ দিয়েছেন। তবে সবাই যেন তাঁর ভাষণ শুনতে পায় এবং তাঁকে দেখতে পায় সেদিকে বিশেষ লক্ষ রাখতেন। শ্রোতাদের প্রতি দৃষ্টি বিনিময় করতেন।

গুরুত্বপূর্ণ কথা বলার ধরন : নবী করিম (সা.) ভাষণের ক্ষেত্রে অত্যন্ত সহজ-সরল বাক্য ব্যবহার করতেন। অস্পষ্ট ও দুর্বোধ্য ভাষা পরিহার করতেন। প্রতিটি গুরুত্বপূর্ণ কথা ও প্রশ্নোত্তর পর্ব দু-তিনবারে শেষ করতেন। আনাস (রা.) বলেন, নবী (সা.) যখন কোনো কথা বলতেন তখন তা বুঝে নেওয়ার জন্য তিনবার বলতেন। আর যখন কোনো গোত্রের কাছে এসে সালাম দিতেন, তাদের প্রতি তিনবার সালাম দিতেন। (সহিহ বুখারি, হাদিস : ৯৪)।

ভাষণের দারুণ কৌশল : রাসুল (সা.)-এর ভাষণের শব্দগুলো সংক্ষিপ্ত হলেও ব্যাপক অর্থবহ, মর্মস্পর্শী ও তাৎপর্যপূর্ণ ছিল। যা শুনে বিবেকের দুয়ার খুলে যেত। হিদায়াতের নূরে অন্তর আলোকিত হতো। তিনি ভাষণের মধ্যে প্রায় সময় প্রশ্ন করতেন। শ্রোতারা সচেতন ও সক্রিয় হয়ে উঠত। সাহাবায়ে কেরাম বেশির ভাগ সময় জবাব না দিয়ে আদবের সঙ্গে বলতেন, আল্লাহ ও তাঁর রাসুল ভালো জানেন। তাঁর কণ্ঠে বলিষ্ঠ কথা ছোট-বড় সবাই মন্ত্রমুগ্ধের মতো শুনতেন। সাধারণত মসজিদের ভাষণ প্রদানের সময় তিনি হাতে লাঠি রাখতেন। কখনো তার ওপর ভর দিয়ে দাঁড়াতেন। আরো প্রয়োজনমতো বিভিন্ন অঙ্গভঙ্গি করার কথাও হাদিসে বর্ণিত হয়েছে।

সংক্ষিপ্ত ভাষণের শিক্ষা: রাসুলুল্লাহ (সা.) সংক্ষিপ্ত ভাষণ দিতে পছন্দ করতেন। জীবনের বেশির ভাগ সময় সংক্ষিপ্ত ভাষণ দিয়েছেন। ঐতিহাসিক বিদায় হজের ভাষণ ছিল কিছুটা দীর্ঘ। এমন আরো কয়েকটি দীর্ঘ ভাষণ আছে। তবে সেগুলো বেশি দীর্ঘ নয়। আবু ওয়াইল (রহ.) বলেন, আম্মার (রা.) আমাদের উদ্দেশে সংক্ষিপ্ত ও সারগর্ভ খুতবা প্রদান করলেন। তিনি যখন মিম্বার থেকে নেমে এলেন, তখন আমরা বললাম, হে আবুল ইয়াকজান! আপনি অত্যন্ত সংক্ষিপ্ত ও সারগর্ভ খুতবা দিয়েছেন। যদি কিছুটা দীর্ঘ করতেন আরো ভালো হতো। তখন তিনি বললেন, আমি রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি যে নামাজকে দীর্ঘ ও খুতবাকে সংক্ষিপ্ত করা মানুষের আনবুদ্ধির পরিচায়ক। সুতরাং নামাজকে দীর্ঘ ও খুতবাকে সংক্ষিপ্ত করো। কোনো কোনো বয়ান অনেক সময় জাদুর মতো হয়ে থাকে। (সহিহ মুসলিম, হাদিস : ১৮৮২)

জুমার খুতবার পদ্ধতি : আল্লাহর রাসুল (সা.) যখন জুমার খুতবা দিতেন প্রথমে হামদ ও সানা পেশ করতেন। তারপর বক্তব্য দিতেন। জাবের ইবনে আবদুল্লাহ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) যখন খুতবা দিতেন তখন তাঁর চক্ষুদ্বয় রক্তিমবর্ণ হতো। স্বর উঁচু হতো এবং কঠোর রাগ প্রকাশ পেত। মনে হতো, তিনি যেন আক্রমণকারী বাহিনী সম্পর্কে সতর্ক করছেন। বলছেন, তারা তোমাদের সকালে আক্রমণ করবে এবং বিকেলে আক্রমণ করবে। তিনি বলতেন, আমি এমন অবস্থায় প্রেরিত হয়েছি যে আমি ও কিয়ামত এ দুটির মতো এবং মধ্যমা ও শাহাদাত অঙ্গুলি মিলিয়ে দেখাতেন। তিনি বলতেন, উত্তম বাণী হলো আল্লাহ তাআলার কিতাব এবং সর্বোত্তম আদর্শ হলো মুহাম্মদের আদর্শ। নিকৃষ্ট বিষয় হলো বিদআত। সব বিদআত হলো পথভ্রষ্টতা। (সহিহ মুসলিম, হাদিস : ১৮৭৮)।

হৃদয়ছোঁয়া ভাষণ : রাসুলুল্লাহ (সা.) মাঝেমধ্যে এমন জ্বালাময়ী ভাষণ দিতেন, যা শুনে মানুষের অন্তর মোমের মতো গলে যেত। চোখ দিয়ে প্রবাহিত হতো অশ্রুর ফোয়ারা। ইবনে হাজার (রহ.) বলেন, একবার ইরবাজ ইবনে সারিয়া (রা.) আমাদের আবেদনের পরিপ্রেক্ষিতে বলেন, একদা রাসুলুল্লাহ (সা.) আমাদের সঙ্গে নামাজ আদায়ের পর আমাদের দিকে ফিরে একটি গুরুত্বপূর্ণ ভাষণ দেন। যাতে আমাদের চোখ অশ্রু ভারাক্রান্ত হয়। অন্তর ভীতসন্ত্রস্ত হয়। আমাদের মধ্যে একজন বলল, হে আল্লাহর রাসুল! মনে হচ্ছে, এ আপনার বিদায়ি ভাষণ। কাজেই আপনি আমাদের আরো কিছু অসিয়ত পেশ করুন। তখন তিনি বলেন, আমি তোমাদের তাকওয়া অবলম্বনের জন্য বলছি এবং শোনা ও মানার জন্যও। যদিও তোমাদের আমির হাবশি গোলাম হয়। কেননা তোমাদের মাঝে যারা আমার পরে জীবিত থাকবে, তারা বহু মতভেদ দেখতে পাবে। এমতাবস্থায় তোমাদের উচিত হবে আমার ও আমার খোলাফায়ে রাশেদার সুন্নতের অনুসরণ করা; যাঁরা সত্য ও ন্যায়ের অনুসারী। তোমরা তাঁদের দৃঢ়ভাবে অনুসরণ করবে। তোমরা বিদআতের অনুসরণ ও অনুকরণ করা থেকে দূরে থাকবে। কেননা প্রতিটি নতুন কথাই বিদআত এবং প্রতিটি বিদআত গুমরাহি। (আবু দাউদ, হাদিস : ৪৬০৭)।

ভাষণ থেকে শিক্ষা : আল্লাহর রাসুল (সা.) সর্বদা উম্মত নিয়ে চিন্তিত থাকতেন। তাদের মঙ্গল, কল্যাণ ও দুনিয়া-আখিরাতের মুক্তির সামগ্রিক বিষয় নিয়ে পেরেশান ছিলেন। মুক্তার চেয়ে দামি তাঁর প্রতিটি কথায় তা স্পষ্ট। তিনি কখনো ভাষণের মধ্যে কাউকে নিয়ে উপহাস করতেন না। কারো গিবত চর্চা করতেন না। মুগ্ধকর সুভাষণ ছিল তাঁর স্বতন্ত্র বৈশিষ্ট্য। মহানবী (সা.)-এর ভাষণ থেকে সবার শিক্ষা নেওয়া প্রয়োজন।

# Pakistan confirms talks with Bangladesh on potential defence pact, JF-17 jet sale

Continued on page 19

since massive protests in August 2024 drove then-Prime Minister Sheikh Hasina to flee to India, shattering Dhaka's relationship with New Delhi.

"The visit underscored the strong historical ties between Pakistan and Bangladesh and reflected a shared resolve to deepen defence cooperation and build a long-term strategic partnership," the military said.

In the wake of Hasina's ouster, Islamabad and Dhaka have resumed direct trade for the first time since the 1971 war that brought independence for Bangladesh, while their military officials have held several meetings.

Under an interim administration led by Nobel laureate Muhammad Yunus, Bangladesh is set for general elections on February 12 that could lead to a government role for a once-banned Bangladeshi Islamist party with links to Pakistan.

## সুরা ইখলাসের ফজিলত

২৫ পৃষ্ঠার পর

সাধ্যাতীত মনে করো?' এ প্রশ্ন তাদের জন্য কঠিন ছিল। এরপর তারা বলল, হে আল্লাহর রাসুল (সা.) আমাদের মধ্যে কার সাধ্য আছে যে এটি পারবে? তখন তিনি বললেন, 'কুলহু ওয়াল্লাহু আহাদ' অর্থাৎ সুরা ইখলাস কোরআনের তিন ভাগের এক ভাগ।' (বুখারি-৫০১৫) এ সম্পর্কে আরো একটি হাদিস। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত- তিনি বলেন, রাসুল (সা.) বলেছেন, 'কুলহু ওয়াল্লাহু আহাদ' কোরআনের এক-তৃতীয়াংশের সমান।' (তিরমিজি-২৮৯৯) আল্লাহর ভালোবাসা লাভ : সহিহ বুখারির কিতাবুত তাওহিদে হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত আছে- আল্লাহর রাসুল (সা.) এক সাহাবির নেতৃত্বে একদল সেনাবাহিনী প্রেরণ করলেন। তারা ফিরে এসে নবীজি (সা.)-কে বললেন, হে আল্লাহর রাসুল (সা.)! যাকে আপনি আমাদের নেতা মনোনীত করেছেন, তিনি প্রতি সালাতে কিরাতের শেষে সুরা ইখলাস পাঠ করতেন। রাসুল (সা.) তাদেরকে বললেন, 'সে কেন এমন করত তা কি তোমরা তাকে জিজ্ঞেস করেছ?' তাকে জিজ্ঞেস করা হলে তিনি উত্তরে বলেন, এ সুরায় আল্লাহর গুণাবলি বর্ণনা করা হয়েছে, এ কারণে এ সুরা পড়তে আমি খুব ভালোবাসি। এ কথা শুনে রাসুল (সা.) বললেন, 'তাকে জানিয়ে দাও, আল্লাহও তাকে ভালোবাসেন।' (ফাতহুল বারি-১৩/৩৬০)। সুরা ইখলাস পাঠে জান্নাত : আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, একদা আমি রাসুলুল্লাহ (সা.)-এর সাথে আসছিলাম। তখন তিনি এক ব্যক্তিকে 'কুলহু ওয়াল্লাহু আহাদ, আল্লাহুস সামাদ' পাঠ করতে শুনলেন। রাসুলুল্লাহ (সা.) বললেন, 'ওয়াজিব (অবধারিত) হয়ে গেছে।' আমি প্রশ্ন করলাম, কী ওয়াজিব হয়ে গেছে? তিনি বললেন, 'জান্নাত'। (তিরমিজি-২৮৯৭)।

লেখক : শিক্ষার্থী, জামিয়া আরাবিয়া মাখযানুল উলুম, ময়মনসিংহ সদর।

## রোগ প্রতিরোধে যুদ্ধ করে দশ প্রকার খাদ্য

২০ পৃষ্ঠার পর

কার্যকারিতা বৃদ্ধি করে। এ তেলের মধ্যে ফ্যাটি অ্যাসিড থাকে। এরা রোগ প্রতিরোধে সহায়তা করে। * ম্যাগনেসিয়াম- টাটকা শাকসবজি, চীনাবাদাম, সামুদ্রিক খাদ্য ও শস্যজাতীয় খাবারে ম্যাগনেসিয়াম থাকে। এগুলো ইমিউনিটির কার্যকারিতা বৃদ্ধি করে। * ভিটামিন 'ই' উদ্ভিজ্জাতীয় খাবার, শাকসবজি, ফলমূল, ভেজিটেবল তেলে পাওয়া যায়। শিম, শিমের বিচি, চীনাবাদাম ইত্যাদি। এছাড়া প্রাণিজ খাদ্য, ডিম, ডিমের কুসুম, মাছ, গোশত ও দুধে থাকে। এগুলো শ্বেত রক্তকণিকার কার্যক্ষমতা বৃদ্ধি করে। * আমলকী, হরীতকী, পেঁপে, তরমুজ, বাঁধাকপি, টকজাতীয় লেবু, কমলালেবু, পেয়ারা ইত্যাদি। এগুলো কেমিক্যাল মেসেঞ্জার মাত্রা বৃদ্ধি করে। বিশেষ করে ইন্টারফেরন যা ইনফেকশনের প্রবেশ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। * জিংক- সবুজ শাকসবজি, ফলমূল, ডিম, গোশত, সেরিয়াল, চিংড়ি, সামুদ্রিক খাদ্যে জিংক প্রচুর পরিমাণে রয়েছে- যা ফ্রি রেডিক্যালের কার্যকারিতা বৃদ্ধিতে সহায়তা করে। জঞ্জাল সেলকে (জীবাণু ধ্বংস করার পর সেগুলোর মৃত্যু ঘটে) মুক্ত করতে সহায়তা করে। জিংক আমাদের শরীরের পুষ্টির জন্য একটি অতি প্রয়োজনীয় উপাদান। জিংক শরীরের বিভিন্ন এনজাইমের একটি অংশ এবং সব টিস্যুতেই এটি আছে। * গ্রিন টি, শস্যজাতীয় খাদ্য, টাটকা শাকসবজি জাতীয় খাদ্যে ম্যাঙ্গানিজ থাকে, যা কিলার ইমিউন সেলের কার্য বৃদ্ধিতে সহায়তা করে।

প্রতি দিন খেতে অভ্যাস করুন : আঁশযুক্ত খাবার, টাটকা সবুজ শাকসবজি, কলা, লেবু, টমেটো ও শসা, পেঁয়াজ, রসুন, কালিজিরা, সামুদ্রিক মাছ।

লেখক : বক্ষব্যাধি বিশেষজ্ঞ, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল।







## এনসিপি-জামায়াত জোট: কৌশল নয়, আদর্শগত বিভ্রান্তি

১০ পৃষ্ঠার পর

রাজনৈতিক অর্থ বহন করে। সেই নাম বহাল রেখে রাজনীতি করা মানে প্রতিদিন সেই অস্বীকৃতির স্মৃতিকে জারি রাখা। জামায়াতে ইসলামী তাদের নাম জারি রেখে একদিকে আমাদের ওপর জুলুম করছে, অন্যদিকে ইসলামকে আমাদের ভাষা, সংস্কৃতি নীতি-নৈতিকতা এবং রাজনৈতিক-দার্শনিক অবস্থা নির্ণয়ে ইসলামের ইতিবাচক ভূমিকাকে আড়াল করে দাঁড়িয়েছে। জামায়াতে ইসলামীর নিবেদিতপ্রাণ কর্মীদের প্রতিও এটা অবিচার ও জুলুম। এই নাম বহনের কুফল ছাত্রশিবিরের তরুণদেরও বহন করতে হচ্ছে, যার কোনো যুক্তি নাই।

৬. ইসলাম, জুলুম ও ইনসাফ: কোন ইসলাম?

এখানে স্পষ্ট করে বলা দরকার। আমি জামায়াতে ইসলামী ভালো, না মন্দ- এই নৈতিক বিচার করছি না। প্রশ্নটা ভিন্ন। ইসলামকে ন্যায় ও ইনসাফের পক্ষে হাজির করা এক জিনিস, আর পাকিস্তান রক্ষার নামে ইসলাম ধর্মকে সামনে রেখে যে জালিম ও মানবাধিকারবিরোধী বিকৃতি ঘটেছিল, তাকে বহাল রাখা আরেক জিনিস।

একাত্তরে পূর্ব পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মুসলমানসহ একটি মজলুম জনগোষ্ঠী জালিম রাষ্ট্রের বিরুদ্ধে লড়েছে। সেই লড়াই ইসলামের নৈতিক দাবি- ইনসাফ ও জুলুমের বিরোধিতার সঙ্গেই সংগতিপূর্ণ ছিল। কিন্তু জামায়াতে ইসলামী পুরোনো নাম বহাল রেখে কার্যত সেই জালিম ইসলামের স্মৃতি ও রাজনৈতিক অর্থ বহন করে চলেছে। এই বাস্তবতা অস্বীকার করা যায় না। অর্থাৎ এটা বুঝতে হবে- একাত্তর স্রেফ বাঙালি জাতিবাদ বনাম ইসলামের লড়াই ছিল না। সেটা ছিল জালিমদের বিরুদ্ধে বাংলাদেশের মজলুম মুসলমান ও ধর্মাবলম্বীদের লড়াই।

৭. নাম বদল প্রশ্নে এনসিপির নীরবতা : জুলাই গণঅভ্যুত্থান জামায়াতের জন্যও একটি ঐতিহাসিক সুযোগ ছিল। তারা চাইলে নাম বদলে, অতীতের দায় স্বীকার করে, ইসলামকে ইনসাফের নৈতিক পতাকা হিসেবে নতুনভাবে হাজির করতে পারত। প্রশ্ন হচ্ছে, এনসিপি কি এই শর্তটি তুলেছিল? নাহিদ ইসলাম কি জামায়াতকে নাম বদলাতে বলেছেন?

যদি না বলে থাকেন, তাহলে 'কৌশলগত জোট' কথাটির কোনো নৈতিক ভিত্তি থাকে না। কারণ, কৌশলের প্রথম শর্তই হওয়া উচিত ছিল এই ঐতিহাসিক ও রাজনৈতিক দায়ের মীমাংসা।

৮. জামায়াত বহাল থাকলে আওয়ামী লীগের পুনর্বাসন অনিবার্য : এখানে একটি কঠিন কিন্তু অনিবার্য রাজনৈতিক সত্য স্বীকার করা দরকার। জামায়াতে ইসলামী যদি তার পুরোনো নাম ও ঐতিহাসিক ভার বহাল রাখে, তাহলে বাঙালি জাতীয়তাবাদী রাজনীতিও সমানভাবে বৈধতা পায়। অর্থাৎ মুসলিম জাতীয়তাবাদের নামে পাকিস্তান যেমন একদিন দাঁড়িয়েছিল, তেমনি বাঙালি জাতীয়তাবাদের নামে আওয়ামী লীগও নিজেকে আবার 'প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে একমাত্র রক্ষাকবচ' হিসেবে হাজির করতে পারে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এটি বহুবার ঘটেছে। তাই জামায়াতে ইসলামী নাম নিয়ে বাংলাদেশের রাজনীতিতে উপস্থিতি কোনো নিরপেক্ষ বাস্তবতা নয়; এটি সরাসরি আওয়ামী লীগের রাজনৈতিক ভাষা ও নৈতিক বৈধতাকে পুনর্জীবিত করে। এনসিপি বলবেই হবে না- তারা আওয়ামী লীগকে ফিরিয়ে আনতে চায় না। রাজনীতিতে উদ্দেশ্যের চেয়ে ফলাফল অনেক সময় বেশি গুরুত্বপূর্ণ হয়। একটি জোট যদি বাস্তবে আওয়ামী রাজনীতির পুনর্বাসনের ক্ষেত্র তৈরি করে, তবে সেই জোট রাজনৈতিকভাবে ভুল- এমনকি যদি সেই উদ্দেশ্য না-ও থাকে। এই জায়গাতেই নাহিদ ইসলামের 'এটা আদর্শিক জোট নয়' বক্তব্য পুরোপুরি অকার্যকর হয়ে পড়ে। কারণ আদর্শিক হোক বা না হোক, এই জোটের ফলাফল আওয়ামী লীগকে পুনর্বাসনের পক্ষেই যাবে।

৯. নির্বাচনবাদ ও জনগণ থেকে বিচ্ছিন্নতা : এনসিপি ধীরে ধীরে যে পথে হাঁটছে, তাকে এক কথায় বলা যায় নির্বাচনবাদ। নির্বাচনবাদ মানে রাজনীতির সব প্রশ্নকে ভোট, আসন, জোট আর অর্থনৈতিক হিসাবের মধ্যে সীমাবদ্ধ করে ফেলা। এতে জনগণের নৈতিক আকাঙ্ক্ষা, ক্ষোভ, ত্যাগ ও প্রত্যাশা ধীরে ধীরে অপ্রাসঙ্গিক হয়ে যায়। অথচ জুলাই গণঅভ্যুত্থান দেখিয়ে দিয়েছে- জনগণ এখনও নৈতিক আহ্বানে সাড়া দেয়; কেবল নির্বাচনী প্রতিশ্রুতিতে নয়।

শরিফ ওসমান হাদির জানাজায় লাখ লাখ মানুষের স্বতঃস্ফূর্ত উপস্থিতি এই সত্যই প্রমাণ করে। সেখানে কোনো টাকাপয়সা, কোনো নির্বাচনী হিসাব ছিল না। ছিল কেবল একটি নৈতিক ডাক; ইনসাফের ডাক। এনসিপি যদি জনগণের এই চেতনা বুঝতে পারত, তাহলে তারা নির্বাচনকে রাজনীতির কেন্দ্র বানাত না। বরং তারা জনগণকে সঙ্গে নিয়ে রাষ্ট্র গঠনের প্রশ্ন সামনে আনত। কিন্তু তারা সেটি করেনি। ফলে জনগণ থেকে তাদের দূরত্ব ক্রমশ বাড়ছে।

১০. মন্ত্রণালয় অভিজ্ঞতা ও তরুণ নেতৃত্বের আত্মহানি : এনসিপির তিনজন নেতা মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছিলেন। এটি ছিল একটি বিরল সুযোগ, প্রমাণ করার সুযোগ- তরুণ নেতৃত্ব রাষ্ট্রযন্ত্রের ভেতরে গিয়ে ভিন্নভাবে কাজ করতে পারে। বাস্তবে সেই সুযোগকে কাজে লাগানো হয়নি। কোনো দৃশ্যমান, সাহসী বা জনগণমুখী সংস্কারের উদাহরণ তারা রাখতে পারেনি। এর পরিণতি শুধু এনসিপির জন্য নয়, পুরো তরুণ রাজনীতির জন্য ক্ষতিকর। কারণ সাধারণ মানুষ তখন বলে- 'তরুণরাও পারল না'। একটি প্রজন্মের ওপর যে আস্থা তৈরি হওয়ার কথা ছিল, তা বরং ক্ষতিগ্রস্ত হয়েছে। এটি কোনো ব্যক্তিগত ব্যর্থতার প্রশ্ন নয়; এটি গণঅভ্যুত্থান -পরবর্তী সম্ভাবনার অপচয়ের প্রশ্ন।

১১. শিবির ও জামায়াত এক নয়: ভুল শত্রু চিহ্নিত করার রাজনীতি : শিবির ও জামায়াত এক জিনিস নয়- এই মৌলিক পার্থক্যটি এনসিপি নেতৃত্ব বুঝতে ব্যর্থ হয়েছে। জামায়াত একটি ঐতিহাসিক রাজনৈতিক দল, যার নামের সঙ্গে একাত্তরের রাজনৈতিক অস্বীকৃতির ভার জড়িয়ে আছে। শিবির তার বিপরীতে একটি তরুণ সংগঠন; সেখানে নতুন চিন্তাভাবনা, সামাজিক কাজ এবং ওয়েলফেয়ারধর্মী ভাষা দেখা যায়। এদের সমালোচনা হতে পারে, হওয়াই স্বাভাবিক। কিন্তু তাদের গণঅভ্যুত্থানবিরোধী শক্তি হিসেবে চিহ্নিত করা বাস্তবতার সঙ্গে মেলে না।

গণঅভ্যুত্থানের পর শিবিরের যেসব তরুণ কোনো না কোনোভাবে অংশগ্রহণ করেছিল বা সহানুভূতিশীল ছিল, তাদের সঙ্গে এনসিপি বিরোধ তৈরি করে কার্যত নিজেদেরই বিচ্ছিন্ন করেছে। অথচ পরে গিয়ে তারা জামায়াতের সঙ্গে জোট করেছে। এই আচরণের পেছনে কোনো স্পষ্ট মতাদর্শিক যুক্তি নাই। আছে রাজনৈতিক দূরদর্শিতার মারাত্মক অভাব।

১২. বিশ্বাস বনাম মতাদর্শিক ধর্ম : বাংলাদেশে ধর্ম প্রশ্নের বড় বিভ্রান্তি হলো বিশ্বাস আর মতাদর্শিক ধর্মকে এক করে দেখা। বিশ্বাস- ফেইথ- মানুষের জীবিত নৈতিকতা। মানুষ কী ন্যায্য মনে করে, কোন জুলুমকে ঘৃণা করে, কেমন সমাজে বাঁচতে চায়- এসব প্রশ্ন বিশ্বাসের জায়গা থেকে আসে। এই বিশ্বাস রাজনীতির বাইরে নয়; বরং রাজনীতির গভীর নৈতিক ভিত্তি। ধর্মের ব্যাপারে আমরা যে ধারণা বহন করি তা পাশ্চাত্য থেকে পাওয়া। উইলফ্রেড ক্যান্টওয়েল স্মিথ পাশ্চাত্যে গড়ে ওঠা ধারণা প্রসঙ্গে বলেছেন, বিশ্বাস বা 'ফেইথ' এবং 'বিলিফ' বা ধর্মীয় মতাদর্শিক অবস্থানের রাজনীতি এক নয়। ফলে আমরা যখন বিশ্বাস বা ফেইথ শব্দ ব্যবহার করি, তখন মানুষের দৈনন্দিন জীবনের জীবন্ত বা নিত্যদিনের নীতি-নৈতিকতার কথা বলি, তা আমাদের সচল জীবনের অন্তর্নিহিত সত্যশক্তি। এর ভিত্তিতে পরিবার ও সমাজে কাজ করে; এর ভিত্তিতে রাষ্ট্র, রাজনীতি, অর্থনীতির ব্যাপারে মানুষ সিদ্ধান্ত নেয়। সমস্যা তৈরি হয় যখন ধর্মকে একটি প্যাকেজড মতাদর্শে রূপান্তর করা হয়। যেমন 'এই ব্যাখ্যাই একমাত্র ইসলাম' কিংবা 'এই রাজনৈতিক প্রোগ্রামই ধর্মের অনিবার্য রূপ'। তখন ধর্ম নৈতিক শক্তি না থেকে ক্ষমতার হাতিয়ারে পরিণত হয়। পরিপ্রেক্ষিত ও উদ্দেশ্যই এখানে নির্ধারক। এই পার্থক্য না বোঝা গেলে বাংলাদেশে ইসলাম প্রশ্নের কোনো সমাধান সম্ভব নয়।

১৩. পদত্যাগ নয়, জবাবদিহির রাজনীতি : জামায়াতের সঙ্গে জোটের বিরোধিতা করে যারা এনসিপি থেকে পদত্যাগ করেছেন, তাদের ক্ষোভ ও নৈতিক অবস্থান বোঝা যায়। কিন্তু রাজনৈতিকভাবে এই পথ ফলপ্রসূ নয়। গণঅভ্যুত্থান-পরবর্তী রাজনীতির প্রয়োজন ছিল সাংগঠনিক লড়াই- দলের ভেতরে প্রশ্ন তোলা, কাউন্সিল ডাকা, নেতৃত্বকে জবাবদিহির মুখোমুখি করা। আলাদা পদত্যাগ নেতৃত্বকে দুর্বল করে না; বরং নেতৃত্বকে প্রশ্নহীন করে তোলে। রাজনীতি মানে কেবল নৈতিক বিশুদ্ধতা রক্ষা নয়। রাজনীতি মানে ক্ষমতার কাঠামোর ভেতরেই নীতি প্রতিষ্ঠার লড়াই।

১৪. গণতান্ত্রিক প্রক্রিয়া ছাড়া নির্বাচন কেন সহিংসতা ডেকে আনে

তফশিল ঘোষণার পরপরই হাদি গুলিবিদ্ধ হয়েছেন- এই ঘটনা আমাদের একটি ভয়ংকর ভবিষ্যতের ইঙ্গিত দেয়। যখন রাষ্ট্র নিরাপত্তা নিশ্চিত করতে পারে না, বিচার দিতে পারে না, রাজনৈতিক সহিংসতা নিয়ন্ত্রণে আনতে পারে না, তখন নির্বাচন আর গণতন্ত্রের উৎসব থাকে না; তা হয়ে ওঠে সহিংসতার প্রতিযোগিতা।

নির্বাচনের আগে দরকার ছিল একটি গণতান্ত্রিক প্রক্রিয়া- রাষ্ট্রের ন্যূনতম ন্যায়ভিত্তিক পুনর্গঠন। সেটি ছাড়া নির্বাচন মানে আরও রক্ত, আরও লাশ, আরও অস্থিরতা। এই সত্য এনসিপি বুঝতে বা মানতে চায়নি।

১৫. ইতিহাস আবেগের নয়, রাজনৈতিক সিদ্ধান্তের বিচার করে

গণঅভ্যুত্থান ইতিহাসে জনগণের অভিপ্রায়ের এক শক্তিশালী বহিঃপ্রকাশ। এই অভিপ্রায়কে নির্বাচনবাদ দিয়ে তাড়িয়ে দেওয়া যায় না। এনসিপি যে পথে হাঁটছে, তাতে তারা জনগণের সেই আকাঙ্ক্ষা পূরণ করতে পারবে না। ইতিহাস কাউকে ভালোবাসা বা সহানুভূতির ভিত্তিতে বিচার করে না; ইতিহাস বিচার করে রাজনৈতিক সিদ্ধান্তের ফল দিয়ে।

জুলাই গণঅভ্যুত্থানের মুহূর্ত ছিল এক ঐতিহাসিক সুযোগ। রাষ্ট্রগঠন সামনে রেখে জনগণকে সচেতন করা ছিল নীতি; নির্বাচন হতে পারত কৌশল। এনসিপি এই দুটি গুলিয়ে ফেলেছে। এর রাজনৈতিক মাশুল তাদের দিতেই হবে- এটাই ইতিহাসের নির্মম কিন্তু অনিবার্য রায়।

ফরহাদ মজহার: কবি ও তাত্ত্বিক।

## নিউইয়র্কে সিরাজুল আলম খান দাদা ভাইয়ের জন্মদিন পালিত

৬২ পৃষ্ঠার পর

বিশ্বাস করতেন তা প্রচলিত রাজনৈতিক দলগুলোর সঙ্গে মিলবে না। রাজনৈতিক নেতারা যে প্রেক্ষিতে দল গড়ে তুলে রাজনৈতিক সুবিধা ও ক্ষমতা ভোগ করে এগুলোর কোনোকিছুই সিরাজুল আলম খানকে ছুঁতে পারেনি। নিউইয়র্কে সিরাজুল আলম খানের ৮৫তম জন্মদিন পালন করেছে জেএসএফ-বাংলাদেশ। গত ৬ জানুয়ারি ২০২৬, সন্ধ্যায় সাউ ও সংগঠনের দপ্তরের শীর্ষস্থানীয় ব্যক্তিদের জন্মদিন উপলক্ষে নিউইয়র্কের জ্যাকসন হাইটস-এ পালিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেএসএফ'র সংগঠক হাজী আনোয়ার হোসেন লিটন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিনিয়র সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, বিশেষ অতিথি ছিলেন সাংবাদিক শহিদ রাজু। হাকিকুল ইসলাম খোকন বলেন, আমরা রাষ্ট্র বুঝতাম না। এর আগে রাষ্ট্র গঠন করিনি। রাষ্ট্র পরিচালনায় ছিলাম না। দেশ স্বাধীন হওয়ার পর বঙ্গবন্ধু নেতৃত্বেই সরকার গঠন করা হয়।

অনুষ্ঠানের সভাপতি হাজী আনোয়ার হোসেন লিটন বলেন,'৭২ এর সরকার মুক্তিযুদ্ধে অর্জিত বাংলাদেশ সরকার হবার কথা। যারা মুক্তিযুদ্ধে যারা অংশ নিয়েছেন, যারা সংগঠক হিসেবে নেতৃত্ব দিয়েছেন তাদের মাধ্যমে না হয়ে পাকিস্তানী পার্লামেন্টে দায়িত্ব নেয়ার জন্য নির্বাচিত জনপ্রতিনিধিদের স্বাধীন বাংলাদেশ সরকারে অন্তর্ভুক্ত করা হয়। মুক্তিযুদ্ধের নয়মাসে প্রতিটি মানুষের সাহস, দেশপ্রেম শত্রুকে প্রতিরোধ করার যে ক্ষমতা ও চেতনার যে অভূতপূর্ব যে পরিবর্তন হয়, সেই অভিজ্ঞতা যাতে স্বাধীন দেশের নেতৃত্ব প্রতিষ্ঠায় কাজে না লাগানো হয়, সেই চক্রান্তের অংশ হিসেবে পাকিস্তানপন্থী জনপ্রতিনিধিদেরকে দায়িত্ব দেয়া হয়।

আর যেসব ছাত্র যুবকরা জীবন বাজি রেখে যুদ্ধ করেছে তাদের স্বপ্ন ও চেতনাকে বুলডোজিং করা হয়েছে একটি স্লোগান দিয়ে 'এক নেতা এক দেশ, বঙ্গবন্ধুই বাংলাদেশ'। তিনি বলেন, এখন বুঝতে পারি কেন আমরা পরাজিত হলাম। কেন আজ বাংলাদেশ আমাদের নেই।

তিনি বলেন, আমরা শিখিনি কীভাবে রাষ্ট্র চালাতে হয়। যে রাষ্ট্র জন্ম দিলাম সেখানে শুধু একজন নেতা থাকবে, আর কোনো নেতা থাকবেন না। কাউকে স্বীকার করা হবে না। আর কোনো নেতা গড়ে উঠতে দেয়া হবে না। উপরোক্ত অন্যদের বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দেয়া হবে। তাদের বিরুদ্ধে রক্ষীবাহিনী লেলিয়ে দেয়া হবে। দেশ মাতৃকার জন্য যুদ্ধ করা তরুণদের গুলি বানিয়ে তাদের হাতে অস্ত্র দিয়ে বাকিদের হত্যা করার তৎপরতা যখন শুরু হয়েছে তখনই স্পষ্ট হয়ে গেছে, এই রাষ্ট্র আর আমাদের নেই। আমরা আবার পরাধীন হয়ে গেছি।

## উভয় জগতের সফলতা অর্জনে আত্মশুদ্ধি

২৫ পৃষ্ঠার পর

হাতিয়ার। আল্লাহর দরবারে একাগ্রচিত্তে কাকুতি-মিনতিসহ দোয়া করলে কবুল হয়। দোয়া সম্পর্কে রাসুল (সা.) বলেছেন, 'আল্লাহর কাছে বান্দার দোয়া অপেক্ষা অধিক মূল্যবান জিনিস আর কিছু নেই।' (জামে তিরমিজি) বান্দা আল্লাহর কাছে যত বেশি দোয়া করে, আল্লাহতায়ালা তাকে তত বেশি ভালোবাসেন এবং প্রার্থিত জিনিস দান করেন। আল্লাহতায়ালা নিজে তার বান্দাদের দোয়া করার নির্দেশ দিয়েছেন। কোরআন মাজিদে আল্লাহতায়ালা বলেন, 'তোমরা আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দেব।' (সুরা মুমিন ৬০) রাসুল (সা.) আত্মশুদ্ধির জন্য নিয়মিত দোয়া করতেন। তিনি দোয়ায় বলতেন, 'হে আল্লাহ! আমি আপনার কাছে পরিশুদ্ধ অন্তর কামনা করছি।' (মুসনাদে আহমদ) তিনি আরও দোয়া করতেন, 'হে অন্তর পরিবর্তনকারী! আমার অন্তরকে আপনার আনুগত্যে দৃঢ় করে দিন।' (মুসনাদে আহমদ)

আল্লাহকে ভয় করা : আল্লাহভীতি মুমিন জীবনের মূলভিত্তি। মহান আল্লাহ যেমন ক্ষমাশীল তেমনি কঠোর শাস্তিদাতা। তাই অন্তরে সর্বদা আল্লাহর ভয় ধারণ করতে হবে। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেছেন, 'হে ইমানদারগণ! তোমরা আল্লাহকে যথাযথ ভয় করো। আর মুসলমান না হয়ে কেউ মৃত্যুবরণ কোরো না।' (সুরা আলে ইমরান ১০২) এ আয়াত থেকে বোঝা যায় যে, আল্লাহকে যথার্থরূপে ভয় করতে হবে। আল্লাহভীতির আগুনে পুড়ে মানুষ যেমন প্রবৃত্তি ও কামনাকে ভস্মে পরিণত করতে পারে, তেমন আর কোনোভাবেই পারে না।

কোরআন তেলাওয়াত : কোরআন তেলাওয়াতের মাধ্যমে একজন বান্দার সঙ্গে মহান আল্লাহর কথোপকথন হয়। কোরআন মাজিদ মহান আল্লাহর পবিত্র বাণী। এটি মানুষের প্রতি আল্লাহতায়ালার এক বিশেষ নেয়ামত। কোরআন হলো নুর বা জ্যোতি। আত্মার খোরাক এই কোরআন মাজিদ। যার প্রতি হরফে হরফে নেকি রয়েছে। কোরআন তেলাওয়াতের মাধ্যমে মানুষের অন্তরের কালিমা দূর হয় এবং অন্তর প্রশান্ত হয়। রাসুল (সা.) বলেছেন, 'নিশ্চয়ই অন্তরেও মরিচা ধরে যেভাবে লোহায় পানি লাগলে মরিচা ধরে। বলা হলো, হে আল্লাহর রাসুল! এই মরিচা দূর করার উপায় কী? উত্তরে তিনি বলেন, মৃত্যুর কথা বেশি বেশি স্মরণ করা এবং কোরআন তেলাওয়াত করা।' (বায়হাকি)

জিকির করা : আল্লাহকে স্মরণ করার নাম জিকির। অন্তর ও জবান এই দুটি সব সময় আল্লাহর কাজে নিয়োজিত রাখাই জিকিরের উদ্দেশ্য। জিকির মানবাত্মার রোগ-ব্যাধি দূর করে অন্তরকে পরিশুদ্ধ করে। এ ব্যাপারে দিকনির্দেশনা দিয়ে রাসুল (সা.) ইরশাদ করেছেন, 'প্রত্যেক বস্তুকেই পরিষ্কার করার যন্ত্র আছে। আর আত্মাকে পরিষ্কার করার যন্ত্র হলো আল্লাহর জিকির।' (বায়হাকি) আল্লাহর জিকির হচ্ছে যাবতীয় ইবাদতের রুহ। তাই যত বেশি মহান আল্লাহর জিকিরে নিজেকে নিয়োজিত রাখা হবে অন্তর ততই পরিষ্কার হবে এবং অন্তরের রোগ-ব্যাধি দূর হবে। আল্লাহতায়ালা নিজেই মানুষকে বেশি বেশি জিকির করার নির্দেশ দিয়েছেন। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেন, 'জেনে রাখো! আল্লাহর জিকির দ্বারাই অন্তর প্রশান্ত হয়।' (সুরা রাদ ২৮)

তওবা করা : তওবা আরবি শব্দ। এর অর্থ হলো সঠিক পথে ফিরে আসা, ক্ষমা প্রার্থনা করা, কৃতকর্মের জন্য লজ্জিত হওয়া এবং আন্তরিকভাবে অনুশোচনা করা। ইসলামি পরিভাষায় কোনো অন্যায় বা অপরাধমূলক কাজ হয়ে যাওয়ার পর অনুতপ্ত হয়ে সেই কাজের জন্য মহান প্রভুর কাছে ক্ষমা প্রার্থনা করা এবং সেই অন্যায় কাজ ছেড়ে দৃঢ়প্রতিজ্ঞ হয়ে ভালো পথে ফিরে আসাকে তওবা বলা হয়।

কোনো কোনো মনীষী বলেন, অনুতাপ ও অনুশোচনা সহকারে গুনাহ বর্জন করে আল্লাহর দিকে প্রত্যাবর্তন করাকে তওবা বলে। তওবার মাধ্যমে অন্তরের কালিমা দূর হয়।

অসহায়ের পাশে থাকা : গরিব, দুস্থ ও অসহায় মানুষের পাশে থাকলে অন্তর নরম হয়। সমাজের দুস্থ ও অসহায় মানুষকে সহায়তা দানের প্রতি ইসলাম অধিক গুরুত্ব আরোপ করেছে। সুযোগ হলে সাধ্যমতো তাদের সাহায্য-সহযোগিতা করা, খাবার খাওয়ানো এবং খোঁজখবর নেওয়া উচিত। এতে অন্তরের পরিশুদ্ধি অর্জিত হয়। পবিত্র কোরআনের বহু জায়গায় আল্লাহতায়ালা গরিব, অসহায় ও মিসকিনদের খাবার দান করার কথা বলেছেন। পবিত্র কোরআনে তিনি বলেন, 'আমি তাকে দুটি পথপ্রদর্শন করেছি। অতঃপর সে ধর্মের ঘাঁটিতে প্রবেশ করেনি। আপনি কি জানেন, সে ঘাঁটি কী? তা হচ্ছে দাসমুক্ত করা কিংবা দুর্যোগ ও সংকটের দিনে এতিম, আত্মীয়স্বজন ও ধূলি-ধূসরিত মিসকিনদের অন্নদান করা।' (সুরা বালাদ ১০-১৬) অভুক্ত ব্যক্তিকে আহার দেওয়ার ফজিলত বলতে গিয়ে রাসুল (সা.) বলেছেন, 'মানুষের কল্যাণ সংশ্লিষ্ট যত কাজ আছে, তার মধ্যে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ও সর্বোত্তম হচ্ছে দরিদ্র ও ক্ষুধার্তকে খাবার দান করা।' (সহিহ বুখারি ১২)। আল্লাহই কিছু মানুষকে সম্পদ দিয়েছেন, আবার কিছু মানুষকে নিঃস্ব করেছেন। যাদের সম্পদ দেওয়া হয়েছে, তাদের সম্পদে অসহায় ও গরিব-মিসকিনদের হক রয়েছে। এ প্রসঙ্গে পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেছেন, 'তাদের ধন-সম্পদে ভিক্ষুক ও বঞ্চিতদের হক রয়েছে।'(সুরা জারিয়াত ১৯) সাহাবিরা যখন খাবার খেতেন সঙ্গে দুস্থজনকে নিয়ে খেতেন। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা এমন কাজের ভূয়সী প্রশংসা করে বলেছেন, 'আর তারা আল্লাহকে ভালোবেসে মিসকিন, এতিম ও বন্দিদের খাবার দান করে। তারা বলে শুধু আল্লাহর সন্তুষ্টির জন্য আমরা তোমাদের খানা দান করেছি, তোমাদের কাছে আমরা এজন্য কোনো প্রতিদান চাই না এবং কোনো কৃতজ্ঞতাও না।' (সুরা দাহর ৮-৯)

অন্তরের কঠোরতা পরিহার : অন্তর কঠিন হওয়া মারাত্মক একটি রোগ। দীর্ঘ সময় মহান আল্লাহর স্মরণ থেকে দূরে থাকা এবং পাপকাজে লিপ্ত হওয়ার কারণে মানুষের অন্তর কঠিন হয়ে যায়। আল্লাহতায়ালা থেকে দূরত্ব যত বেশি সেই হৃদয়ের কাঠিন্য তত বেশি। অন্তর কঠিন হলে মানুষের হৃদয়ে আল্লাহভীতি নষ্ট হয়ে যায়। যাদের অন্তর কঠিন ও আল্লাহভীতি শূন্য তাদের সম্পর্কে আল্লাহতায়ালা বলেছেন, 'দুর্ভোগ সেই লোকদের জন্য, যাদের অন্তর আল্লাহর স্মরণের ব্যাপারে কঠোর, তারা স্পষ্টত বিভ্রান্তিতে রয়েছে।' (সুরা জুমার ২২) কোরআন অন্তরের কঠোরতা দূর করার মহৌষধ। কোরআন তেলাওয়াত যেমন হৃদয়ের কাঠিন্য দূর করে, তেমনি জীবনের পাপ-পঙ্কিলতাকে ধুয়ে মুছে সাফ করে দেয়। ফলে মানব হৃদয়ে আল্লাহভীতি জাগ্রত হয়। আল্লাহই আল্লাহতায়ালা আমাদের সবাইকে আত্মশুদ্ধির প্রকৃত পথ ও পদ্ধতি অনুসরণ করে আত্মশুদ্ধি অর্জনের মাধ্যমে ইহকালীন শান্তি ও পরকালীন মুক্তি লাভের তাওফিক দান করুন। আমিন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
NY I
NY INSURANCE BROKERAGE
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
NY CAR & LIMO SERVICES INC. BO2902
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


Ruposhi Chandpur Foundation Inc.
রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইনক
নব নির্বাচিত পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি ২০২৬-২৭
রাজু সাহা (বিপ্লব)
সভাপতি
সোহেল গাজী
সাধারণ সম্পাদক
সাইফুল ইসলাম
সিনিয়র সহ-সভাপতি
এবি সিদ্দিক পাটোয়ারী
সহ-সভাপতি
লুৎফুর রহমান চুন্নু
সহ-সভাপতি
নুরুল আলম মজুমদার
সহ-সভাপতি
মোহাম্মদ নুরুল আমিন
সহ-সভাপতি
মোহাম্মদ জসিম উদ্দিন
সহ-সভাপতি
সাকিল মিয়া
সহ-সভাপতি
এড. নুবায়রা ইবনাত
সহ-সভাপতি
সাইফুল ইসলাম লিটন
সহ-সভাপতি
আহসানুল আলম
সহ-সভাপতি
মোঃ আব্দুর রহিম ভূঁইয়া
যুগ্ম সাধারণ সম্পাদক
মোঃ আবু তাহের
সহ সাধারণ সম্পাদক
নুরুল ইসলাম মিলন
সহ সাধারণ সম্পাদক
ফয়সাল আহমেদ (রিপন)
সহ সাধারণ সম্পাদক
গোলাম আজম রকি
সহ সাধারণ সম্পাদক
মামুন মজুমদার
সহ সাধারণ সম্পাদক
মাহবুবুর রহমান পাটোয়ারী
কোষাধ্যক্ষ
ফজলুল হক
সহ কোষাধ্যক্ষ
ফয়সাল পাটোয়ারী
সাংগঠনিক সম্পাদক
আনিসুজ্জামান রাসেল
সহ সাংগঠনিক সম্পাদক
ফয়েজ আহমেদ
প্রচার সম্পাদক
মোঃ ইকবাল হোসেন মানিক
শিক্ষা বিষয়ক সম্পাদক
শাহাদাত হোসেন
আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক
হুমায়ুন কবীর ঢালী
সাহিত্য বিষয়ক সম্পাদক
ফারহানা আক্তার শিমু
মহিলা সম্পাদক
শেখ সায়েম উল্লাহ্
সাংস্কৃতিক সম্পাদক
মোঃ আবু তাহের গাজী
সমাজ কল্যাণ সম্পাদক
ওসমান ওমর ফারুক
দপ্তর সম্পাদক
মোঃ নিয়াজ মোরশেদ
ক্রীড়া সম্পাদক
আবু বকর
স্বাস্থ্য বিষয়ক সম্পাদক
মোঃ মোস্তাক আহমেদ
আপ্যায়ন সম্পাদক
এস এম মাহবুবুর রহমান টিটু
নির্বাহী সদস্য
আলমগীর হোসেন
নির্বাহী সদস্য
গিয়াস উদ্দিন মাতাব্বর
নির্বাহী সদস্য
মোঃ সাখাওয়াত হোসেন ফারুক
নির্বাহী সদস্য
মাওলানা আঃ রহমান
নির্বাহী সদস্য
মোঃ বোরহান উদ্দিন
নির্বাহী সদস্য
মোঃ আবু ইউসুফ
নির্বাহী সদস্য
মোঃ মোজাম্মেল হোসেন রিয়াদ
নির্বাহী সদস্য
ইমাম সোহেল
নির্বাহী সদস্য
মাহমুদুল হাসান
নির্বাহী সদস্য
মোঃ ইকবাল হোসেন
নির্বাহী সদস্য
আবু বি সিদ্দিক (রুস্তম)
নির্বাহী সদস্য
মোমিন হোসেন মিন্টু
নির্বাহী সদস্য
মোঃ সামসুল আলম
নির্বাহী সদস্য
শাহজাদা মেহেদী হাসান
নির্বাহী সদস্য
মোঃ মাহবুবুর রহমান রিয়াদ
নির্বাহী সদস্য
মোঃ সোহরাব খান (টিটু)
নির্বাহী সদস্য
মোঃ জাহাঙ্গীর হোসেন রনি
নির্বাহী সদস্য
মানিক রাজা
নির্বাহী সদস্য
শাহাদাত হোসেন
নির্বাহী সদস্য
মোঃ আলম সরকার
নির্বাহী সদস্য
মোঃ ফারুক আহমেদ
নির্বাহী সদস্য
বোর্ড অব ট্রাস্টি
মোঃ রফিকুর রহমান, ডাঃ মঈনুল ইসলাম মিয়া, নার্গিস আহমেদ, মজিবুর রহমান মিয়া, মোর্শেদ আলম, নাজমুল হাসান, ডা. ধনঞ্জয় সাহা, মোঃ আলম, মনিরুজ্জামান মজুমদার, জসিম রাসেল, নূর আলী স্বপন ও হাসান ইমাম।
উপদেষ্টা পরিষদ
হারুন ভুঁইয়া, মোস্তফা হোসেন মুকুল, ফিরোজুল ইসলাম পাটোয়ারী, আমিন খান জাকির, বাবুল চৌধুরী, ফারুক হোসেন মজুমদার, মামুন মিয়াজী, খোরশেদ আলম খোকন, প্রফেঃ শাহাদত হাসান, মনির হোসেন, মাজাহারুল ইসলাম চৌধুরী মুসা, জামান তপন, রফিকুর রহমান মিয়া, হাবিব খন্দকার, ডা. জাহাঙ্গীর আলম, নূর মোহাম্মদ, মোহাম্মদ আজাদ ও হুমায়ন কবির।

GOLDEN A
HOME CA
GOLDEN AGE HOME CARE

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c

AGE
RE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো

7852
96 Text: 646-591-8396
denagehomecare.com



ং স্কুল আছে

FFICE
e Ave
432
820
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com

Design by: ihopeprint.com, 929-538-7903

# এসেম্বলি ডিস্ট্রিক্ট-৩৬ এর বিশেষ নির্বাচন ৩ ফেব্রুয়ারি

১ পৃষ্ঠার পর

বাংলাদেশি বংশোদ্ভূত ও কমিউনিটি একটিভিস্ট মেরি জোবায়দা, লোকাল মুসলিম কমিউনিটি সংগঠক রানা আব্দেলহামিদ ও শিহানী বীর। জনমত জরিপে মুখোমুখি লড়াইয়ে রয়েছেন ডিয়ানা, বাংলাদেশি বংশোদ্ভূত আমেরিকান মেরি জোবায়দা ও রানা। মেরি ও রানা ২ জনই মুসলিম সম্প্রদায়ের। মেরি লড়ছেন 'পিপল ফার্স্ট' পার্টি লাইনে। নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচনে এ ৪ জন প্রার্থীই জোহরান মামদানিকে সমর্থন করেছিলেন। তার জন্য কাজ করেছেন। কিন্তু মেয়র নির্বাচনের পর মামদানি তারই ছেড়ে দেয়া এসেম্বলি আসনের নির্বাচনে সমর্থন দিয়েছেন ডিয়ানা মরনোকে। এতে বাংলাদেশি কমিউনিটিতে প্রতিক্রিয়াও সৃষ্টি হয়েছে। এই আসনে ২০২৩ সালে মামদানি ৮,৪১০ হাজার ভোট পেয়ে প্রথমবার এসেম্বলিম্যান হিসেবে নির্বাচিত হয়েছিলেন। তার প্রতিদ্বন্দ্বী আরাভেলা সিমোটাস পেয়েছিলেন ৭,৯৮৬ ভোট। ২০২৪ সালে মামদানি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। ধারণা করা হচ্ছে, এবার ৪ প্রার্থীর মধ্যে যিনিই ৬ হাজারের কাছাকাছি ভোট পাবেন তিনিই নির্বাচিত হবেন। সাপ্তাহিক আজকাল ডিয়ানা ও মেরির সাক্ষাৎকার গ্রহণ করেছে। পাঠকদের জন্য তা তুলে ধরা হলো।

## ডিয়ানা মরনো

১ পৃষ্ঠার পর

ডেমোক্র্যাটিক পার্টির চেয়ারম্যান গ্রেগোরি মিক্স। এর আগে নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি আমাকে এনডোর্স করেছেন। এরচেয়ে আর বড় কি হতে পারে। এখন ৩ ফেব্রুয়ারি পর্যন্ত অপেক্ষা করছি। আমার ডিস্ট্রিক্ট এর সম্মানিত ভোটাররা নিশ্চয়ই সুচিন্তিত মতামত আমাকে ও আমার দলের প্রতি দিবেন।

আজকাল : আপনি নির্বাচিত হলে এসেম্বলিওম্যান হিসেবে কোন কাজটিকে প্রাধান্য দিবেন?

ডিয়ানা : ইউনিভার্সাল চাইল্ড কেয়ার। আমি নিজেও একজন মা। ১৬ মাসের বেবি রয়েছে আমার। আমাদের মতো মায়েদের




চাইল্ড কেয়ারে সন্তানদের রেখে কাজে যেতে হয়। খরচ অত্যন্ত ব্যয়বহুল। আমরা এফোর্ড করতে পারি না। কর্মজীবি মানুষদের জন্য চাইল্ড কেয়ার বেনিফিট অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে আলবেনিতে আমি মুখ্য ভূমিকা রাখতে চাই। দ্বিতীয় এজেন্ডা হচ্ছে-ইমিগ্রান্টদের রক্ষা। আইসের আইন বহির্ভূত তৎপরতা নিউইয়র্কে চলতে দেয়া যায় না। তাদের মানবাধিকার লংঘনের যথেষ্ট প্রমাণ আছে। 'নিউইয়র্ক ফর অল' এমন একটি আইন পাশে এসেম্বলিতে যে বিল আছে তা পাশ করতে জোরালো ভূমিকা রাখবো। তৃতীয়ত, আমাদের ডিস্ট্রিক্টে ৮৪% মানুষ ভাড়ায় বসবাস করেন। তাদের অধিকার রক্ষায় আমি বড় যোদ্ধা হিসেবে কাজ করছি ও করবো।

আজকাল : এ নির্বাচনে আরও ২ জন প্রার্থী আপনার প্রতিদ্বন্দ্বি হিসেবে মাঠে রয়েছেন। এরমধ্যে বাংলাদেশি বংশোদ্ভূত মেরি জোবায়দাও একজন। প্রার্থী হিসেবেকে মেরিকে আপনি কিভাবে দেখছেন?

ডিয়ানা : আমি মেরিকে পছন্দ করি। ডিস্ট্রিক্টের মানুষের কল্যাণে আমি তার সাথে কাজ করতে চাই। আমরা একই ভ্যাল্যু ক্যারি করি। যদিও আমি বাংলাদেশ থেকে আসিনি। তবে বাংলাদেশিদের মতো আমিও একজন ইমিগ্রান্ট। ইমিগ্রান্ট হিসেবে বাংলাদেশিদের মতো আমিও সকল বাধাবিপত্তি পেড়িয়ে এদেশের নাগরিক হয়েছি। মেরিও ইমিগ্রান্টদের অধিকার রক্ষায় কাজ করছেন। আমিও তাদের অধিকার রক্ষায় একজন সৈনিক। আমি একাধারে ডেমোক্র্যাট। অন্যদিকে ডেমোক্র্যাটিক সোশালিস্ট অব আমেরিকার একজন কর্মী। কুইন্স 'ডিএসএ'র কো চেয়ার হিসেবে কাজ করেছি। ডিএসএ আমাকে এনডোর্স করেছে।

আজকাল : আপনি নির্বাচিত হলে আপনার অফিসে বাংলাদেশি কোন স্টাফ নিয়োগ দিবেন কি?

ডিয়ানা : দেখুন, আমার ডিস্ট্রিক্টে প্রচুর বাংলাদেশি বসবাস করেন। তাদের প্রধান ভাষা বাংলা। তাদের সাথে আমার ও আমার টিমের সংযোগ স্থাপন জরুরী। আমি নির্বাচিত হলে একজন বাংলা ভাষাভাষি স্টাফ নিয়োগ দেব।

আজকাল : আপনার ক্যাম্পেন ফান্ড সম্পর্কে কিছু বলবেন কি?

ডিয়ানা : ১৩০ জন ডোনারের কাছ থেকে প্রায় ৬২ হাজার ডলার পেয়েছি। স্টেট থেকে ম্যাচিং ফান্ড পাচ্ছি প্রায় ১ লাখ ৫ হাজার ডলার। সব মিলে আমাদের নির্বাচনী ফান্ড হচ্ছে ১ লাখ ৬৭ হাজার ডলার।

আজকাল : সাপ্তাহিক আজকালের পক্ষ থেকে আপনার সময়ের জন্য ধন্যবাদ।

ডিয়ানা : সাপ্তাহিক আজকাল ও বাংলাদেশি কমিউনিটিকে নববর্ষের শুভেচ্ছা। ৩ ফেব্রুয়ারি সবাই ভোট কেন্দ্রে আসুন। যোগ্য ব্যক্তিকে ভোট দিন। আপনার অধিকার রক্ষায় লড়াই করতে সহায়তা করুন।

## মেরি জোবায়দা

১ পৃষ্ঠার পর

এ এলাকার মানুষ ছিলেন না। নতুন এসেছেন। আমার এলাকায় প্রচুর বাংলাদেশি ভোটার রয়েছেন। এবার সুযোগ এসেছে একজন বাংলাদেশি প্রতিনিধি আলবেনিতে পাঠানোর। বাংলাদেশিদের কথা বলার জন্য সেখানে একজন প্রতিনিধি সময়েরই প্রয়োজন। সিটি হলে বাংলাদেশি প্রতিনিধি রয়েছেন। আলবেনিতেও পাঠান। এ জন্য ভোটার হতে হবে। ভোট দিতে ভোট কেন্দ্রে যেতে হবে। মাত্র ৩ সপ্তাহ হাতে রয়েছে। ভোটের জন্য প্রস্তুত হোন।

আজকাল: আপনিতো দলীয় মনোনয়ন পান নি। ডিয়ানা মরনো ডেমোক্র্যাটিক পার্টির মনোনয়ন পেয়েছেন। আপনি কোন



দল থেকে নির্বাচন করবেন? ব্যালটে আপনার নাম কোন দলে থাকবে?

মেরি : দল আমার জন্য এ নির্বাচনে প্রাধান্য নয়। ভোটাররাই আমার শক্তি। তারাই প্রাধান্য পাচ্ছেন। প্রতিদিন তাদের কাছে আমি ও আমার নির্বাচনী টিম যাচ্ছে। কারও দয়া দাক্ষিণ্য নির্ভর হয়ে নয়। জনগণের সমর্থনই আমার ভরসা।

নির্বাচনী ব্যালটে নাম থাকতে হলে ১৫০০ জন ভোটারের সিগনেচার জমা দিতে হয়। গত বুধবারের মধ্যেই ১৫০০ এর বেশি পিটিশন স্বাক্ষর আমার নির্বাচনী টিম সংগ্রহ করেছে।আগামী শুক্রবারের মধ্যে তা জমা দিতে হবে। তা ২৫০০ এর বেশি হয়ে যাবে। এতে ভোটারদের সাথেও সরাসরি যোগাযোগ হয়ে যাচ্ছে। এটি আমার জন্য একটি ইতিবাচক দিক। আর ব্যালটে আমার নাম থাকবে 'পিপল ফার্স্ট' পার্টি লাইনে।

আজকাল : আপনার প্রধান নির্বাচনী এজেন্ডা কি জানতে পারি?

মেরি : হাউজিং এফোর্ডেবেলিটি। সবার জন্য আবাসনের নিশ্চয়তা। সাধ্যের মধ্যে বসবাসের অধিকার। বসবাসের পরিবেশও আমার এজেন্ডায় গুরুত্বপূর্ণ। আমার নির্বাচনী এলাকায় এজমা রোগের আধিক্যতা স্বাস্থ্যসম্মত পরিবেশের অভাবের কারনে। বসবাসযোগ্য পরিবেশ গড়ে তুলতে কাজ করবো।

আজকাল : আপনার প্রধান প্রতিদ্বন্দ্বি ডিয়ানা মরেনো সম্পর্কে কিছু বলবেন?

মেরি : তার সম্পর্কে কিছু বলতে চাই না। সে আমাদের ডিস্ট্রিক্টে নতুন এসেছেন। আমরা নির্বাচন করছি লোকাল ইস্যুতে। আমার নির্বাচনের ফোকাস লোকাল ইস্যু, লোকাল পিপল ও লোকাল মুভমেন্ট নির্ভর। আমি সেখানেই কনসেনট্রেশন দিতে চাই। কে এনডোর্স করলো, কে করলো না তা আমার কাছে প্রধান নয়। গ্রাসরুট ক্যাম্পেইনেই আমার প্রাধান্য।

আজকাল : ট্রাম্পের ইমিগ্রেশন পলিসি ও আইসী তৎপরতা নিয়ে আপনার মতামত কি?

মেরি : ফেডারেল আইন নিয়ে কিছু বলার নেই। তবে ইমিগ্রান্টরা আমার নির্বাচনী এলাকায় প্রতিদিন স্ট্রাগল করছেন। নির্বাচিত হলে তাদের অধিকার রক্ষায় আলবেনিতে লড়াই করবো। স্টেট লেভেলে যেন ইমিগ্রান্টরা 'ওয়ার্ক পারমিট' পান সেজন্য কাজ করবো। মনে রাখতে হবে, ইমিগ্রান্টরা আমাদের এসেট। বার্ডেন নয়। আমার এলাকা হবে ইমিগ্রান্ট ওয়েলকামিং জোন।

আজকাল : আপনার ক্যাম্পেন ফান্ড সম্পর্কে কিছু বলবেন কি?

মেরি : নির্বাচন পরিচালনার জন্য আমার এনাফ ফান্ড রয়েছে ইনশাল্লাহ। ৫০০ জনের কাছ থেকে ডোনেশন পেয়েছি। তা ৬৫ হাজার ডলারের উপরে। স্টেট ম্যাচিং ফান্ড পেলে দেড় লাখের উপর হবে। তবে ম্যাচিং ফান্ড নির্বাচনের আগে পাওয়া যাবে কিনা সন্দেহ আছে। তবে টাকার জন্য আমার নির্বাচন আটকে থাকবে না। আমাদের জয় হবে ইনশাল্লাহ। সাপ্তাহিক আজকাল ও আপনাকে ধন্যবাদ।





## বেগম জিয়া স্মরণে নিউইয়র্কে শোক-সমাবেশ



৬৪ পৃষ্ঠার পর

সন্ধ্যায় যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কর্মকর্তাদের উদ্যোগে এক বিশেষ দোয়া-মাহফিল অনুষ্ঠিত হয়। নিউইয়র্ক সিটির উডসাইডে একটি পার্টি হলে এ মাহফিলে সভাপতিত্ব করেন বিএনপি নেতা গিয়াসউদ্দিন। প্রধান অতিথির বক্তব্যে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য আব্দুল লতিফ সম্রাট তাঁর দীর্ঘ রাজনৈতিক জীবন, তথা যুক্তরাষ্ট্র বিএনপির সভাপতির দায়িত্ব পালনকালে বেগম জিয়ার সাথে নানা কর্মকাণ্ড-দিকনির্দেশনার স্মৃতিচারণ করেন। সম্রাট বলেন, বেগম খালেদা জিয়ার মৃত্যুতে বাংলাদেশি জাতীয়তাবাদে বিশ্বাসীরা একজন নাবিককেই যেন হারিয়েছেন। এ ক্ষতি কখনো পূরণ হওয়ার নয়। দোয়া-মোনাজাতের পর অনুষ্ঠিত এই স্মরণ সমাবেশে স্বাগত বক্তব্য দেন মোশাররফ হোসেন সবুজ। ফিরোজ আহমেদের সঞ্চালনায় এতে বিশেষ অতিথি ছিলেন বিএনপি নেতা মঞ্জুর চৌধুরী, কাজী আজম, আকতার হোসেন বাদল, মাহফুজুল মাওলা নান্নু, বাবিনা রহমান, এম এ খালেক, যুবদলের কেন্দ্রীয় নেতা এম এ বাতিন, মুক্তিযোদ্ধা দলের সেক্রেটারি গোলাম হোসেন, ব্রুকলিন কমিউনিটি বোর্ডের মেম্বার ও বিএনপি নেতা শাহজাহান শেখ, যুক্তরাষ্ট্র জাসাসের সদস্য-সচিব জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, যুক্তরাষ্ট্র ছাত্রদলের সভাপতি মাজহারুল ইসলাম জনি, মহিলা দলের নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন প্রমুখ। বিশিষ্টজনদের মধ্যে আরো ছিলেন মঈনউদ্দিন নাসের, আলী ইমাম, খন্দকার ফরহাদ, ড. শওকত আলী প্রমুখ।

## হাসিনার প্রশ্ন : আওয়ামী লীগ ছাড়া নির্বাচন হয়?






৬৪ পৃষ্ঠার পর

প্রতিশোধ নিতে আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগসহ মুজিব আদর্শে উজ্জীবিতদের ওপর হামলা চালাচ্ছে। প্রকাশ্যে পিটিয়ে কিংবা ছুরিকাঘাতে হত্যা করছে। বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে লুটতরাজ শেষে আগুন দিয়ে পুড়িয়ে দিচ্ছে। হাজার হাজার নেতা-কর্মীকে বিনা কারণে জেলে নেয়া হয়েছে। গোটা বাংলাদেশে ওরা সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। এমন একটি পরিস্থিতিতে নিপীড়িত ছাত্রলীগের সহকর্মীদের পাশে যারা দাঁড়াচ্ছে-তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করছি। সহযোগিতার এ ভূমিকা অব্যাহত রাখতে হবে ইউনূস তথা রাজাকারের কবল থেকে বাংলাদেশ মুক্ত না হওয়া পর্যন্ত। শেখ হাসিনা ছাত্রলীগের প্রবাসী নেতাদের নির্দেশ দিয়েছেন যেন তারা মার্কিন সিনেটর-কংগ্রেসম্যানসহ আন্তর্জাতিক বন্ধুদেরকে বাংলাদেশের ভয়ংকর পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন।

নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসে নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত সমাবেশে শেখ হাসিনা আরো বলেন, আওয়ামী লীগ ছাড়া নির্বাচন হয়



কীভাবে? আওয়ামী লীগের অনুপস্থিতিতে বিএনপি-জামায়াতের লোকজন নেতা-কর্মী-সমর্থকদের ভয় দেখাচ্ছে তাদের প্রার্থীকে ভোট না দিলে পিটিয়ে মেরে ফেলবে। শেখ হাসিনা বলেন, দলীয় প্রার্থী না থাকলে আওয়ামী লীগের নেতা-কর্মী-সমর্থকেরা কাউকে ভোট দেবে না। বাংলাদেশে আওয়ামী লীগের বিশাল ভোট ব্যাংক বাদ দিয়ে অনুষ্ঠিত নির্বাচনের কোনো গ্রহণযোগ্যতাই থাকবে না।

জয় বাংলা-জয় বঙ্গবন্ধু স্লোগানে মুখরিত পরিবেশে আধা ঘণ্টার বেশি সময় ধরে দেওয়া শেখ হাসিনার বক্তব্যের সময় করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। এ সময় তার পাশে আরো ছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা আমিনুল ইসলাম, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতা আবুল হাসিব মামুন, সোলায়মান আলী, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী। সমাবেশে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র ছাত্রলীগের নেতা মাহমুদুল হাসান। সমাবেশের আয়োজন ও আলোচনায় অংশ নেন ছাত্রলীগ নেতা অনয় মিয়া, স্বপ্নিল খান, রায়হান মাহমুদ, মেসবাহ হোসেন, রাফিকুল ইসলাম, মুকুল ইসলাম শাহ, জয়, তাজুল ইসলাম সবুজ, শাকিব ও জুয়েল।

## ১৫ হাজার ডলারের ভিসা বন্ড

৬৪ পৃষ্ঠার পর

দিতে হবে। তবে কনস্যুলার অফিসার নির্দেশনা দেওয়ার আগে কোনো অর্থ জমা না দেওয়ার জন্য সতর্ক করা হয়েছে।

যুক্তরাষ্ট্রের দাবি, এই পাইলট প্রোগ্রামের মূল উদ্দেশ্য হলো ভিসার মেয়াদ শেষ হওয়ার পর যারা অবৈধভাবে থেকে যান (ওভারস্টে), তাদের নিরুৎসাহিত করা। মূলত যেসব দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে গিয়ে ফিরে না আসার হার বেশি, সেসব দেশকেই এই তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

বন্ডের টাকা স্থায়ীভাবে কেটে রাখা হবে না। এটি একটি ফেরতযোগ্য জামানত। স্টেট ডিপার্টমেন্টের নির্দেশনা অনুযায়ী টাকা ফেরত পাওয়া যাবে।

তবে যদি কেউ নির্ধারিত সময়ের বেশি অবস্থান করেন বা যুক্তরাষ্ট্রে গিয়ে স্ট্যাটাস পরিবর্তনের আবেদন করেন (যেমন এসাইলাম বা রাজনৈতিক আশ্রয়), তবে সেই জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

ভিসা বন্ড প্রদানকারী যাত্রীদের জন্য যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে তিনটি বিমানবন্দর নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। অর্থাৎ এখন বাংলাদেশিরা কেবল এই তিন বিমানবন্দর দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারবেন। বিমানবন্দর তিনটি হলো- বোস্টন লোগান ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট, জন এফ কেনেডি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ও ওয়াশিংটন ডুলস ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট। এই নির্ধারিত পথ ছাড়া অন্য কোনো পথে প্রবেশ বা বের হলে বন্ডের শর্ত ভঙ্গ হয়েছে বলে গণ্য হবে। যা টাকা ফেরত পাওয়ার ক্ষেত্রে জটিলতা তৈরি করবে।

বাংলাদেশের পাশাপাশি এই তালিকায় আছে আলজেরিয়া, অ্যাঙ্গোলা, ভুটান, কিউবা, জিবুতি, ফিজি, নাইজেরিয়া, ও নেপাল, উগান্ডা। তালিকার দেশগুলোর জন্য ভিন্ন ভিন্ন তারিখ থেকে এই নিয়ম কার্যকর হচ্ছে। এই নিয়মের ফলে বাংলাদেশিদের জন্য মার্কিন ভিসা পাওয়া আরও ব্যয়বহুল ও জটিল হয়ে উঠবে।



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের অভিষেক




৬৪ পৃষ্ঠার পর

শামসুদ্দিন আজাদ-সভাপতি, সিকান্দার চৌধুরী- সিনিয়র সহসভাপতি (টেক্সাস), সালেহ আহমেদ-সহসভাপতি (নিউজার্সি), মোঃ আনোয়ারুল করিম-সহসভাপতি, সফিকুল আনোয়ার চৌধুরী বাবু-সহসভাপতি, মোমান সরকার-সাধারণ সম্পাদক, শিবলী সাদেক-সহ সাধারণ সম্পাদক,












সৈয়দ আসিফ আহমেদ-কোষাধ্যক্ষ, সুস্মিতা সেন-সাংগঠনিক সম্পাদক, আব্দুল্লাহ আল মাহের-শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক, সাদিয়া আফরোজ-প্রচার ও প্রকাশনা সম্পাদক ও প্রবীর ঘোষ রাজ-খেলাধুলা সম্পাদক। নতুন কমিটি গঠনে নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর রানা ফেরদৌস চৌধুরী। কমিশনের অপর ২ সদস্য ছিলেন প্রফেসর সোহাগ মিয়া ও মনজুর হাসান সবু। শপথ বাক্য পাঠ করান রানা চৌধুরী।

কমিটির পরিচয় পর্ব শেষে অনুষ্ঠান শুরু হয় নবনির্বাচিত সভাপতি শামসুদ্দিন আজাদের সভাপতিত্বে। এতে বক্তব্য রাখেন মাহমুদ আহমেদ, বিশ্বজিৎ গোপ, হাসান সরকার, আবু তালেব চান্দু, জাহাঙ্গীর হোসেন ও শিবলী সাদেক। এরপর স্থানীয় শিল্পীরা সংগীত পরিবেশন করেন।

## জানুয়ারিকে 'মুসলিম আমেরিকান হেরিটেজ মাস' ঘোষণা

৩ পৃষ্ঠার পর

হিসেবে জোহরান মামদানি নির্বাচিত হওয়ার সময়ের সঙ্গে মিলেছে, তবে রাজ্য কর্তৃপক্ষ স্পষ্ট করেছে এই দুটি ঘটনার মধ্যে একে অপরের সাথে কোনো সম্পর্ক নেই।

গভর্নর ক্যাথি হোকুল বলেন, রাজ্য মুসলিম আমেরিকানদের মূল্যবোধ, বিশ্বাস ও ঐতিহ্য উদযাপন করতে চায় এবং একই সঙ্গে ইসলামোফোবিয়া, ঘৃণা ও বৈষম্যের বিরুদ্ধে তাদের অবস্থান পুনর্ব্যক্ত করছে। প্রতীকী উদ্যোগের অংশ হিসেবে জানুয়ারি মাসে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা সবুজ আলোয় আলোকিত করা হবে। এর মধ্যে রয়েছে ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, কোসিয়াসকো ব্রিজ, নায়াগ্রা ফলস এবং এম্পায়ার স্টেট প্লাজা।

নিউইয়র্ক রাজ্যে মুসলিম জনসংখ্যা দেশের মধ্যে অন্যতম বৃহৎ। গ্লোবাল স্ট্যাটিস্টিকস-এর সাম্প্রতিক হিসাব অনুযায়ী, রাজ্যটিতে প্রায় ৭ লাখ ২৪ হাজার মুসলিম বসবাস করেন, যা মোট জনসংখ্যার প্রায় ৩.৭ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি মুসলিম বাস করেন নিউইয়র্ক সিটিতে। ইনস্টিটিউট ফর সোশ্যাল পলিসি অ্যান্ড আন্ডারস্ট্যান্ডিং (ইসপু) পরিচালিত গবেষণা ও আর্টটেরিয় প্রকল্প 'মুসলিমস ফর আমেরিকান প্রোগ্রেস (এমএপি)'-এর ২০১৬ সালের জরিপ অনুযায়ী, শহরটিতে ৭ লাখের বেশি মুসলিম বসবাস করতেন, যা তখন শহরের মোট জনসংখ্যার প্রায় ৮ শতাংশ। তারা নগর জনসংখ্যার একটি দৃশ্যমান ও গুরুত্বপূর্ণ অংশ।

এই পরিসংখ্যান একটি দীর্ঘমেয়াদি প্রবণতারই প্রতিফলন। অভিবাসন ও স্বাভাবিক জনসংখ্যা বৃদ্ধির ফলে দশকের পর দশক ধরে মুসলিম জনসংখ্যা ধারাবাহিকভাবে বেড়েছে।

এর ফলে রাজ্যের সামাজিক বৈচিত্র্য বৃদ্ধি পেয়েছে এবং মুসলিম সম্প্রদায়কে ঘিরে সাংস্কৃতিক কেন্দ্র, মসজিদ ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। ফলে মুসলিম ইতিহাস ও অবদানের জন্য একটি পূর্ণ মাস উৎসর্গ করা কেবল প্রতীকী কোনো পদক্ষেপ নয়; বরং এটি একটি সুপ্রতিষ্ঠিত জনসংখ্যাগত ও সাংস্কৃতিক উপস্থিতির প্রাতিষ্ঠানিক স্বীকৃতি।

নিউইয়র্ক সিটির নবনির্বাচিত মেয়র এবং প্রথম মুসলিম মেয়র জোহরান মামদানি এই ঘোষণাকে স্বাগত জানিয়ে বলেন,"শতাব্দীর পর শতাব্দী ধরে মুসলমানরা নিউইয়র্কের অংশ। আমরা ছোট ব্যবসা গড়েছি, পরিবার বড় করেছি, সব ধরনের পেশায় কাজ করেছি, আমাদের সংস্কৃতি ও খাদ্যাভ্যাস তৈরি করেছি যা আজকের নিউইয়র্ককে গড়ে তোলার অংশ হয়েছে।"

একইভাবে স্টেটেন আইল্যান্ড থেকে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে নির্বাচিত প্রথম মুসলিম আইনপ্রণেতা চার্লস ডি. ফল বলেন,"মুসলিম নিউইয়র্কাররা প্রতিবেশী, অভিভাবক, ব্যবসায়ী ও সরকারি কর্মচারী হিসেবে আমাদের কমিউনিটির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

গভর্নর হোকুলের এই ঘোষণা একটি সহজ সত্যকে সামনে আনে-নিউইয়র্ক তখনই সবচেয়ে ভালোভাবে কাজ করে, যখন এর নেতৃত্ব জনগণের প্রতিফলন ঘটায়।এই ঘোষণার মাধ্যমে নিউইয়র্ক যুক্তরাষ্ট্রের অন্যতম জাতিগত ও সাংস্কৃতিকভাবে বৈচিত্র্যপূর্ণ সমাজে মুসলিম আমেরিকানদের দীর্ঘস্থায়ী অবদানকে স্বীকৃতি দিয়ে এক ঐতিহাসিক পদক্ষেপ নিল।

## সিদ্ধান্ত নিতে হবে বাংলাদেশের ক্রিকেটের ভবিষ্যৎ ও স্বার্থ বিবেচনা করে: তামিম

৫২ পৃষ্ঠার পর

বৃহস্পতিবার সিটি ক্লাব মাঠে জিয়া আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেট টুর্নামেন্টের ট্রফি উন্মোচন অনুষ্ঠানে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে তামিম এমন কথা বলেন। সম্প্রতি মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ার পর তুমুল প্রতিক্রিয়া তৈরি হয় বাংলাদেশে। রাজনৈতিক দাবিতে বিসিসিআইয়ের এমন সিদ্ধান্ত আসার পর টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে ভারতে না যাওয়ার সিদ্ধান্ত আইসিসিকে জানিয়ে দেয় বিসিবি। ভেন্যু বদলের অনুরোধ করে তারা। এই ব্যাপারে আইসিসি এখনো আনুষ্ঠানিকভাবে কিছু না বললেও ক্রিকইনফোর খবর অনুযায়ী ভেন্যু বদল হচ্ছে না, ভারতে গিয়ে না খেললে বিশ্বকাপ বর্জন করতে হবে বাংলাদেশকে। বিসিবি জানিয়েছে, তারা ভারতের মাটিতে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলবে না।

## মিশিগানে খালেদা জিয়ার নামে সড়কের নামকরণ

৩ পৃষ্ঠার পর

সচেতনতা বৃদ্ধি করবে বলে মনে করছেন। বর্তমানে হ্যামট্রামিক সিটিতে চারজন বাংলাদেশি বংশোদ্ভূত কাউন্সিলর দায়িত্ব পালন করছেন। তাদের সক্রিয় প্রচেষ্টার ফলেই এই নামকরণ সম্ভব হয়েছে। প্রবাসী বাংলাদেশিরা এটিকে বাংলাদেশের ইতিহাস, নেতৃত্ব ও গণতন্ত্রের প্রতি আন্তর্জাতিক স্বীকৃতি হিসেবে দেখছেন। এর আগে শিকাগো শহরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামে একটি সড়কের নামকরণ করা হয়েছিল। এবার মিশিগানে খালেদা জিয়ার নামে সড়ক যুক্ত হওয়ায় যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় স্থায়ী রূপ পেল।

## জেএমসির নতুন কমিটির পরিচিতি

৩ পৃষ্ঠার পর

সাধারণ সম্পাদক মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, যুগ্ম সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মো. নাসির উদ্দিন, কোষাধ্যক্ষ সৈয়দ এম. রহমান পাবলু এবং সহকারী কোষাধ্যক্ষ শাহাদাত হাসান। কার্যকরী সদস্যরা হলেন- ইঞ্জিনিয়ার মোহাম্মদ এন. আহসান, মোহাম্মদ আই. রাশেদ রানা, মোহাম্মদ বাবুল উদ্দীন, আজহার হক, জুলফিকার এন. হায়দার, মোহাম্মদ সাইফুল ইসলাম ও শায়েন বখত। ট্রাস্টি বোর্ড- চেয়ারম্যান ডা. মোহাম্মদ এম. রহমান তুহিন, ভাইস চেয়ারম্যান এনাম মোহাম্মদ হক, মোহাম্মদ নাজির তাহের আমির, মহিবুল ইসলাম, মোহাম্মদ আসাদুর রহমান সাদু, ডা. মুজিবুর রহমান, মোহাম্মদ এ মুকিত এবং ডা. মোহাম্মদ এন. আহমেদ হুমায়ুন।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL

37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)


## মাতাল হয়ে মারামারি করে ৫০ লাখ টাকা জরিমানা দিলেন ব্রুক

৫২ পৃষ্ঠার পর

অ্যাশেজ পর্ব শেষ করার পর শুক্রবার অস্ট্রেলিয়া থেকে দেশে ফিরবেন ব্রুক। ১৯ জানুয়ারি শ্রীলঙ্কায় উড়াল দেবেন তিনি। সেখানে ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রস্তুতি শুরু করবে ইংল্যান্ড দল। গত বছরের এপ্রিলে সাদা বলের অধিনায়ক হওয়ার পর এটিই হবে ব্রুকের প্রথম বড় আন্তর্জাতিক টুর্নামেন্ট।

## বাকা'র সভাপতি ও সম্পাদক পুনর্নির্বাচিত

৩ পৃষ্ঠার পর

এ সময় আলোচনায় অংশ নেন আব্দুল হাসিম হাসনু, আহবাব চৌধুরী খোকন, সৈয়দ ইলিয়াস খসরু, মাকসুদা আহমেদ, মোহাম্মদ লিয়াকত আলী, শাহ্ ইকবাল রাজু, শাহ্ কামাল উদ্দিন, রায়হান জামান রানা, আমিনুল ইসলাম বাপ্টি, সোহেল আহমেদ, নজরুল ইসলাম, এম.ডি আলাউদ্দিন, আহমেদ ফয়সল, চৌধুরী মুমিত তানিম, দুলাল রহমান এবং মোহাম্মদ আব্দুল্লাহ বাবুল প্রমুখ। সভায় আগের কমিটির বিলুপ্তি ঘোষণা করে নতুন কমিটি গঠন করা হয়। সাবেক সভাপতি আহবাব চৌধুরী খোকনের সঞ্চালনায় এবং প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাসিম হাসনুর সভাপতিত্বে সর্বসম্মতিক্রমে আগামী তিন বছর (২০২৬-২৮) মেয়াদের জন্য সারওয়ার চৌধুরীকে সভাপতি, শাহ্ বদরুজ্জামান রুবেলকে সাধারণ সম্পাদক এবং মোহাম্মদ রনিকে পুনরায় কোষাধ্যক্ষ নির্বাচিত করা হয়। নবগঠিত এই শীর্ষ তিন নেতা সংগঠনের সিনিয়রদের সাথে পরামর্শক্রমে আগামী ৭ দিনের মধ্যে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবেন। সভায় বক্তারা বাকা'র কার্যক্রমকে আরও গতিশীল করতে এবং প্রবাসে নতুন প্রজন্মের কাছে দেশীয় সংস্কৃতি পৌঁছে দিতে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সভায় আসন্ন তিনটি বড় ইভেন্টের উপ-কমিটি ঘোষণা করা হয়।

ক্বেরাত প্রতিযোগিতা ও ইফতার মাহফিল (২৪ ফেব্রুয়ারি): কমিটির আহবায়ক এম.ডি আলাউদ্দিন, সদস্য সচিব চৌধুরী মুমিত তানিম ও প্রধান সমন্বয়ক শাহ্ ইকবাল রাজু। ১১তম বাংলা মেলা (২৮ জুন): মেলা আয়োজনে দায়িত্ব পেয়েছেন আহবায়ক মাকসুদা আহমেদ, সদস্য সচিব সোহেল আহমদ ও প্রধান সমন্বয়ক সালমা লুমি। বার্ষিক বনভোজন (১৯ জুলাই): বনভোজন কমিটির আহবায়ক লোকমান হোসেন লুছু, সদস্য সচিব মোহাম্মদ লিয়াকত আলী ও প্রধান সমন্বয়ক নজরুল ইসলাম।

## ভেঙ্গে গেলো রূপসী চাঁদপুর ফাউন্ডেশন

৬৪ পৃষ্ঠার পর

আহবায়ক কমিটি এগুতে পারে নি। সংগঠনও ভাংগার হাত থেকে রক্ষা পায়। চাঁদপুর ফাউন্ডেশনের অন্যতম প্রাণপুরুষ হারুন ভূঁইয়া। তিনি সাবেক সভাপতি। একাধিকবার প্রধান নির্বাচন কমিশনার ছিলেন। এবারও তার নেতৃত্বেই নির্বাচন কমিশন গঠিত হয়। তিনি সমঝোতার ভিত্তিতে একটি কমিটি দেবার প্রাণপন চেষ্টা করেন। কিন্তু কিছু সিনিয়র নেতাদের সংকীর্ণতায় পেরে উঠেন নি। এরমধ্যে বিগত নির্বাচনগুলোতে একাধিকবার পরাজিত নেতারা রয়েছেন। সভাপতি পদপ্রার্থী মাহবুবুর রহমান ও আফজালুল ইসলামের অনমনীয় মনোভাবের কারনে অচলাবস্থার সৃষ্টি হয়। কমিটি গঠন নিয়ে হারুন ভূঁইয়ার দৃষ্টি আকর্ষন করলে তিনি আজকালকে বলেন, নিরপেক্ষভাবে কমিটি দিয়েছিলাম।নবনির্বাচিত সাধারন সম্পাদক হাসান মাহমুদ সোহেল তার পছন্দের সভাপতি চান। অথচ আমার প্রস্তাবিত কমিটিকে সবাই স্বাগত জানায়। একমাত্র ফখরুল ইসলাম মাসুম এর বিরোধিতা করেন। আমি এই সংগঠন ৩০ বছর আগে গঠন করেছিলাম। অর্থ ও জীবনের মূল্যবান সময়গুলো এই সংগঠনের জন্য দিয়েছি। আমার চাওয়া পাওয়ার কিছু নেই। নিরপেক্ষভাবে কমিটি দিয়েছিলাম। একাংশের পছন্দ হয়নি। আমি আর কি করতে পারি। অথচ সবার অনুরোধেই নির্বাচন কমিশনারের দায়িত্ব নিয়েছিলাম।

প্রধান নির্বাচন কমিশনার হারুন ভূঁইয়া ও তার কমিশন নতুন কমিটির ঘোষণা দেন। এতে সভাপতি ও সাধারন সম্পাদক নির্বাচিত হন যথাক্রমে রাজু সাহা ও হাসান মাহমুদ সোহেল। এতে বিদ্রোহ ঘোষণা করেন বিদায়ী সভাপতি ফখরুল ইসলাম মাসুম, মাহবুবুর রহমান ও হাসান মাহমুদ সোহেল সহ কার্যকরিকমিটির সদস্যরা। হাসান মাহমুদ নবগঠিত কমিটি থেকে পদত্যাগ করেন। ফখরুল ইসলাম মাসুম, মাহবুবুর রহমান ও হাসান মাহমুদ সোহেলরা সংগঠনের কার্যকরি কমিটির বৈঠক ডেকে প্রধান নির্বাচন কমিশনার হারুন ভূঁইয়াকে অব্যাহতি দেন। গঠন করেন নতুন নির্বাচন কমিশন। যার নেতৃত্বে ছিলেন আখতার হামিদ ,রেজাউর রহমান রাজু ও মাকসুদুর রহমান সেলিম। এই নির্বাচন কমিশন চাঁদপুর ফাউন্ডেশনের নতুন কমিটি কমিটির ঘোষণা দেন। এতে সভাপতি ও সাধারন সম্পাদক নির্বাচিত হন যথাক্রমে মাহবুবুর রহমান ও হাসান মাহমুদ সোহেল। অন্যদিকে হারুন ভূঁইয়া ঘোষিত কমিটি থেকে হাসান মাহমুদ সোহেল পদত্যাগ করায় সোহেল গাজীকে সাধারন সম্পাদক নির্বাচিত করা হয়। গত রোববার এক সংবাদ সম্মেলনে হারুন ভূঁইয়া নতুন কমিটিতে রাজু সাহা বিপ্লব ও সোহেল গাজী কে নির্বাচিত করার প্রেক্ষাপট তুলে ধরেন।

প্রতিবেদকের সাথে আলাপকালে বিদায়ী সভাপতি ফখরুল ইসলাম মাসুম বলেন, আমরা গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন চেয়েছিলাম। কিন্তু সে পথে না গিয়ে বারবার পরাজিতরা নির্বাচন কমিশনকে প্রভাবিত করে মনগড়া কমিটি দিয়েছে। তা চাঁদপুরবাসী প্রত্যাখান করেছে। অধিকাংশ উপদেষ্টা পরিষদ সদস্য, কার্যকরি কমিটি ও নবগঠিত নির্বাচন কমিশন আলোচনার ভিত্তিতে কমিটি দিয়েছি। সোমবার সংগঠনের যৌথ বৈঠকে পরবর্তী পদক্ষেপ নেয়া হবে। নবনির্বাচিত সভাপতি মাহবুবুর রহমান আজকালকে বলেন,এই সংগঠনের যেকোন ক্রান্তিকালে হারুন ভূঁইয়া অতীতে ইতিবাচক ভূমিকা পালন করেছেন। এবার তিনি এক পক্ষের এজেন্ডা নিয়ে কাজ করেছেন। সেখান থেকে বেরিয়ে আসতে পারেন নি। তার অযৌক্তিক সিদ্ধান্ত আমাদেরও উপর চাপিয়ে দিচ্ছিলেন। আমরা তা প্রত্যাখান করেছি।

ফখরুল ইসলাম মাসুম আজকালকে বলেন, ১ জন নেতা ৩ বার নির্বাচন করেও সভাপতি হতে পারেন নি। তাদেরও মতো লোকদেরও জন্যই সংগঠনটি ভেংগে গেল। আমরা ৩৭ সদস্যের নতুন কমিটি ঘোষণা করেছি। চাঁদপুরবাসীদের নিয়ে আবার সংগঠনকে সংগঠিত করে এগিয়ে যাবো ইনশাল্লাহ।

বিপ্লব ও গাজী অংশের অন্যতম নীতিনির্ধারক ফারুক মজুমদার আজকালকে বলেন, সাইফুল ইসলাম ও মাহবুবুর রহমান কেউ কাউকে মানছিলেন না।আমি ও বাবুল চৌধুরী বারবার মধ্যস্থতার চেষ্টা করি। কিন্তু তা সম্ভব হয়ে ওঠেনি। অধিকাংশ উপদেষ্টা প্রধান নির্বাচন কমিশনার ঘোষিত কমিটিকে স্বাগত জানালেও মাসুম ভাইরা তা মানেন নি। এটা দুঃখজনক। নির্বাচন কমিশনের সিদ্ধান্তের সাথে একমত ছিলেন উপদেষ্টা বাবুল চৌধুরী, আমি ফারুক মজুমদার,মামুন মিয়াজী,হারুন ভূঁইয়া ও মোস্তফা হোসেন মুকুল। দীর্ঘদিনের সংগঠনটি ২ ভাগ হয়ে গেল।

## ভারতে না খেলার সিদ্ধান্তে অনড় বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

যৌক্তিক বিষয় নিয়েই কথা বলছি। অতীতে বহু বিশ্বকাপে খেলেছি, কিন্তু কখনো এমন নিরাপত্তা প্রশ্ন তুলতে হয়নি, বলেন বুলবুল।

এ পরিস্থিতির দীর্ঘমেয়াদি প্রভাব নিয়ে জানতে চাইলে তিনি বলেন, বিশ্বকাপ প্রস্তুতির ক্ষেত্রে কোনো ছাড় দেওয়া হচ্ছে না। ইতোমধ্যেই জাতীয় দলের স্কোয়াড ঘোষণা করা হয়েছে এবং চলমান বিপিএলের অন্যতম লক্ষ্য হলো দলকে টি-টোয়েন্টি ফরম্যাটে আরও প্রস্তুত করা ওমাঠের প্রস্তুতি চলছেই, যোগ করেন তিনি।

এদিকে, শ্রীলঙ্কায় খেলা সম্ভব নয় এমন একটি সংবাদ নিয়েও মুখ খুলেছেন বুলবুল। তার ভাষ্য, এই প্রচারণা সম্পূর্ণ ভিত্তিহীন। আইসিসির সঙ্গে আমাদের যোগাযোগ রয়েছে। তারা আমাদের নির্দিষ্ট সমস্যাগুলো জানতে চেয়েছে এবং আমরা সেগুলো লিখিতভাবে জানাচ্ছি।

নির্বাচন ও রাজনৈতিক পরিবর্তনের প্রভাব প্রসঙ্গে তিনি বলেন, বিসিবি একটি ক্রীড়া সংস্থা হিসেবে কাজ করে এবং আইসিসি বা ফিফার মতো আন্তর্জাতিক সংস্থার সঙ্গে পেশাদার সম্পর্ক বজায় রেখেই সিদ্ধান্ত নেয়। বুলবুলের ভাষায়, সরকার পরিবর্তন হলেও আমাদের যৌক্তিক অবস্থান বদলাবে না।

বিশ্বকাপে অংশ না নিলে সম্ভাব্য পরিণতি নিয়েও বিসিবি সচেতন বলে জানান বিসিবি প্রেসিডেন্ট। তিনি স্মরণ করিয়ে দেন, অতীতে নিরাপত্তাজনিত কারণে পাকিস্তানে যায়নি ভারত, আবার পাকিস্তানও একাধিক বিশ্বকাপে ভারতে খেলতে আসেনি। নিরাপত্তা ইস্যুতে যদি বিশ্বকাপ নিয়েও আপস করতে হয়, তবে বাংলাদেশ তার সিদ্ধান্তে অনড় থাকবে। আমরা একটি গ্রহণযোগ্য ও সঠিক সমাধানের আশা করছি।

ক্রিকইনফোর দাবি: বিসিবিকে আইসিসি জানিয়েছে : আগামী মাসে ভারত ও শ্রীলঙ্কায় যৌথভাবে শুরু হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের অংশগ্রহণ নিয়ে আইসিসি ও বিসিবির কাছ থেকে পরস্পরবিরোধী তথ্য পাওয়া গেছে। মঙ্গলবার রাতে এমন দাবি করেছে ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ইএসপিএন-ক্রিকইনফো। তাদের প্রতিবেদনে বলা হয়েছে, আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) ও বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এক ভার্চুয়াল বৈঠকে বসেছিল। তবে আলোচনার পর সেখানে কী সিদ্ধান্ত এসেছে, তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে।

ক্রিকইনফোর দাবি, নিরাপত্তা উদ্বেগের কারণ দেখিয়ে বাংলাদেশের বিশ্বকাপের ম্যাচগুলো ভারতের বাইরে সরিয়ে নেওয়ার যে অনুরোধ বিসিবি করেছিল, ওই বৈঠকে তা আইসিসি প্রত্যাখ্যান করেছে। বিসিবিকে আইসিসি স্পষ্টভাবে আরও জানিয়েছে, বিশ্বকাপে খেলতে বাংলাদেশ দলকে ভারতে ভ্রমণ করতেই হবে। সেটা না হলে পয়েন্ট হারানোর ঝুঁকিতে পড়তে হবে। তবে বিসিবির পক্ষ থেকে ক্রিকইনফোর কাছে ভিন্ন দাবি করা হয়েছে। তারা জানিয়েছে, বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থার কাছ থেকে এই ধরনের কোনো চূড়ান্ত বার্তা বা আল্টিমেটাম পায়নি।

বৈঠকের ফলাফল নিয়ে ভারত ক্রিকেট বোর্ড (বিসিসিআই) বা বিসিবির পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক বিবৃতি দেওয়া হয়নি। গত রোববার বিসিবি আইসিসিকে একটি চিঠি দিয়ে বাংলাদেশের ম্যাচগুলো ভারত থেকে সরিয়ে নেওয়ার অনুরোধ জানানোর প্রেক্ষিতে আইসিসি ওই বৈঠকের আয়োজন করেছিল।

এই টানাপোড়েন ও অনিশ্চয়তার সূত্রপাত ঘটে বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমান ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) থেকে বিতর্কিতভাবে বাদ পড়ায়। আসরটির আগামী মৌসুমে খেলতে কলকাতা নাইট রাইডার্সের হয়ে রেকর্ড ৯ কোটি ২০ লাখ রুপিতে চুক্তিবদ্ধ হয়েছিলেন তিনি। তবে বিসিসিআইয়ের নির্দেশে গত শনিবার তাকে দল থেকে ছেড়ে দেওয়ার ঘোষণা দেয় কলকাতা।



- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন ?

- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

SAUDIA | QATAR AIRWAYS | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

# আগামী দিনের প্রত্যাশা

৫ পৃষ্ঠার পর

পারমানবিক বোমায় হিরোশিমা- নাগাসাকির ধ্বংসলীলার অবস্থা কী ভয়ংকর ও বীভৎস রূপ ধারণ করেছিল (?)-তা সকলেই অবগত। তখনকার মানববিধ্বংসী ভয়ংকর বোমা হামলায় নিরাপরাধ ও নিরীহ লাখো মানুষের করুণ মৃত্যু হয়েছিল-সেই বীভৎস দৃশ্যের বর্ণনা দেয়া অসম্ভব। সেই মারণাস্ত্রের ভয়াবহতা এত তীব্র এবং এতই ভয়ংকর ছিল-যার শিকারে লক্ষ লক্ষ মানুষ বিকলাঙ্গ হয়েছিলেন এবং পর্যায়ক্রমে মর্মান্তিকভাবে মৃত্যুবরণ করেছিলেন।

সেই বোমা হামলার এত বছর পরও সেখানকার বিষাক্ত বোমার তেজস্ক্রিয়তা আজও বিদ্যমান। যার দূষিত বায়ুপ্রবাহের প্রতিক্রিয়ায় সেখানকার বিভিন্ন স্থানে এখনও বিকলাঙ্গ শিশু জন্ম নিচ্ছে ! সেসময় পরমাণু বোমা অন্য পাঁচ দেশের হাতে থাকলেও আমেরিকার নিক্ষিপ্ত বোমার আঘাতেই কয়েক লাখ মানুষের করুণ প্রাণহানি হয়েছিল। পরমাণু বোমার ক্ষতি সম্পর্কে সেই সময়কার আণবিক বোমা তৈরির উদ্ভাবক একজন বিজ্ঞানী হতচকিতভাবে নিজেদের আবিষ্কার নিয়ে আক্ষেপ সূচক প্রশ্ন করেছিলেন- "ক্রিমিনালদের হাতে কোন কিছুই নিরাপদ নয়। ক্রিমিনালদের হাতে সেসব পড়লে মহাসর্বনাশ হয়ে যেতে পারে।" আসলে তো তাই, যুদ্ধবাজ রাষ্ট্রপুঞ্জ এবং পৃথিবীর মানববিধ্বংসী সন্ত্রাসীরা রেডিয়াম ও কেমিক্যালের অপব্যবহার ঘটিয়ে অর্থাৎ রাসায়নিক পরমাণুর অপপ্রয়োগে পৃথিবীতে অনেক অঘটন ঘটাতে পারে। তবে,এটাও ঠিক, বিজ্ঞানের প্রতিটি আবিষ্কারেরই ভাল-মন্দ দিক আছে। প্রশ্ন হচ্ছে তার ব্যবহার কিভাবে প্রকাশ ঘটে। পরমাণু জনিত বিষাক্ত কেমিক্যাল কিংবা বারুদ সহযোগে দিয়াশলাইয়ের কাঠির মতো ছোট্ট পেন্সিল সাইজের শক্তিশালী বোমা দ্বারা প্রাসাদোপম সর্বোচ্চ বিল্ডিংও যে উড়িয়ে দেয়া যায়,-তাও পৃথিবীতে ইতিপূর্বে প্রমাণিত হয়েছে।

২০০১ সালের সেপ্টেম্বর ১১'র যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক-এর সর্বোচ্চ ও সুদৃশ্য টুইন টাওয়ার ও তৎসংলগ্ন টাওয়ারসমূহ (মোট ৭টি টাওয়ার) সন্ত্রাসী হামলায় ধূলিসাৎ হয়ে মাটির সঙ্গে মিশে গিয়েছিল। সেখানে কয়েক হাজার নিরীহ মানুষের করুণ মৃত্যু হয়েছিল। বিজ্ঞানের উৎকট ধ্বংসময় অপব্যবহারের ফলেই এত মানুষের প্রাণহানি ও সম্পদের ক্ষতি সাধিত হয়। বিষাদময় সেই ভয়াবহ ঘটনার দৃশ্যের কথা মনে উঠলে,-এখনও গা শিউরে উঠে।

কলাইলাম-সন্ত্রাস ও মানববিধ্বংসী সেসব তান্ডবের ঘটনা পৃথিবী যেমন দেখেছে। তেমনই বর্তমানে তারচেয়েও ভয়ংকর মানববিধ্বংসী ঘটনার অবতারনা ঘটছে। ফ্যাসিজমের ধারক মুসোলিনি থেকে হিটলারের প্রকৃত প্রেতাত্মাদের ধ্বংসাত্মক কার্যক্রম পৃথিবীর অধিকাংশ স্বৈরতান্ত্রিক রাষ্ট্রের মূলনীতি হয়ে দাঁড়িয়েছে। সর্বত্র ক্ষমতার উন্মাদনায় অত্যাধুনিক মারণাস্ত্রের ধ্বংসাত্মক প্রতিযোগিতা।

পৃথিবীর নিকৃষ্টতম নিষ্ঠুর বর্বরতা ঘটানো হচ্ছে অবরুদ্ধ ফিলিস্তিনে। সেখানকার অসহায় নারী ও শিশুসহ নিরীহ মানুষকে হত্যালীলার উন্মত্ত নেশায় মেতে উঠেছে হাল-আমলে ইসরাইলের উগ্রবাদী শাসক। প্রতিদিন শত শত মানুষের প্রাণহানি ঘটছে। পৃথিবী সকরুণভাবে দেখছে বীভৎসতার ভয়ংকর রূপ। বিশ্বের শান্তিকামী সমগ্র মানুষ ক্ষেপে, দুঃখে ফুঁসে উঠছে। সবাই একযোগে অবৈধ ইসরাইলের আগ্রাসন ও যুদ্ধ বন্ধের জোরদাবী জানিয়ে আসছেন। কিন্তু প্রতিকার হচ্ছে না। বিশ্বমোড়লদের মাঝে কোন দয়ার সঞ্চার হয় না!

জাতিসংঘের অধিবেশনগুলোতে যুদ্ধবন্ধের দাবী উঠছে এবং উত্থাপিত প্রস্তাবসমূহ মোড়লদের ভেটোতে নিদারুণভাবে নাকচ হয়ে যাচ্ছে! জাতিসংঘের সকল মানবিক সংস্থাগুলোর উপরও ধ্বংসযজ্ঞ চলছে। ইসরাইলের নিষ্ঠুর শাসক উল্টো জাতিসংঘকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে, ফিলিস্তিনিদের সকল আবাসভূমি ধ্বংসস্তূপে পরিণত করে দিয়েছে। ফিলিস্তিনের স্বাধীনতাকামীদের নিশ্চিহ্ন করবার জন্য সর্বরোচিত পাশবিকতার নিকৃষ্টতম দৃষ্টান্ত স্থাপন করে চলেছে। পৃথিবীর লেটেস্ট মারণাস্ত্র ফিলিস্তিনের নিরীহ মানুষের উপর প্রয়োগ করছে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রদানকৃত অত্যাধুনিক বোমা ও লেটেস্ট ক্ষেপণাস্ত্রের অপব্যবহার। সমগ্র ফিলিস্তিনকে গ্রাস করার মধ্য দিয়ে ইসরাইল রাষ্ট্রের সম্প্রসারণ করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আসলে, এসব ঘটনার কুফল সবই বিজ্ঞানের আবিষ্কারের অসৎ ব্যবহার। পৃথিবীর মানুষকে আলোর পথ থেকে সরিয়ে,অন্ধকারে নিমজ্জিত করবার অপচেষ্টা। একথা সত্য যে-বিজ্ঞানের বদৌলতে বিশ্ব উন্নত থেকে আরও উন্নততর হয়ে উঠছে।

মানুষ আলোর সভ্যতা ও আধুনিকতার ছোঁয়া পেয়েছে। সেই বিজ্ঞানকেই পৃথিবীর দুষ্টু শাসক মানব বিধ্বংসের কাজে অবলীলায় ব্যবহার করে থাকে। বর্তমানে বিজ্ঞানের অপব্যবহারের মাধ্যমে বিশ্বের পরিবেশকে অবলীলায় দূষিত ও কলুষিত করে। এভাবেই পৃথিবীর অধিকাংশ মানুষ সন্ত্রাস ও অবৈধ দখলদারদের হাতে বন্দী। এছাড়া অনেক দেশেই অবৈধ আগ্রাসন এবং রাষ্ট্রপুঞ্জের স্বৈরতান্ত্রিক শাসনব্যবস্থা বহাল। উত্তর কোরিয়া, বার্মা, সিরিয়া, সৌদী আরবসহ অনেক রাষ্ট্রই তার নিকৃষ্টতম উদাহরণ। উদাহরণস্বরূপ বলা যায়-মধ্যপ্রাচ্যের সৌদী সরকারের অমানবিক নির্মম আগ্রাসনে পার্শ্ববর্তী রাষ্ট্র ইয়েমেন তছনছ হয়ে গেছে! সেখানে প্রাণ হারিয়েছেন নারী ও শিশুসহ কয়েক লক্ষ নিরীহমানুষ। মধ্যপ্রাচ্যের স্বৈরতান্ত্রিক দেশ ছাড়াও অবরুদ্ধ ফিলিস্তিনের গাজাসহ বিভিন্ন শহর ইসরাইলি আগ্রাসনের স্থায়ী বধ্যভূমি। ইসরাইলের আগ্রাসনে একসময়কার স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রটি এখন কোন রাষ্ট্র নয়-একটি মৃত্যু উপত্যকা। অথচ এই ফিলিস্তিন ছিল সভ্যতার লীলাভূমি। সেখানে ইসরাইলি দস্যু শাসকের হাতে প্রতিনিয়ত শুধু মানুষ মরে।

পারমানবিক বোমা তথা বর্তমান সময়ের অত্যাধুনিক মারণাস্ত্র যেমন বড় দেশগুলোর গুদামে মজুত আছে। -আমেরিকা, চীন, রাশিয়া, জার্মানি, ব্রিটেন, ফ্রান্সসহ বৃহৎশক্তির হাতে অনেকপূর্ব থেকেই পারমানবিক বোমা রয়েছে। তেমনই ইসরাইলের মত (স্বঘোষিত) দখলদারিরাষ্ট্রের কাছেও পারমানবিক বোমা এবং মারণাস্ত্র কারখানা আছে। একইভাবে ইরান, পাকিস্তান ও ভারতের কাছে মারণাস্ত্র মজুত করারও অভিযোগ রয়েছে।

মজার ব্যাপার হচ্ছে,-অমুসলিম দেশ ছাড়াও কোন কোন আলখাল্লাধারি মুসলিম একনায়কতান্ত্রিক দেশ, ইসরাইল এবং উত্তর কোরিয়া থেকে পর্যাপ্ত মারণাস্ত্র কিনে, -নিজের দেশের স্বৈরতন্ত্রকে বিপজ্জনকভাবে আরও স্থায়ী ও গতিশীল করে তুলছে! এসব দেশের কেউ কেউ বাইরে ইসরাইলের বিরুদ্ধে মুখে খই ফোটে,-কিন্তু ভেতরে ভেতরে ভয়ংকর দুষ্টচারিতায় মানুষ হত্যার অনাচারবৃত্তি চালিয়ে যায়। যেমন, ইসরাইলের প্রধান অস্ত্রক্রেতা বন্ধুরাষ্ট্র হলো মিশর ও সৌদী আরব।

আহ! পৃথিবীর অনেক রাষ্ট্রপুঞ্জের নিক্ষিপ্ত ভয়ংকর মারণাস্ত্রে অবলীলায় প্রাণ হারাচ্ছে গরীব দেশগুলোর নারী ,শিশু ও সাধারণ মানুষ।

এছাড়া সমগ্র বিশ্বের সব রকম বর্বরতা ও নৃশংসতাকে হার মানিয়ে কয়েকবছর আগে, বার্মায় ঘটেছে মানব সভ্যতার সবচেয়ে বড়রকমের মানবিক বিপর্যয়! মিয়ানমারের সামরিক জান্তার নির্মম শিকার বার্মার নিরাপরাধ রোহিঙ্গা জাতি। বর্তমানে বার্মার গৃহযুদ্ধের ভয়াবহতা ক্রমাগত বেড়েই চলেছে। প্রান বাঁচানোর জন্য বাংলাদেশের সীমান্তে কয়েক লাখ নিরীহ রোহিঙ্গা জড়ো হয়ে আছে।

সবকিছুকে হার মানিয়ে বিগত বছরে ইসরাইলি শাসকের নির্বিচার বোমা হামলা, বর্বরতা ফিলিস্তিনে নারীও শিশুসহ হাজার হাজার নিরীহ মানুষের প্রাণহানি ঘটছে। ফিলিস্তিনিদের সমস্ত দালান-কোঠা ও বাড়িগুলোকে ধূলিসাৎ করে দিয়ে লক্ষ লক্ষ মানুষকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হয়েছে! গাজা উপত্যকাসহ সমগ্র ফিলিস্তিনে নিদারুণ মানবিক বিপর্যয় ঘটিয়ে, গণহত্যা চালিয়ে মৃত্যু উপত্যকায় পরিণত করা হয়েছে। সর্বত্র মৃত্যুর বিভীষিকা!

একইসাথে বিশ্বব্যাপী ইসরাইলি আগ্রাসন এবং মানববিধ্বংসী যুদ্ধ বন্ধ করার জোরালো দাবী উঠেছে। ইসরাইলের বিরুদ্ধে বিশ্বের সকল মানবিক সংগঠনসহ সমগ্র বিক্ষুব্ধ। সমগ্র পৃথিবীর সকল মানুষ যুদ্ধ বন্ধের দাবীতে সোচ্চার। যুদ্ধ বন্ধের দাবীতে বিশ্বের সকল দেশ,এমনকি-খোদ ইসরাইলের জনগণও বর্তমান ইসরাইলি শাসক ও ফ্যাসিজমের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করছেন। প্রতিদিন ইসরাইলি বোমা হামলায় ফিলিস্তিনের নিরস্ত্র মানুষগুলো নিহত হচ্ছেন।

স্বপ্ন-উজ্জ্বল আর সম্ভাবনা নিয়েই মানুষ বেঁচে থাকতে চায়। ফিলিস্তিনের স্বাধীনতাকামী মানুষও নিজ ভূখণ্ডে স্বাধীনভাবে জীবনযাপন করতে চায়। তাঁদের এই চাওয়া ও স্বাধীনতা সংগ্রাম ৭৬ বছর ধরেই চলছে। ফিলিস্তিনের অধিকারহারা, মুক্তিকামী মানুষের নূন্যতম ও মৌলিক অধিকার হরণ করেছে ইসরাইলি দস্যুরাষ্ট্র।

২০২৩ সালের অক্টোবর থেকে ইসরাইলি বীভৎসতা ভয়ংকর আকার ধারণ করেছে। গতবছর থেকে একতরফাভাবে ফিলিস্তিনে আগ্রাসন,বোমা হামলা ও নিপীড়নে অর্ধলক্ষ মানুষকে হত্যা করছে। প্রাণ হারিয়েছেন কমপক্ষে ৪৫ হাজার এবং মারাত্মকভাবে আহত হয়েছেন এক লক্ষের অধিক ফিলিস্তিনি। বেশিরভাগ নারী ও শিশুসহ ফিলিস্তিনের প্রতি ব্যাপক ধ্বংসযজ্ঞ চালিয়ে গাজার ২৩ লাখ অধিবাসীকে বিতাড়ণ করেছে। গাজা সিটি এখন সম্পূর্ণ ধ্বংস ও ধূলিসাৎ করে দেয়া হয়েছে। জাতিসংঘসহ পৃথিবীর অধিকাংশ রাষ্ট্র ইসরাইলি বর্বরতার নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে যুদ্ধ বন্ধের দাবি জানিয়ে আসছে। একমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রের অস্ত্র ও সর্বাত্মক সহযোগিতা পেয়েই ইসরাইল বেপরোয়া ও নৃশংস হত্যাযজ্ঞ চালাচ্ছে।

ফিলিস্তিনের লক্ষ লক্ষ আর্তপীড়িত উদ্বাস্তু মানুষের শেল্টারের উপর বর্বর হামলা চালিয়ে, একস্থান থেকে আরেকস্থানে বিতাড়িত করছে। একই পার্শ্ববর্তী দেশ লেবাননের উপর ভয়ংকর বোমা হামলা শুরু করেছে। গাজা সিটিকে সম্পূর্ণ ধ্বংস করে দেয়ার পর এখন ঐতিহ্যবাহী লেবাননে চালানো হচ্ছে বীভৎস বর্বরতা। বিশ্বের মোড়লরাষ্ট্রের প্রত্যক্ষ সহায়তায় ইসরাইল মানববিধ্বংসী তৎপরতা অব্যাহত রেখে চলেছে।

পৃথিবীর দুষ্টু শাসকচক্রের যুদ্ধংদেহী মনোভাবের কারণে চতুর্দিকে চরমতম অশান্তির অশুভ পায়তারা। স্বৈরাচারী শাসকদের দুঃশাসন ও ফ্যাসিজমের ফলে পৃথিবীর বিভিন্ন রাষ্ট্রের মানুষের বিপুল প্রাণহানি এবং মানবতার হাহাকার! এই মানববিধ্বংসী নিষ্ঠুরতম বর্বরতার মধ্যেও কোন কোন রাষ্ট্রে, গণঅভ্যুত্থান ও গণবিপ্লবের বাতাবরণ বইতে শুরু করেছে। সাম্প্রতিককালে বাংলাদেশ, নেপাল, শ্রীলংকা, সিরিয়া ও ইয়েমেন তার প্রকৃষ্ট উদাহরণ। উল্লেখিত রাষ্ট্রসমূহে দীর্ঘদিনের দুঃশাসন ও বৈষম্যের বিরুদ্ধে গণজাগরণ সৃষ্টি হয়েছে।

শেষ পর্যন্ত প্রবল গণরোষ এবং চূড়ান্ত গণঅভ্যুত্থানে স্বৈরশাসকের পলায়ন ঘটেছে। সংশ্লিষ্ট দেশের গণমানুষের মাঝে কিঞ্চিৎ আশার আলো সৃষ্টি হয়েছে। তবে,আগামীদিনে জনগণের ভাগ্যের পরিবর্তনের জন্য প্রয়োজন নির্মোহ প্রশাসন, ন্যায়ভিত্তিক আইনের শাসন এবং গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার প্রচলন। পৃথিবীর অধিকাংশ মানুষ শান্তিপূর্ণভাবে বসবাসের জন্য প্রাণপণ চেষ্টা করে যাচ্ছে। অন্যদিকে,বিশৃঙ্খলার বীজ বপনকারী রাষ্ট্রসমূহের খামখেয়ালীপনায় বিশ্ব মানবতার নাভিশ্বাস। ইউক্রেন ও রাশিয়ার যুদ্ধের ভয়াবহতায় বিশ্বের অর্থনীতি চরমে গিয়ে ঠেকেছে। একমাত্র যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের যৌথ উদ্যোগে যুদ্ধরত দেশগুলোয় শান্তি ফিরে আনতে পারে।

কেননা, পৃথিবীর মানুষ যুদ্ধ চায় না। তাঁরা চায় শান্তি, শঙ্কিত সন্ত্রাসমুক্ত সমাজ এবং নিরাপদ আবাসভূমি।

২০২৬ সালের নতুন বছরে,-নব উদ্দীপনায় নতুন আলোয় পৃথিবীতে নেমে আসুক শান্তির বাতাবরণ।

এই সুন্দর পৃথিবী ও প্রকৃতি আবার আলোকিত হয়ে উঠুক। মানববিধ্বংসী যুদ্ধের অবসান ঘটিয়ে কেটে যাক, -নৈরাশ্যের ঘন অন্ধকার। পৃথিবীর ধ্বংসবাজ শাসকদের বুঝতে হবে,মরণঘাতি যুদ্ধদিয়ে শান্তি আসেনা। জোর করে ক্ষমতায় টিকে থাকা এবং জোরপূর্বক শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব নয়। এমুহূর্তে অ্যালবার্ট আইনস্টাইনের একটি বিখ্যাত উক্তি মনে পড়ছে;

"জোর করে শান্তি রাখা যায় না-সেটি কেবল অনুধাবন করার মাধ্যমেই অর্জিত হতে পারে।" ক্ষমতার লোভ ও উগ্র-উন্মাদনায় প্রতিহিংসার ভয়ংকর রূপ দেখানো যায়। শান্তি প্রতিষ্ঠা হয়না মানুষের ভালোবাসা আদায় করা যায়না।

কাজী নজরুল ইসলামের বিখ্যাত কয়েকটি কবিতার শক্তিশালী উক্তি ছিল মানববিধ্বংসী যুদ্ধ ও ধ্বংসের বিরুদ্ধে। "ওরে ধ্বংস নয়"-নজরুল বোঝাতে চেয়েছেন যে, কেবল বিনাশ নয়, বরং আত্মত্যাগের মাধ্যমে নতুন সৃষ্টি ও মানবতার মুক্তির জাগরণই সকল সমস্যার সমাধানের পথ প্রশস্ত করে। মানুষকে নিয়ে বিখ্যাত উক্তি-

"মানুষের চেয়ে বড় কিছু নাই,নহে কিছু মহীয়ান!
নাই দেশ-কাল-পাত্রের ভেদ,অভেদ ধর্ম জাতি,
সব দেশে সব কালে, ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি।-"

পৃথিবীর সন্ত্রাসের হোতা এবং স্বৈরাচারী শাসকদের হৃদয়ে মানুষকে ভালোবাসার উপলব্ধি আসুক। মানবপ্রেম ও ভালোবাসার ছোঁয়ায় সভ্যতার বর্ণাঢ্যটায় প্রকৃতি ও মানবভুবন আবার দ্যুতিময় ও ধন্য হয়ে উঠুক। পৃথিবীর বিভিন্ন দেশের অন্যায় ,অনাচার নির্দয়, নিষ্ঠুর ও অমানবিক আগ্রাসনমূলক যুদ্ধ বন্ধ হোক। বিশ্বব্যাপী গড়ে উঠুক বৈষম্যহীন মানবিক সমাজ। মানুষ আবারও তাঁর আত্মশক্তিতে জেগে উঠুক।

লেখক : কবি ও প্রাবন্ধিক।


হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়





ব্যথা, পাইলস,
গ্যাস্টিক, কিডনি ও
প্রস্রাবের সমস্যা,
যৌন ও চর্মরোগ
সহ সব ধরনের
জটিল রোগ।
ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



PR Driving School
নিয়োগ বিজ্ঞপ্তি
ড্রাইভিং প্রশিক্ষক
প্রতি মাসে
$৮,০০০-$১০,০০০
ডলার
আয় করার সুযোগ..!
যোগ্যতা ও শর্তাবলী
বৈধ ড্রাইভিং লাইসেন্স (ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা)
সাবলীলভাবে ইংরেজী বলতে পারদর্শী হতে হবে
হিন্দী ও স্প্যানিশ জানা থাকলে অগ্রাধিকার দেয়া হবে
APPLY NOW
-:Location:-
153-27 Hillside Ave
Jamaica, NY 11432
Call Now:
(631) 944-8334




ড্রাইভিং স্কুল বিক্রয়
:হিলসাইড এভিনিউতে অবস্থিত
একটি
স্বনামধণ্য এবং প্রতিষ্ঠিত
ড্রাইভিং স্কুল বিক্রয় হবে:
:বিস্তারিত:
মাসিক ভাড়া: ২০০০ ডলার
লিজের মেয়াদকাল: ১০ বছর
ব্যবসা চলমান এবং প্রতিষ্ঠিত
মূল্যঃ
$35,000
(ফিক্সড)
শুধুমাত্র আগ্রহী ক্রেতাদের যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
(917) 264-6008




E-2 VISA
INVESTMENT OPPORTUNITY
Live, Work, and Invest in the United States
Are you a foreign entrepreneur or investor looking to start or expand a business in the U.S.?
The E-2 Treaty Investor Visa allows eligible investors and their families to:
✓ Live and work legally in the United States
✓ Operate and manage a U.S-based business
✓ Renew indefinitely as long as the business remains active
✓ Bring spouse and children under 21
✓ Spouses may apply for work authorization
Who Qualifies?
✓ Citizens of E-2 treaty countries
✓ Substantial investment in a U.S. business
✓ Active role in business operations
We Provide:
✓ Business Setup Guidance
✓ Investment Structure Support
✓ Visa Application Assistance
Attention: Attorney Pema Lhamu Bhutia PC

## 'বিয়ে-বিচ্ছেদ একান্তই ব্যক্তিগত বিষয়'

৪৬ পৃষ্ঠার পর

সম্প্রতি ফেসবুক লাইভে ভক্তদের সঙ্গে সরাসরি আড্ডায় অংশ নেন প্রভা। শুরুতেই তিনি সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানান। তবে অকপটে বলেন, "সামাজিক রীতির কারণেই এমন শুভেচ্ছা জানানো হয়, ব্যক্তিগতভাবে বিষয়টি খুব একটা পছন্দ নয়। শুভকামনা যেকোনো সময়ই জানানো যায়, তবে সৌজন্যের খাতিরেও অনেক কিছু করতে হয়তোসেটা তিনি বুঝতে পারেন বলেও জানান প্রভা।

লাইভ চলাকালে কাজ ও ব্যস্ততা নিয়ে প্রশ্নে স্বাচ্ছন্দ্যবোধ করলেও ব্যক্তিগত জীবন নিয়ে প্রশ্ন আসতেই কিছুটা অস্বস্তি প্রকাশ করেন তিনি। বিশেষ করে বিয়ে প্রসঙ্গে প্রশ্ন শুরু হলে বিষয়টি এড়িয়ে যেতে চান। একপর্যায়ে নিজের অবস্থান স্পষ্ট করে বলেন, "বিয়ে, সন্তান, বিচ্ছেদ-এসব একান্তই ব্যক্তিগত বিষয়। এ ধরনের প্রশ্ন করা শালীনতার মধ্যে পড়ে না। প্রত্যেক মানুষের জীবন আলাদা। আল্লাহ যেদিন যা লিখে রেখেছেন, সেদিন সেটাই হবে। আল্লাহ চাইলে অবশ্যই বিয়ে হবে।"

প্রসঙ্গত, ২০১০ সালের ১৯ আগস্ট নাট্যপরিচালক চয়নিকা চৌধুরীর 'পালিয়ে বিয়ে' নাটকের শুটিং করতে গিয়ে অভিনেতা জিয়াউল ফারুক অপূর্বর সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান প্রভা। পরে তারা বিবাহবন্ধনে আবদ্ধ হন। তবে সেই সংসার বেশিদিন স্থায়ী হয়নি, শেষ পর্যন্ত বিচ্ছেদ ঘটে দুজনের। বিচ্ছেদের পর দীর্ঘ সময় আড়ালে থাকলেও, সময়ের ব্যবধানে আবারও অভিনয়ে ফিরেছেন তিনি, যদিও বেছে বেছে কাজ করছেন।

## ভেনেজুয়েলা নিয়ে ভবিষ্যদ্বাণী করেছিল যে সিরিজ

৪৬ পৃষ্ঠার পর

এবার সিআইএর বিশ্লেষক জ্যাক রায়ান নিজেই বলেন, ভেনেজুয়েলার কথা কারও মনে এসেছে? কারও কাছ থেকেই তেমন উত্তর না পেয়ে তিনি বলতে থাকেন, ভেনেজুয়েলাই হতে পারে বিশ্বের অন্যতম বড় রাজনৈতিক সংকট। কারণ, সৌদি আরব বা ইরানের চেয়েও বেশি তেল ও আফ্রিকার সব খনি মিলিয়ে যত সোনা আছে, তার চেয়েও বেশি খনিজ ভেনেজুয়েলায়। বিপুল তেল, সোনা ও খনিজ সম্পদ থাকা সত্ত্বেও একটি ব্যর্থ রাষ্ট্রে পরিণত হতে পারে ভেনেজুয়েলা। খুব কাছে হওয়ায় ভবিষ্যতে এই দেশটি যুক্তরাষ্ট্রের নিরাপত্তার জন্য বড় হুমকি হয়ে উঠতে পারে। এই কল্পনাপ্রসূত সংলাপই বাস্তবে ধরা দিল ট্রাম্পের কার্যক্রমে। এই দৃশ্য নিয়ে শোরগোল পড়ে গেছে নেটিজেনদের মধ্যে।

নিকোলাস মাদুরোকে তুলে নেওয়ার পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, এখন থেকে ভেনেজুয়েলা চালাবে যুক্তরাষ্ট্র। ট্রাম্পের এই ঘোষণার সঙ্গে সিরিজের দৃশ্যের মিল খোঁজার চেষ্টা করছেন ইন্টারনেট ব্যবহারকারীরা। কেউ এটিকে ভবিষ্যদ্বাণীমূলক মুহূর্ত বলছেন। কেউ বলছেন, সিরিজটি বাস্তব ঘটনাপ্রবাহ আগেভাগেই তুলে ধরেছিল।

এই দৃশ্য নিয়ে সিরিজের সহনির্মাতা কার্লটন কিউজ বলেছেন, সিরিজ তৈরির উদ্দেশ্য ছিল একটি বিশ্বাসযোগ্য রাজনৈতিক থ্রিলার তৈরি করা, কোনো ভবিষ্যদ্বাণী করা নয়। তবে এটা সত্যি যে বাস্তব ভূরাজনীতি অনেক সময় কল্পনাকেও ছাড়িয়ে যায়। টম ক্ল্যান্সির লেখা থেকে নির্মিত সিরিজের প্রথম সিজন মুক্তি পায় ২০১৮ সালে।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
184-02 Hillside Ave, 1st Fl, Jamaica, NY 11432
Jackson Heights Office
37-18 74th St, Suit 203, Jackson Heights, NY 11372

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

## ছাব্বিশ হোক গণতন্ত্র প্রতিষ্ঠার বছর

৬ পৃষ্ঠার পর

জিয়ার শারীরিক অবস্থা। আর প্রশ্ন ছিল তারেক জিয়া কেন আসছেন না? কবে আসবেন? আসলেই কি আসবেন? কেন একক সিদ্ধান্তে তিনি দেশে আসতে পারছেন না বলে জানালেন ইত্যাদি। নভেম্বর গড়িয়ে ডিসেম্বর এলো। আমাদের মহান স্বাধীনতা যুদ্ধ শেষে ১৬ ই ডিসেম্বর দখলদার পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করেছিল বিধায় জাতীয় জীবনে এটি নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ দিন এবং এই দিনটির কারণে ডিসেম্বর অতি গুরুত্বপূর্ণ মাস। একাত্তরের ১৪ই ডিসেম্বর এদেশের বুদ্ধিজীবীদের হত্যা করা হয়। স্বাধীনতার যুদ্ধে ডিসেম্বর মাস জুড়ে বহু মুক্তিযোদ্ধা ও সাধারণ বাঙালি শাহাদাত বরণ করেন বলে এই মাসে দেশবাসী বিজয়ের সাথে স্বজন হারানোর বেদনাও অনুভব করে। এবছর এই বেদনাকে বাড়িয়ে দিয়েছে জুলাই বিপ্লবের সম্মুখ সারির অগ্রসৈনিক শহীদ ওসমান শরীফ হাদীর শাহাদাত বরণ। ১২ই ডিসেম্বর শুক্রবার জুমার নামাজের পর তার মাথায় গুলি করে কিছুদিন আগে জেল থেকে ছাড়া পাওয়া এক চিহ্নিত ও দুর্ধর্ষ সন্ত্রাসী। ৭ দিন পর ১৯ ডিসেম্বর তারিখে সিঙ্গাপুরে চিকিৎসারত অবস্থায় ওসমান শরীফ হাদী শাহাদাত বরণ করেন। পরদিন ২০শে ডিসেম্বর তারিখে অবসরপ্রাপ্ত এয়ার ভাইস মার্শাল এ কে খন্দকার বীরউত্তমের নীরব মৃত্যু। ১৬ই ডিসেম্বরের আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশ বাহিনীর উপপ্রধান সেনাপতি রূপে উপস্থিত ছিলেন। তবে তার দেওয়া কিছু বক্তব্য এবং তার লেখা বইয়ের কিছু অংশের সাথে একমত না হওয়ায় বিগত সরকারের আমলে তাকে কোণঠাসা করা হয় এবং কেবল আওয়ামী লীগই নয়, রাজনীতি থেকেই একপ্রকার নির্বাসনে পাঠানো হয়েছিল। অন্যদিকে সুদানে কর্মরত জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে কর্মরত বাংলাদেশ সেনাবাহিনীর ৬ জন সদস্য বিদ্রোহী গোষ্ঠীর আকস্মিক ড্রোন আক্রমণে প্রাণ হারায়। এমন বেদনাবিধুর ঘটনাসমূহের পর ২৫ ডিসেম্বর তারিখে সপরিবারে লন্ডন থেকে ঢাকায় ফিরেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তার তার দেওয়া বক্তব্য এবং আই হ্যাভ এ প্ল্যান শীর্ষক স্লোগান কেবল দলীয় নেতাকর্মীদের নয়, সাধারণ মানুষের মাঝেও ব্যাপক আশার সঞ্চার করে।

অনেকেই তারেক জিয়ার নিরাপত্তার জন্য যাবতীয় আয়োজন নিয়ে কথা তুলেছেন। তবে তাদের মনেরাখতে হবে ২০০৭ সালের এমন ডিসেম্বরের ২৭ তারিখে নির্বাসন থেকে ফিরে আসা পাকিস্তানের তৎকালীন রাজনীতিবিদ বেনজির ভুট্টো রাওয়াল পিন্ডিতে নির্বাচনী জনসভা শেষে গাড়িতে ফেরার মুহূর্তে বোমা হামলায় তাৎক্ষণিক হত্যাকাণ্ডের শিকার হন। ১৯৮৩ সালের ২১ শে আগস্ট ফিলিপাইনের ক্ষমতাসীন প্রধানমন্ত্রী ফার্দিনান্দ মার্কোসের আমলে নির্বাসন থেকে দেশে ফেরা তার প্রতিদ্বন্দ্বী বেনিগ্নো সিনয় একুইনো জুনিয়র বিমান থেকে নামামাত্র বিমানবন্দরেই সরকারি এজেন্টদের গুলির আঘাতে প্রাণ হারান। রোমকে ধরা হয় প্রাচীন রাষ্ট্র ব্যবস্থার আঁতুড়ঘর। ৬৯ খ্রিস্টাব্দ থেকে ১২০৫ খ্রিস্টাব্দের মধ্যে রোম সাম্রাজ্যের ৮ জন সম্রাট এই ডিসেম্বর মাসেই হত্যাকাণ্ডের শিকার হন। এছাড়াও নরওয়ের রাজা হেরাল্ড গিল, সুইডেনের রাজা প্রথম সেভারকার, স্পেনের প্রধানমন্ত্রী জন প্রিম, পর্তুগালের রাষ্ট্রপতি সিদনিও পেইস, পোল্যান্ডের রাষ্ট্রপতি গ্যাব্রিল নারুতোভিজ, মিশরের প্রধানমন্ত্রী মাহমুদ নক্রাশী পাশা, ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবিবি আরিজাল, স্পেনের আরেক প্রধানমন্ত্রী লুইস কারিরো ব্লেনকো এবং কারগিজস্তানের প্রধানমন্ত্রী ইব্রাহিম সুলতান ইব্রাহিমভ বিভিন্ন বছরে এই ডিসেম্বর মাসে হত্যাকাণ্ডের শিকার হন। তাই বছরের শেষ মাসটি কেটেছে অজানা আশঙ্কা নিয়ে।

বছরটি শেষ হতে যখন ৪৮ ঘণ্টা বাকি, তখন সবার হৃদয় বিদীর্ণ করে খবর এলো ৩০ ডিসেম্বর সকাল ছটায় সবাইকে কাঁদিয়ে এক গৌরবময় জীবনের ইতি টেনেছেন বেগম খালেদা জিয়া। যে মানুষটিকে এতিমের টাকা আত্মসাৎ কারী বলে অপবাদ দেওয়ার চেষ্টা চলছিল ১৫ বছর ধরে, সেই মানুষটিকে আসল একজন সৎ ও খাঁটি দেশপ্রেমিক রাজনীতিবিদ হিসেবে মানুষ কতটা শ্রদ্ধাভরে ভালবাসে তা দেখানোর জন্যই স্রষ্টা যেন তাকে এই আটটি দশক বাঁচিয়ে রেখেছিলেন। তাকে সরাসরি জেলখানায় হত্যা করা না হলেও উপযুক্ত চিকিৎসা বঞ্চিত করে এবং পরিবার-পরিজন থেকে সম্পূর্ণ আলাদা রেখে তিলে তিলে তাকে হত্যার সব প্রচেষ্টায় চালিয়েছিল বিগত সরকার। এই মহীয়সী নারী সম্পর্কে আরেক নারী রাজনীতিবিদ শেখ হাসিনা যে কদর্য ভাষায় প্রকাশ্যে বক্তব্য দিয়েছিলেন, ঘৃণাভরে তা প্রত্যাখ্যান করেছে সর্বমহল। অন্যদিকে ৫ ই আগস্টে শেখ হাসিনা পালিয়ে গেল বেগম খালেদা জিয়া তার সম্পর্কে কোন প্রকার কটূক্তি করেননি। এই ঘটনা এমনকি তার সুযোগ্য উত্তরসূরী তারেক জিয়া জানাযা পূর্ববর্তী সংক্ষিপ্ত বক্তব্যে একজন খাঁটি মুসলমান ও পুত্র রূপে কেবল তার মার পক্ষে ক্ষমা চেয়েছেন এবং কোন ঋণ থাকলে তা পরিশোধের ওয়াদা করেছেন। একটি বারও তিনি শেখ হাসিনার কূটকৌশল কিংবা তার মার প্রতি অবিচারের কথা প্রকাশ করেননি। এভাবেই যোগ্য পিতামাতার যোগ্য সন্তান রূপেই তারেক জিয়া আবির্ভূত হলেন। জীবনের ঝুঁকি নিয়ে এবং সব লোভ লালসা ও স্বার্থপরতাকে উপেক্ষা করে বেগম জিয়ার সেবায় নিজেকে নিঃস্বার্থভাবে উজাড় করে দিয়ে একজন ফাতেমা মানুষের প্রতি মানুষের ভালোবাসার এক নতুন উদাহরণ তৈরি করেছেন। আর সেই উদাহরণকে যথাযোগ্য সম্মান জানিয়ে তারেক জিয়া ও তার পরিবার ফাতেমাকে নিজেদের পরিবারের সদস্য হিসেবে স্বীকৃতি দিয়ে সৃষ্টি করেছেন আরেক মহান উদাহরণ।

বেগম খালেদা জিয়ার জানাযায় কয়েক লাখ মানুষের উপস্থিতি ও স্মরণকালের বৃহত্তর সমাবেশ প্রমাণ করেছে যে দেশপ্রেমিক এবং সৎ মানুষকে এদেশের মানুষ এবং বিশ্ব সমাজ শ্রদ্ধা করতে জানে। এ থেকে আগামীদিনের রাজনীতিবিদরা যথাযথ শিক্ষা নেবেন বলেই প্রত্যাশিত। বাংলায় একটি প্রবাদ আছে 'যায় দিন ভালো'। নানা কারণে ডিসেম্বর মাস আমাদের জন্য সুখকর হয়েছে বলে দাবি করা যায় না। একসময় শীত মৌসুমকে কেন্দ্র করে মেলা, যাত্রা, নাটক, সাংস্কৃতিক অনুষ্ঠান, সার্কাস, পুতুল নাচ প্রভৃতির আসর বসতো। জোরেসোরে চলতো পীর আউলিয়ার স্মরণে মাজারকেন্দ্রিক ওরস ও মেলা, কাওয়ালির আসর, ওয়াজ ও দোয়ার মাহফিল, সশব্দ জিকির আসকার প্রভৃতি। বিশ্ব ইজতেমাকে কেন্দ্র করে তাবলীগ প্রিয় দেশ-বিদেশের লাখো মুসল্লির সমাবেশ হতো ঢাকার অদূরে টঙ্গীতে। বছর শেষে এসব আয়োজনে এবছর ভাটা পড়েছিল। কারণ যাই হোক, মানুষ একসাথে হয়ে কোন কিছু উপভোগ করার আগ্রহ যেন হারিয়ে ফেলেছে। তার বিপরীতে লক্ষ মানুষের সমাবেশ ঘটেছিল ১৭ বছর পর তারেক জিয়ার স্বদেশ প্রত্যাবর্তনকে কেন্দ্র করে। অথচ বেগম খালেদা জিয়া যখন দুটি বালু ট্রাক এর কারণে ঘর থেকে বের হতে পারছিলেন না, তখন তা সরাতে কোন মানুষ খুঁজে পাওয়া যায়নি। রাজনীতির এই বাস্তবতাকে মাথায় রেখেই তারেক জিয়া দেশ ও জনগণের জন্য তার পরিকল্পনা সাজিয়েছেন এমনটাই প্রত্যাশা করছি। আরো প্রত্যাশা করছি সততা ও দেশপ্রেমের যে মশাল বেগম খালেদা জিয়া জ্বালিয়ে গেছেন, তা অনির্বাণ শিখা হয়ে প্রজ্বলিত থাকুক সেই মশাল। ২০২৬ হোক বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে সফল একটি বছর এবং বিশ্বের দরবারে এবং গণতন্ত্রের ইতিহাসে বাংলাদেশের নাম স্বর্ণাক্ষরে লেখারমতো একটি উপলক্ষ।

লেখক: অবসরপ্রাপ্ত মেজর, গবেষক, বিশ্লেষক ও কলামিস্ট।

## এবারের প্রাইজমানি ৭ কোটি ৫০ লাখ ডলার!

৫২ পৃষ্ঠার পর

অস্ট্রেলিয়ান ডলারের তুলনায় ১৬ শতাংশ বেশি। প্রথম রাউন্ডে হেরে যাওয়া খেলোয়াড়রা পাবেন ১ লাখ ৫০ হাজার অস্ট্রেলিয়ান ডলার (প্রায় ১ লাখ ৭৫০ মার্কিন ডলার)। এমনকি বাছাইপর্বের প্রথম রাউন্ড থেকে বিদায় নেওয়া খেলোয়াড়দের জন্যও থাকছে ৪০ হাজার ৫০০ অস্ট্রেলিয়ান ডলার তথা প্রায় ২৭ হাজার ২০০ মার্কিন ডলার পুরস্কার। টুর্নামেন্ট ডিরেক্টর ক্রেইগ টাইলি বলেছেন, এই সিদ্ধান্ত টেনিস অস্ট্রেলিয়ার প্রতিশ্রুতিরই প্রতিফলন। যার লক্ষ্য সব স্তরের খেলোয়াড়দের ক্যারিয়ারকে সহায়তা করা। তার ভাষায়, '২০২৩ সাল থেকে বাছাইপর্বের প্রাইজমানি ৫৫ শতাংশ বাড়ানোর পাশাপাশি খেলোয়াড়দের সুযোগ-সুবিধা উন্নত করা হয়েছে। এর মাধ্যমে আমরা নিশ্চিত করছি, পেশাদার টেনিস যেন সব প্রতিযোগীর জন্য টেকসই হয়।' আগামী ১৮ জানুয়ারি মেলবোর্ন পার্কে পর্দা উঠবে অস্ট্রেলিয়ান ওপেনের। শিরোপা ধরে রাখার লড়াইয়ে নামবেন ইয়ানিক সিনার ও ম্যাডিসন কিস।

## বৈশ্বিক অস্থিরতার নাভিকেন্দ্র হয়ে উঠেছে ভেনিজুয়েলা

১২ পৃষ্ঠার পর

যাচ্ছে, ভেনিজুয়েলা 'কোকেন' নামক মাদক উৎপাদনও করে না এবং মার্কিন দেশে রপ্তানিও করে না। ভুয়া অভিযোগ তুলে একটি স্বাধীন সার্বভৌম দেশের প্রেসিডেন্ট ও তার স্ত্রীকে হামলা চালিয়ে তুলে নিয়ে গিয়ে যে দৃষ্টান্ত স্থাপন করা হলো তা খুবই জঘন্য এবং নিন্দনীয়। এর আগে প্রায় একই ধরনের অভিযোগ তোলা হয়েছিল পানামার প্রেসিডেন্ট নোরিয়েগার বিরুদ্ধে। নোরিয়েগাকেও তুলে নেওয়া হয় এবং মার্কিন বিচারালয়ে বিচার করে ১৮ বছরের কারাদণ্ড দেওয়া হয়। কারাদণ্ডের মেয়াদ শেষে নোরিয়েগা পানামায় ফিরে আসেন এবং ২০১৭ সালের ২৯ মে পানামায় মৃত্যুবরণ করেন। নোরিয়েগার প্রায় অনুরূপ ঘটনা ঘটানো হলো মাদুরোর ক্ষেত্রেও। মাদুরোকে তুলে নেওয়া সম্পর্কে প্রবীণ মার্কিন সিনেটর বার্নি স্যান্ডার্স বলেছেন, 'আন্তর্জাতিক আইনের এ নির্লজ্জ লঙ্ঘন পৃথিবীর যে কোনো দেশকে অন্য কোনো দেশে হামলা চালাতে, অন্যের সম্পদ দখল করতে কিংবা সরকার পরিবর্তনের চেষ্টা করতে সবুজসংকেত দিচ্ছে। তিনি আরও বলেন, কংগ্রেসের অনুমোদন ছাড়া সামরিক অভিযান চালানো যুক্তরাষ্ট্রের সংবিধানের সুস্পষ্ট লঙ্ঘন। একই সঙ্গে জাতিসংঘের সনদ অনুযায়ী কোনো সার্বভৌম রাষ্ট্রের বিরুদ্ধে একতরফা সামরিক আগ্রাসন আন্তর্জাতিক আইনেরও পরিপন্থি, বার্নি স্যান্ডার্স তার বক্তব্যে যুক্তরাষ্ট্রের লাতিন আমেরিকায় হস্তক্ষেপের দীর্ঘ ইতিহাসের কথাও স্মরণ করিয়ে দেন। তিনি বলেন , 'এ বিষয়ে কোনো ভুল ধারণার সুযোগ নেই-এটাই নয়া সাম্রাজ্যবাদ। এটি লাতিন আমেরিকায় যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপের ইতিহাসের সবচেয়ে অন্ধকার অধ্যায়গুলোর কথা মনে করিয়ে দেয়, যার ভয়ানক উত্তরাধিকার আজও রয়ে গেছে।'

বার্নি স্যান্ডার্সের বক্তব্যের আলোকে একথা বলা যায়, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জেমস মনরো ১৮২৩ সালে ঘোষণা করেন, লাতিন আমেরিকায় ইউরোপীয় হস্তক্ষেপ চলবে না, বিনিময়ে যুক্তরাষ্ট্র ইউরোপীয় বিষয়াদিতে হস্তক্ষেপ করবে না। এ ঘোষণা অনুযায়ী পশ্চিম গোলার্ধভুক্ত দেশগুলোতে মার্কিন কর্তৃত্ব প্রতিষ্ঠা করা হয়। লাতিন আমেরিকা পরিণত হয় মার্কিন যুক্তরাষ্ট্রের একক আঙিনায়। এ ঘোষণা অনুযায়ী, যুক্তরাষ্ট্র কর্তৃক সম্প্রসারণবাদী নীতি ও হস্তক্ষেপকে ন্যায্যতা প্রদান করা হয়, কিন্তু একইসঙ্গে লাতিন আমেরিকার দেশগুলোর সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের বিরোধ তীব্র আকার ধারণ করে। ভেনিজুয়েলার জনগণের এ হামলা করে মার্কিন যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক আইনে প্রতিষ্ঠিত নিয়মাবলি ও আচার আচরণকে চরমভাবে লঙ্ঘন করেছে। এর ফলে যে খারাপ নজির স্থাপিত হলো, তা একবিংশ শতাব্দীর পৃথিবীকে অস্থির করে তুলবে। অন্য শক্তিধর রাষ্ট্রগুলো যদি মার্কিন যুক্তরাষ্ট্রের পদাঙ্ক অনুসরণ করে, তাহলে আমাদের এ পৃথিবী নরককুণ্ডে পরিণত হবে।

